


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৭০ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 1 November, 2023 ■ আগরতলা ১ নভেম্বর ২০২৩ ইং ■ ১৪ কার্ত্তিক, ১৪৩০ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে অডিট রিপোর্টে আর্থিক অসঙ্গতির তথ্য ঘিরে চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।।** ২০২২-২৩ শিক্ষাবর্ষের জন্য ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ গুণমান নিশ্চিতকরণ সেল দ্বারা প্রস্তুত করা প্রশাসনিক নিরীক্ষা কমিটির রিপোর্ট প্রতিষ্ঠানের আর্থিক বিষয়গুলির বিভ্রান্তিকর অবস্থা প্রকাশ করেছে ইতিমধ্যেই। ডাঃ দীপক শর্মার নেতৃত্বে তিন সদস্যের একটি কমিটি তৈরি করা হয়েছিল। সেই কমিটি ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের আর্থিক ক্রিয়াকলাপের ধারাবাহিক ত্রুটিগুলি চিহ্নিত করেছেন। ডক্টর শর্মা ছাড়াও কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন অধ্যাপক ডব্লিউ সি সিং, রেজিস্ট্রার মণিপুর ইউনিভার্সিটি এবং সিএমএ ডক্টর বিবি মিশ্রমা, ফিনান্স অফিসার




তেজপুর ইউনিভার্সিটি।

সেই রিপোর্টে জানানো হয়েছে, ২০১৭ সাল থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত পণ্য ও পরিষেবা বিল থেকে জিএসটি-তে টিডিএস কাটা হয়নি যা জিএসটি আইন অনুসারে বাধ্যতামূলক। একইভাবে, বিশ্ববিদ্যালয়ের গেস্ট হাউসে থাকার খরচ এবং ছাত্রদের কাছ থেকে ফি সংগ্রহের জন্য জিএসটি সংগ্রহ করা হচ্ছে না। কমিটি তার সুপারিশে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সমস্যাগুলি সমাধান করার এবং সমস্ত পরিষেবার জন্য জিএসটি চালান চালু করার পরামর্শ দিয়েছে।

বিশ্ববিদ্যালয়ে চলমান বিভিন্ন প্রকল্পের ক্ষেত্রে, প্রতিবেদনে তহবিল ব্যবহারের ক্ষেত্রে অসঙ্গতি উল্লেখ করা হয়েছে ওই রিপোর্টে। ব্যালেন্স শীটে দেখানো ব্যালেন্সের পরিমাণ, বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ সফওয়্যারে পৃথক প্রজেক্ট লেজার এবং ফান্ডিং এজেন্সিগুলিতে জমা দেওয়া ইউটিলাইজেশন সার্টিফিকেট আলাদা রয়েছে বলেও ওই রিপোর্টে বলা হয়েছে। কমিটি এসব সমস্যা সমাধানের জন্য যথাযথ সমঝোতা করার পরামর্শ দিয়েছে বিশ্ব বিদ্যালয়কে ইতিমধ্যেই।

রিপোর্টে আরও উল্লেখ করা হয়েছে, যে প্রশাসনিক অডিট পরিচালনার সময় অভ্যন্তরীণ অডিট রিপোর্ট পাওয়া যায়নি। কমিটি গ্রিন, ওয়েস্ট এবং এনার্জি অডিটের পাশাপাশি নিয়মিতভাবে এ ধরনের অডিট করার জন্য বিশ্ববিদ্যালয়কে সুপারিশ করেছে। অর্জিত ছুটি এনক্যাশমেন্ট এবং ছুটি ভ্রমণ ছাড়ের ক্ষেত্রেও কিছু ত্রুটি খুঁজে পাওয়া গেছে। ইএল নগদকরণ, এলটিসি এবং শিশু শিক্ষা ভাতা কাটা হচ্ছে না এবং ফর্ম ১৬ তে এর কোনো উল্লেখ নেই বলেও ওই রিপোর্টে জানানো হয়েছে। এই অনিয়মের সুপারিশ কলামে, কমিটি বলেছে যে আয়কর নিয়ম অক্ষরে অক্ষরে অনুসরণ করতে হবে।

প্লেসমেন্ট ফান্ডের অনুপলব্ধতা, পরামর্শ ফি, বিপরীত চেক ইত্যাদির মতো বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় ওই রিপোর্টে চিহ্নিত করা হয়েছে। কমিটি বিশ্ব বিদ্যালয়কে এই বিষয়ে অবিলম্বে ব্যবস্থা ☞ ৬ এর পাতায় দেখুন

## ডাক্তার বদলির প্রতিবাদে স্বাস্থ্যকেন্দ্রে তালা!



**নিজস্ব প্রতিনিধি, লংতরাইভ্যালী, ৩১ অক্টোবর।।** মঙ্গলবার ডাক্তার বদলির প্রতিবাদে স্বাস্থ্যকেন্দ্রে তালা ঝুলালো এলাকাবাসীরা। ঘটনাটি ঘটেছে লংতরাইভ্যালী মহকুমার মাছলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। স্বাস্থ্যকেন্দ্রের বর্তমান ডাক্তার জগত চাকমাকে বদলির প্রতিবাদে থানায় তালা ঝুলিয়ে বিক্ষোভ দেখায় এদিন স্থানীয়রা। স্থানীয়দের দাবি, স্বাস্থ্যকেন্দ্রটি এমনিতেই বিভিন্ন সমস্যায় জর্জরিত। তার মধ্যে স্বাস্থ্য কেন্দ্রের ডাঃ জগত চাকমাকে বদলি করে দেওয়া হচ্ছে অন্যত্র। এর ফলে গ্রামের মানুষ বিপাকে পড়বেন বলে জানিয়েছেন তারা।

গ্রামের যেকোনো বাসিন্দা অসুস্থ হলে এই স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসা হয় প্রাথমিক চিকিৎসার জন্য। এখানে যদি ডাক্তার না থাকে তাহলে চরম অসুবিধায় পরতে হবে প্রত্যেকেই।তাই কোনোভাবেই ডাঃ জগত চাকমাকে বদলি করা যাবে না বলে এদিন বিক্ষোভ দেখিয়েছেন এলাকাবাসীরা।

এদিকে ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গেছেন এসডিএমও পল ডারলং। যদিও তিনি এই বিষয়ে ব্যবস্থা গ্রহন করার আশ্বাস দিলে অবরোধ মুক্ত হয় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি।☞ ৬ এর পাতায় দেখুন

## সেলফি তুলতে গিয়ে দুর্ঘটনা

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৩১ অক্টোবর।।** আধুনিক প্রজন্ম নিজের জীবনের সতর্কতার চেয়ে আধুনিক জীবনের দুর্ধর্ষ্যতাকে বেশি পরিমাণে পছন্দ করতে গিয়ে নিজের বিপদ নিজেরাই ডেকে আনছে।

মঙ্গলবার সাতসকালে ধর্মনগর অগ্নি নির্বাপক দপ্তরে একটি ফোন আসে, বড়ুয়াকান্দিতে বিকল্প জাতীয় সড়কটি তৈরি হয়েছে তাতে একটি দুর্ঘটনা ঘটেছে। অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা সেখানে গিয়ে দেখে একটি স্কুটি, একটি ই রিক্সাকে পেছন থেকে ধাক্কা দিয়ে দুর্ঘটনার শিকার হয়ে ক্ষতবিক্ষত অবস্থায় স্কুটির চালক পড়ে আছে। স্কুটিটির নাম্বার টি আর০৫-ই-৬৯৬৩ এবং এবং যে ই-রিক্সাকে পেছনদিকে☞ ৬ এর পাতায় দেখুন

## অপারেশন পদক রাজ্য পুলিশের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।।** "স্বরাষ্ট্রমন্ত্রীর বিশেষ অপারেশন পদক পুরস্কার ২০২৩" পাচ্ছেন ত্রিপুরার দুই পুলিশ কর্মী। তাদের নাম যথাক্রমে নন্দন দাস(ইন্সপেক্টর), এইচ ডারলং( সাব-ইন্সপেক্টর)।

গত ২রা এপ্রিল ২০২২ সালে এক বিশেষ অপারেশনের জন্য দুই পুলিশকর্মীকে এই পুরস্কারে পুরস্কৃত করা হচ্ছে। স্বরাষ্ট্র দপ্তরের তরফে এক বিবৃতিতে এই খবর জানানো হয়েছে। ☞ ৬ এর পাতায় দেখুন

### 'মেরি মাটি মেরা দেশ' সমাপ্তি অনুষ্ঠানে

## ভারতকে উন্নত রাষ্ট্রে পরিণত করার জন্য নতুন যাত্রার আহ্বান প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ৩১ অক্টোবর (হি.স.)।।** মঙ্গলবার, কর্তব্যের পথে "মেরি মাটি মেরা দেশ" প্রচারের সমাপ্তিতে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে বলেন, "আজাদি কা অমৃত মহোৎসব"-এর সমাপ্তির সাথে, আসুন আমরা "অমৃত কাল" শুরু করি। ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তুলতে যাত্রা শুরু করুন। এদিনের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী "অমৃত মহোৎসব স্মৃতিসৌধ ও অমৃত বাটিকা"-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি দেশের যুবকদের জন্য "আমার যুব ভারত " (মাই ইন্ডিয়া) প্ল্যাটফর্মও চালু করেছিলেন।

সারা দেশ থেকে এই কর্মসূচিতে অংশ নেওয়া হাজার হাজার অমৃত কলস যাত্রীদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, সর্দার প্যাটেলের জন্মবার্ষিকীতে আমরা সকলেই কর্তব্যের পথে একটি ঐতিহাসিক "মহাযজ্ঞ" প্রত্যক্ষ করছি। মহাত্মা গান্ধীর অনুপ্রেরণায় ১২ মার্চ, ২০২১-এ সবরমতি আশ্রম থেকে শুরু হওয়া স্বাধীনতার অমৃত মহোৎসব এখন সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকীতে ৩১



অক্টোবর, ২০২৩-এ শেষ হতে চলেছে। তিনি বলেন, দেশবাসী যেভাবে ডান্ডি মার্চে যোগ দিয়েছিলেন, একইভাবে স্বাধীনতার অমৃত মহোৎসবে এত বিপুল জনসমাগম দেখে নতুন ইতিহাস তৈরি হয়েছে। ৭৫ বছরের এই যাত্রা একটি সমৃদ্ধ ভারতের স্বপ্ন বাস্তবায়নের সময় হয়ে উঠছে। মোদী বলেন, আজাদি কা অমৃত মহোৎসবের সময় ভারত অনেক ঐতিহাসিক সাফল্য অর্জন করেছে। এই সময় চন্দ্রযান মিশনের সফল অবতরণ, বন্দে ভারত ট্রেন এবং ভারত পঞ্চম বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার উদাহরণ দেন।

প্রধানমন্ত্রী বলেন, মেরি মাটি মেরা দেশ প্রচারের মধ্য দিয়ে এই উৎসবের সমাপ্তি হচ্ছে। আজ স্বাধীনতার অমৃত মহোৎসবের জন্য একটি স্মৃতিসৌধের ভিত্তিপ্রস্তরও স্থাপন করা হয়েছে। এই স্মৃতিসৌধ সর্বদা ভবিষ্যৎ প্রজন্মকে এই ঐতিহাসিক ঘটনার কথা মনে করিয়ে দেবে। তিনি বলেন, আজ আমার যুব ভারত সংগঠন অর্থাৎ মাই ইন্ডিয়ার ভিত্তি স্থাপন করা হয়েছে। আমার যুব ভারত সংস্থা ২১ শতকে জাতি গঠনে বিশাল ভূমিকা পালন করতে চলেছে। "মেরি মাটি মেরা দেশ" প্রচারাভিযান ভারতের যুবকরা কীভাবে একত্রিত হতে পারে এবং প্রতিটি লক্ষ্য অর্জন করতে পারে তার প্রত্যক্ষ উদাহরণ।

তিনি বলেন, এখানে যে অমৃত কলস এসেছে তার প্রতিটি মাটির কণা অমূল্য। এই মাটি আমাদের উন্নত ☞ ৬ এর পাতায় দেখুন

## জাতীয় সড়ক চার লেনের কাজ দ্রুত শুরু করার দাবি জানালেন মুখ্যমন্ত্রী

### গুয়াহাটিতে জাতীয় সড়ক প্রকল্প সভা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।।** ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গুরুত্ব আরোপ করেছেন। সেই সাথে চুড়াইবাড়ি-আগরতলা ৮ নং জাতীয় সড়কটিকে ৪ লেন করার কাজও দ্রত শুরু করার দাবি জানান মুখ্যমন্ত্রী। গতকাল সন্ধ্যায় গুয়াহাটির হোটেল র‍্যাডিসন ব্লুতে অনুষ্ঠিত উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন জাতীয় সড়ক প্রকল্পগুলি নিয়ে এক পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী এই দাবি উপস্থাপন করে বলেন, ত্রিপুরার জীবনরেখা বলে পরিচিত চুড়াইবাড়ি-আগরতলা ৮ নং জাতীয় সড়কটিকে ইতিমধ্যেই ৪ লেন বিশিষ্ট জাতীয় সড়কে উন্নীত করার ঘোষণা দেওয়া হয়েছে। এই জাতীয় সড়কের চম্পকনগর থেকে খয়েরপুর পর্যন্ত অংশে ৪ লেনের কাজও শুরু হয়েছে। সভায় মুখ্যমন্ত্রী এই জাতীয় সড়কের সম্পর্ণ অংশেও ৪ লেন করার কাজ দ্রত শুরু করার উপর গুরুত্ব আরোপ করেছেন। পর্যালোচনা সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রী নীতিন গড়করি। তাছাড়াও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক প্রতিমন্ত্রী




জেনারেল ভি কে সিং (অবসরপ্রাপ্ত), এনএইচআই ডিসিএল-এর ম্যানেজিং ডাইরেক্টর, উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের প্রতিনিধিগণ।

পর্যালোচনা সভায় ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে জাতীয় সড়ক সম্পর্কিত বিভিন্ন প্রকল্পের অনুমোদনের জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, গত ৯ বছরে রাজ্যে জাতীয় সড়কের দৈর্ঘ্য ৫০৯ কিমি থেকে বেড়ে ৯১৪ কিমি হয়েছে। জাতীয় সড়ক উন্নয়ন সম্পর্কিত ৩১টি প্রকল্পে মোট ৯০৩৪ কোটি টাকা মঞ্জুর হয়েছে। তারমধ্যে এনএইচআইডিসিএল ও রাজ্য পূর্ত দপ্তরের মাধ্যমে ১৬টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। এতে ৩৯৭৭ কোটি টাকা ব্যয়ে ৩৮৩ কিমি সড়কের কাজ হয়েছে। বর্তমানে ১৫টি প্রকল্পে ৫০৫৭ কোটি টাকা ব্যয়ে ২২৫ কিমি রাস্তা নির্মাণের কাজ চলছে। তারমধ্যে ৩১ ডিসেম্বর ২০২৩-এর মধ্যে ৮টি প্রকল্পের কাজ শেষ হওয়ার কথা। এই ৮টি প্রকল্পই এনএইচআইডিসিএল-এর মাধ্যমে রূপায়িত হচ্ছে।

পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, ত্রিপুরার সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে আরও ২৬৫ কিমি সড়ক নির্মাণের প্রকল্প অনুমোদনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।☞ ৬ এর পাতায় দেখুন

### পাচার বাণিজ্যের খেসারত

## বক্সনগরে চিনির সংকট, চড়া দাম

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ৩১ অক্টোবর।।** সোনামুড়া মহকুমার, তিন দিক দিয়ে বাংলাদেশ ঘেঁষে সীমান্তবর্তি গ্রাম অবস্থিত। ধনপুর, সোনামুড়া, বক্সনগর, বিধানসভা ক্ষেত্র। গোটা মহকুমার সীমান্তবর্তী গ্রাম গুলির অধিকাংশ লোকই এপার, ওপার,পাচার বাণিজ্যে সঙ্গে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ভাবে জড়িত রয়েছে। ইদানিং তিন চার মাস ধরে বক্সনগর এলাকা রহিমপুর, পুটিয়া, মধ্য বক্সনগর, পশ্চিম পাড়া, নগর কলসি মুড়া, উত্তর কলম চৌড়া,প্রতি দিন রাতের অন্ধকারে পাঁচ /৭ /বড় লরি বুঝায় চিনি বাংলাদেশে পাচার হচ্ছে। চিনি গুলি অভিনব কাঁদায় তারকাটা বেড়ার উপর দিয়ে, সিঁড়ি এবং মই পাট্টা লাগিয়ে,এপার থেকে ওপারে বাজার করছে। সারারাত্র লেবার চিনি পাচারের সঙ্গে জড়িত। প্রতিদিন টনেটনে চিনি কিভাবে আগরতলা বিশালগড় হয়ে বক্সনগর এলাকায় আসছে তা প্রশাসনের দৃষ্টি গুছিরে থাকলেও কিন্তু তার কোন প্রশাসনিক চত্তরতা নেই। বাংলাদেশে ১ কেজি চিনির দাম ১৫০ টাকা কোথাও ১৪০ টাকা সেজন্য আমাদের বাজার গুলিতে চিনি র সংকট খুচরা মূল্য বক্সনগর এলাকা এক কেজি চিনি ৫৫ থেকে ৬০ টাকা বিক্রি করছে। সবচেয়ে বড় এবং অসহায় দুঃখের কাহিনী বললেন বক্সনগর এর মিষ্টির দোকানদাররা তাদের কাছে দু বস্তা চার বস্তা চিনি বিক্রি করে না। কারণ কারণ হিসেবে জিজ্ঞেস করলে বলে আপনারা তো আমাদের ৫৫ টাকা ৬০ টাকা ধরে চিনি দেবেন না আমরা পাইকারি বিক্রি করতে পারি চার হাজার টাকা ৪২০০ টাকা প্রতি কুইন্টাল। চিনি গোডাউনে থাকলেও ব্যবসায়ীরা বলে দেন আমাদের কাছে চিনি নেই। অথচ গোডাউনে তো পর্যাপ্ত পরিমাণ চিনি আছে, কিন্তু দাম কম দেবে বলে, চিনি গুলি তাদের কাছে বিক্রি করে না, এরকম অভিযোগ বক্সনগর এলাকার মিষ্টির দোকানীরা সাংবাদিকের নিকট,বলে গন মাধ্যমে বিষয়টি সরকারের দৃষ্টি গুচরে তুলে ধরতে চাচ্ছে। তাছাড়া বক্সনগর এলাকা ছোট ছোট মুদি দোকানগুলি ৫০ কেজি ২০ কেজি ১০০ কেজি চিনিক্রয় করতে গেলেও তাদের নিকট চিনি বিক্রি করে না বক্সনগরের বড় বড় ব্যবসায়ীরা। শুধু চিনি নয় বক্সনগর এলাকা অনেকগুলি মুদির দোকানে যে রকম পেঁয়াজ ডাল তেল অন্যান্য পণ্য সামগী আকাশছোঁয়া দাম বিক্রি করছে,সাধারণ মানুষের ☞ ৬ এর পাতায় দেখুন


### ভারতের অর্থে বাংলাদেশের ৩টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন আজ

## ভার্চুয়েলে থাকবেন দু'দেশের প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।।** ভারত সরকারের অর্থানুকূল্যে বাংলাদেশে তিনটি উন্নয়ন প্রকল্পের আগামীকাল ১ নভেম্বর উদ্বোধন হবে। সকাল এগারটায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি ওই প্রকল্পগুলির উদ্বোধন করবেন। তিনটির প্রকল্পের মধ্যে আগরতলা-আখাউড়া রেল সংযোগ, খুলনা --- মংলা রেল লাইন এবং মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্টের ইউনিট-জ্জজ্জ রয়েছে।

ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক(ডা.) মানিক সাহা সচিবালয়ে ভার্চুয়ালি ওই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

আখাউড়া-আগরতলা রেল সংযোগ প্রকল্পটি বাংলাদেশের অংশে ৩৯২.৫২ কোটি টাকা ভারত সরকারের অনুদান সহায়তার অধীনে সম্পাদিত হয়েছে। বাংলাদেশে ৬.৭৮ কিলোমিটার ডুয়েল গেজ রেললাইন এবং ত্রিপুরায় ৫.৪৬ কিমি সহ রেল সংযোগের দৈর্ঘ্য ১২.২৪ কিমি।



খুলনা-মংলা বন্দর রেললাইন প্রকল্পটি ভারত সরকারের কনসেশনাল লাইন অফ ক্রেডিট-এর অধীনে বাস্তবায়িত হয়েছে। ওই প্রকল্পে মোট ৩৮৮.৯২ মিলিয়ন মার্কিন ডলার খরচ হয়েছে। এই প্রকল্পে মংলা বন্দর এবং খুলনায় বিদ্যমান রেল নেটওয়ার্কের মধ্যে প্রায় ৬৫ কিলোমিটার ব্রডগেজ রেলপথ নির্মাণ কাজ যুক্ত রযেছে। তাতে বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম বন্দর মংলা ব্রডগেজ রেলওয়ে নেটওয়ার্কের সাথে যুক্ত হয়েছে।

মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্রজেক্টটি হল ভারতীয় কনসেশনাল ফাইন্যান্সিং স্কিমের অধীনে ১.৬ বিলিয়ন মার্কিন ডলারের ঋণ সহায়তায় বাংলাদেশের খুলনা বিভাগের রামপালে অবস্থিত একটি ১৩২০ মেগাওয়াট (২অ৬৬০) সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্ট । প্রকল্পটি ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি (প্রাইভেট) লিমিটেড (বিআইএফপিসিএল) দ্বারা বাস্তবায়িত হয়েছে। ভারতের এনটিপিসি লিমিটেড এবং বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ডের (বিপিডিবি) মধ্যে একটি ৫০:৫০ যৌথ ব্যবস্থাপনায় ওই কোম্পানী স্থাপিত হয়েছে। মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্টের ইউনিট-জ্জ ২০২২ সালের সেপ্টেম্বরে উভয় প্রধানমন্ত্রীর দ্বারা যৌথভাবে উন্মোচন করা হয়েছিল। আগামীকাল ১ নভেম্বর ইউনিট-জ্জজ্জ উদ্বোধন করা হবে। মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্টের কার্যক্রম বাংলাদেশে বিদ্যুতের নিরাপত্তা বৃদ্ধি করবে। এই প্রকল্পগুলি এই অঞ্চলে যোগাযোগ এবং বিদ্যুতের নিরাপত্তা শক্তিশালী করবে।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৬ ▫ ১ নভেম্বর ২০২৩ ইং ▫ ১৪ কার্তিক ▫ বুধবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## ফাটল ইন্ডিয়া জোটে!

ইন্ডিয়া জোটের ভবিষ্যৎ নিয়া ক্রমশ দুশ্চিন্তা বাড়িতেছে। পরিস্থিতি এমন এক পর্যায়ে আসিয়া দাঁড়াইতেছে ইন্ডিয়া জোটে মাৎস্যন্যায় আবির্ভাব ঘটিতে শুরু করিয়াছে। জোটের অন্তর্ভুক্ত ছোট দলগুলো বঞ্চিত হইবার আশঙ্কা দেখা দিয়াছে।

আসন্ন লোকসভা নির্বাচনে আসন ভাগাভাগি নিয়া কংগ্রেস ও সমাজবাদী পার্টির মধ্যে দ্বন্দ্ব চরমে। ঘটনাচক্রে এই দুই শিবিরই আবার ইন্ডিয়া জোটের শরিক দল। ফলে চিড় ধরিবার সম্ভাবনা তৈরি হইয়াছে বিজেপি বিরোধী এই জোটে। যাহা নিয়া হতাশার সুর শোনা গেল ন্যাশনাল কনফারেন্স নেতা ওমর আবদুল্লার গলায়। কংগ্রেস ও সমাজবাদী পার্টির অন্তর্কলহে ফাটল চওড়া হওয়ার সম্ভাবনা তৈরি হইতেছে ইন্ডিয়া জোটে। যাহা নিয়া জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা বলেন, "এটা দুর্ভাগ্যজনক যে ইন্ডিয়া জোট এখনও অতটা শক্তিশালী নয়। কিছু অভ্যন্তরীণ কোন্দলের প্রভাব পড়িয়াছে জোটে। যাহা একেবারেই কাম্য নয়। বিশেষ করিয়া যেখানে ৪-৫টি রাজ্যে নির্বাচন আসন্ন। যেভাবে কংগ্রেস ও সমাজবাদী পার্টি নিজেদের মধ্যে ঝগড়া করিতেছে তাহা উচিত নয়। আসন্ন লোকসভা নির্বাচনে দুই দলই চাইতেছে উত্তরপ্রদেশে সব কটি আসনে লড়িতে। যাহা ইন্ডিয়া জোটের জন্য একেবারেই ঠিক নয়। বিভিন্ন রাজ্যে নির্বাচন হইয়া গেলে আমরা আবার বৈঠকে বসিতে পারি। আমরা চেষ্টা চালাইয়া যাইব একযোগে কাজ করিবার।

মধ্যপ্রদেশের বিধানসভা নির্বাচনে কংগ্রেসের সঙ্গে জোটে আগ্রহী ছিল সমাজবাদী পার্টি। সমাজবাদী পার্টি সুপ্রিমো অখিলেশ যাদব ২৩০ আসনের মধ্যে ৬টি আসনে প্রার্থী দিতে চাহায়াছিলেন। কিন্তু বর্ষীয়ান কংগ্রেস নেতা কমলনাথ তাঁহাকে পাত্তা দেননি। তাঁহার বক্তব্য, কংগ্রেস নিজেই রাজ্যের ২৩০টি বিধানসভা আসনে লড়িবে। বিজেপিকে হারাইতে কোনও ছোট দলের সমর্থন প্রয়োজন হইবে না। এমনকী সাংবাদিকরা তাঁহাকে অখিলেশকে নিয়া প্রশ্ন করিলে মধ্যপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী একপ্রকার তুচ্ছতাচ্ছিল্য করিয়া বলিয়া দেন, 'ভখিলেশ কে? ওর কথা আমাকে বলিবেন না।'কমলনাথের সেই মন্তব্যে তেলেবেগুনে জ্বলিয়া ওঠেন অখিলেশ যাদব। তাঁহার স্পষ্ট কথা, ইন্ডিয়া জোট নিয়া কংগ্রেসকে মনোভাব স্পষ্ট করিতে হইবে। তাঁহার ইঙ্গিত, মধ্যপ্রদেশে কংগ্রেসের এই 'দাদাগিরি'র প্রভাব পড়িবে লোকসভা নির্বাচনেও। উত্তরপ্রদেশে সমাজবাদী পার্টি একাই ৮০ আসনে লড়িবার জন্য প্রস্তুত বলিয়া জানাইয়াছেন তিনি। পরিস্থিতি এমন এক পর্যায়ে আসিয়া দাঁড়াইতেছে তাহাতে ইন্ডিয়া জোটে আভ্যন্তরীণ কোন দল আরো চরম আকার ধারণ করিবার আশঙ্কা দেখা দিয়াছে। যাহা ইন্ডিয়া জোটের জন্য মোটেই মঙ্গলজনক নয়। ইহাতে আখেরে বিজেপি লাভবান হইবার সম্ভাবনা রহিয়াছে।

## উত্তর প্রদেশের বাহরাইচ জেলায় সড়ক দুর্ঘটনায় মৃত দম্পতি, আহত ৬

বাহরাইচ, ৩১ অক্টোবর (হি.স.) : উত্তর প্রদেশের বাহরাইচ জেলায় বাইকের সঙ্গে পিকআপ ভ্যানের সংঘর্ষে মৃত্যু হয়েছে এক দম্পতির। আহত হয়েছে ৬ শিশু। সোমবার গভীর রাতে বাহরাইচ জেলায় এক দম্পতি তাদের শিশুদের নিয়ে বাইকে করে যাচ্ছিল। আচমকাই একটি পিকআপ ভ্যানের সঙ্গে তাদের বাইকের ধাক্কা লাগলে দুর্ঘটনায় দম্পতির মৃত্যু হয়। ছয় শিশুও গুরুতর আহত হয়। আহত শিশুদের চিকিৎসার জন্য বাহরাইচ থেকে লখনউতে রেফার করা হয়েছে।

বাইক আরোহী দুর্গেশ তাঁর স্ত্রী ও ছয় সন্তানকে নিয়ে বাইকে করে যাচ্ছিলেন। কোতোয়ালি দেহাত এলাকায় একটি দ্রুতগামী পিকআপ তাঁর বাইককে জোরে ধাক্কা দিলে ঘটনাস্থলেই স্বামী-স্ত্রীর মৃত্যু হয়। শিশুদের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। যেখান থেকে তাদের লখনউতে রেফার করা হয়েছে। বাহরাইচের এসপি পবিত্র মোহন ত্রিপাঠী জানান, খবর পেয়ে পুলিশ এসে মৃতদেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## অফিস খুলতেই ফের ছুটির হিসেব, খোসমেজাজে সরকারী কর্মীরা

কলকাতা, ৩১ অক্টোবর (হি.স.): এমনিতেই অধিকাংশ সরকারি কর্মীর উৎপাদনশীলতা যথেষ্ঠ কম। বিস্তর ছুটির পাশে অনেকেরই আসি যাই মাইনে পাই গোছের সুযোগ। হাজিরার কড়াকড়ি নেই বললেই চলে। পুজোর ছুটি শেষ হয়ে অফিস খুলতেই ফের ছুটির হিসাব শুরু সরকারি অফিসে।

সেই চতুর্থী থেকে পুজোর ছুটি শুরু হয়েছিল। ১৮ দিন পর সোমবার খুলল সমস্ত সরকারি দফতর। কিন্তু হলে কী হবে! এখনও যে উৎসবের অনেকগুলি দিন বাকি। তাই ফের ছুটির হিসেব-নিকেশ। সকালে নবান্ন থেকে নবমহাকরণ, খাদ্যভবন থেকে বিধানসভা-সর্বত্রই কর্মীদের সমাগম চোখে পড়েছে। তবে বিজয়ার শুভেচ্ছা বিনিময় ও পুজোর ছুটি কে কীভাবে কাটালেন, কোন ঠাকুর বেশি ভিড় টেনেছে, ইত্যাদি নিয়েই আলোচনা চলেছে সরকারি কর্মীমহলে। আবার কোথাও কোথাও নভেম্বর মাস জুড়েও যে ১৩টি ছুটি রয়েছে, তা নিয়ে শুরু হয় চর্চা।

সরকারি ক্যালেন্ডার বলছে, আগামী ১২ নভেম্বর কালীপুজো। সে দিন রবিবার। ফলে মন খারাপ ছিল সরকারি কর্মীদের। কিন্তু রাজ্য সরকার কালীপুজোর অতিরিক্ত ছুটি দিয়েছে ১৩ ও ১৪ নভেম্বর। তার পরের দিন ১৫ নভেম্বর ভাইফোঁটার ছুটি। একই দিনে বিরসা মুন্ডার জন্মদিনের ছুটি রয়েছে। তবে দুই ছুটি মিলে গিয়েছিল। তাই ১৬ নভেম্বর বৃহস্পতিবার ভাইফোঁটার অতিরিক্ত ছুটি দিয়েছে নবান্ন।


ঘটনাচক্রে, এবার ছটপুজোও রবিবার পড়েছে। ১৯ নভেম্বর। রাজ্যে ছটেরও অতিরিক্ত ছুটি রয়েছে ২০ নভেম্বর, সোমবারে। সেই হিসাবে ১৮ থেকে ২০ নভেম্বর টানা ছুটি মিলবে। মাসের শেষ ছুটির দিন গুরুনানকের জন্মদিন ২৭ নভেম্বর। সেটাও সোমবার হওয়ায় টানা তিনদিন ছুটির সুযোগ পাবেন অনেকেই। ফলে পুজোর পরেই ফের যদি কেউ টুরে যেতে চান, এবারের মতো সুযোগ তাঁরা আর পাবেন না।

সরকার মূলত তিনটি ভাগে ছুটি দেয়। প্রথমত, ১৯৮৮ সালের 'নেগোশিয়েবল ইনস্ট্রুমেন্ট অ্যাক্ট' (এনআই) অনুযায়ী গোটা দেশেই কিছু ছুটি প্রাপ্য হয় সরকারি কর্মচারীদের। দ্বিতীয়ত, রাজ্য সরকার স্থানীয় উৎসব, পরবের জন্য ছুটি দিতে পারে। তৃতীয়ত, কিছু অতিরিক্তি ছুটি দেওয়ারও সুযোগ থাকে সরকারের হাতেই। সেই মোতাবেক নভেম্বরে ১৩ দিনের ছুটির ব্যবস্থা হয়েছে সরকারি কর্মচারীদের। যা পেয়ে সরকারি কর্মীমহলে রীতিমতো খুশির হাওয়া।

## আগামীকাল তিজারায় নির্বাচনী প্রচারে আসবেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ

জয়পুর, ৩১ অক্টোবর (হি.স.) : বুধবার রাজস্থানের তিজারা জেলায় নির্বাচনী প্রচারে আসবেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। ভারতীয় জনতা পার্টির প্রার্থী মহন্ত বালক নাথের সমর্থনে আগামীকাল যোগী আলওয়ারের তিজারায় আসবেন। তিজারায় নির্বাচনী জনসভায় ভাষণ দেবেন তিনি। বুধবারই মনোনয়ন জমা দেবেন মহন্ত বালক নাথ। মহন্ত বালকনাথ জানিয়েছেন, বুধবার ১ নভেম্বর সকাল ১০টায় ভিওয়াদি হাইওয়ের যাদব ধর্মশালার সামনে একটি বিশাল জনসভার আয়োজন করা হবে। এই জনসভায় উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ প্রধান অতিথি হিসাবে সমাবেশে ভাষণ দেবেন।

# চিত্রশিল্পের ঘরের মেয়ে







কলকাতার দুর্গাপুজো ইউনেস্কো-র আবহমান সাংস্কৃতিক ঐতিহ্য-তালিকায় অন্তর্ভুক্ত হতেই, অর্থনীতিতে যে দুর্গাপুজোর প্রভাব বাড়বে তা আগাম আঁচ করা গিয়েছিল। দশ বছর আগে সারা কলকাতার দুর্গাপুজোর বাজেট ছিল আনুমানিক ২৫,০০০ কোটি টাকার, ২০১৯-এ তা হয় ৩২,০০০ কোটি; আর ইউনেস্কো-র তকমা পাওয়ার পরে গত বছর পৌঁছয় ৫০,০০০ কোটিতে।

এ বছর তা বেড়ে হয়েছে প্রায় ৬০,০০০ কোটি। বছর বছর লাফিয়ে বাজেটের বৃদ্ধি দুর্গাপুজোর সঙ্গে যুক্ত কয়েক লক্ষ মানুষের জীবন-জীবিকায় ইতিবাচক প্রভাব ফেলছে, এঁদের অনেকেরই সারা বছরের উপার্জন আসে এই পুজোর কাজ করে। এঁদেরই গড়া থিমের চমক, প্রতিমার বৈচিত্র, আলোর খেলা দেখতে লক্ষ মানুষ ভিড় করেন, মণ্ডপে মণ্ডপে জনস্রোত দেখে পুজো উদ্যোক্তা, শিল্পী থেকে বিজ্ঞাপনদাতা ও প্রচারমাধ্যম যারপরনাই পুলকিত হয়। যে মানের শিল্পকীর্তি এই পুজোকে কেন্দ্র করে তৈরি হয় তা বিশ্বের তাবড় তাবড় দেশের শিল্পী ও শিল্পবেত্তাদের মাথা ঘুরিয়ে দেওয়ার জন্য যথেষ্ট। আক্ষেপের বিষয়, এই সমস্ত শিল্পকীর্তির গুণগান শেষ হয়ে যায় পুজো শেষ হওয়ার সঙ্গে সঙ্গে। অপেক্ষা পরের বছরের নতুনতর চমকের।

এই নব ও অভিনব শিল্পকীর্তি যেমন এক অর্থে "ঐতিহ্য"-এরই সংযোজন ও সম্প্রসারণ, তেমনই এও ভাবার, নতুন নতুন চমকের আড়ালে দুর্গা ও দুর্গাপুজো ঘিরে আমাদের ধ্রুপদী ঐতিহ্য বিস্মরণে চলে যাচ্ছে না তো? থিম-পুজোর প্রাবল্যে মণ্ডপে মণ্ডপে কতশত প্রতিমা দেখে আমরা আহ্লাদিত হলাম সম্প্রতি, সমাজমাধ্যম ছবিতে ভরিয়ে দেওয়া এই শিল্পপ্রেমী আধুনিক বাঙালিকেই যদি জিজ্ঞেস করা যায় উনিশ শতকের শেষ দিকে তেলরঙে আঁকা রাজা রবি বর্মার দুর্গার কথা বা বিশ শতকের গোড়ায় করা সেই বিখ্যাত "মহিষাসুরমর্দিনী" লিথোগ্রাফ, মুম্বইয়ে ওঁরই প্রতিষ্ঠিত "দ্য রবি বর্মা ফাইন আর্ট লিথোগ্রাফিক প্রেস" থেকে করা যা কেউ কি উচ্ছ্বসিত হয়ে উঠবেন সে প্রসঙ্গে?

১৯৩৮ সালে অবনীন্দ্রনাথ ঠাকুর জলরঙে আঁকলেন দুর্গা। সেই দুর্গার চার পাশে আমরা দেখি সিংহিনি, বাঘিনি, হস্তিনী আর হরিণীকে। এঁরা সবাই মানুষরূপী। এই বিচিত্র সংমিশ্রণে ছবিটি এক অন্য রূপে ধরা দিয়েছে। এই চিত্রলিপি অনুসরণ করে দুর্গাপ্রতিমা তৈরি হলে তার শিল্পরূপও হত অনন্য। ১৯১৫ থেকে ১৯২০ সালের মধ্যে গগনেন্দ্রনাথ ঠাকুরের অস্বচ্ছ জলরঙে আঁকা বিসর্জন-ও চমকপ্রদ এক ছবি। বঙ্গসমাজে এ ছবি ইতিহাস তৈরি করেছে, বহু শিল্পপ্রেমীর ঘরের দেওয়ালে তার প্রতিলিপি বিদ্যমান। পরবর্তী কালে আমাদের মুগ্ধ করেছে নন্দলাল বসুর নানা ভঙ্গিতে আঁকা দুর্গা। তার মধ্যে ১৯৪৪ সালে গ্রাফাইট ও গুয়াশ পদ্ধতিতে কাগজে আঁকা, বেশ বড় মাপের (৪৬/৩০ ইঞ্চি) ড্রয়িংটি অনবদ্য। ঠাসবুনট রেখার কারিকুরিতে দুর্গার সংহারমূর্তি ও প্রসন্নতা, এই দুই ভাবেরই সহাবস্থান বিস্ময়কর। যামিনী রায়ের সঙ্গে বাঙালিরও রয়েছে এক আশ্চর্য সহাবস্থান: সাদামাটা বাঙালি থেকে শিল্পরসিক, ড্রয়িং রুম থেকে আর্ট গালারি, যামিনী রায় একাকার হয়ে আছেন আমাদের সঙ্গে। সম্ভবত তিনিই একমাত্র শিল্পী, যাঁর ছবি দেখে সমগ্র জনসাধারণের একটি বড় অংশ "এ তো যামিনী রায়ের আঁকা!" বলে উচ্ছ্বসিত হন। এই শিল্পীও আমাদের উপহার দিয়েছেন তাঁর চিরাচরিত ঘরানায় আঁকা নানা রকম দুর্গা।

আরও এক জন বিস্মৃতপ্রায় শিল্পীর কথা না বললেই নয়। তিনি রাধাচরণ বাগচি (১৯১০-১৯৭৭)। নব্যবঙ্গীয় ঘরানার সঙ্গে প্রচলিত ইউরোপীয় ঘরানার সংমিশ্রণ তাঁর ছবির বৈশিষ্ট্য। তাঁর দুর্গাপূজা ছবিটি ভিন্ন ভাবে ভাবা। গুয়াশ পদ্ধতিতে, বোর্ডের উপর আঁকা ছবিতে দেবীমূর্তির সঙ্গে তিনি প্রাধান্য দিয়েছেন উতবকেও, সেখানে সমাজের উচ্চ ও নিম্নবর্ণের মানুষ এক সঙ্গে উতবে মেতেছেন। শিল্পী গোবর্ধন আশের (১৯০৭-১৯৯৬) আঁকা যে দুর্গা দেখতে পাই আজ থেকে পঁচাশি বছর আগে বঙ্গশ্রী পত্রিকার আশ্বিন ১৩৪৫ (১৯৩৮) সংখ্যায়, তা কিছুটা ভারতীয় চিত্ররীতির ধরনে আঁকা। শিল্পী যে বিভিন্ন মাধ্যমের ব্যবহারেই অসামান্য দক্ষ ছিলেন, এ ছবি তার সাক্ষ্য বহন করে।

পরবর্তী সময় শিল্পী নীরদ মজুমদার তাঁর নিজস্ব ঘরানায় দুর্গা এঁকেছেন। সমসাময়িক শিল্পী পরিতোষ সেন তাঁর ছবিতে দেখিয়েছেন দুর্গাপুজো-শেষের এক বিশেষ রীতি লালপাড় শাড়ি-পরা এক সধবা নারী মা দুর্গাকে সিঁদুর পরাচ্ছেন। ১৯৭৫ সালে দক্ষিণ কলকাতার একটি পুজোয় দুর্গা সম্ভবত প্রথম বার কোনও চিত্রশিল্পীর কল্পনায় মূর্ত হন। শিল্পী নীরদ মজুমদারের তুলি প্রাণ পায় প্রতিমা রূপে। সেই শুরু। তার পর একে একে ১৯৭৬ সালে রথীন মিত্র, ১৯৭৭ সালে পরিতোষ সেনের কল্পনার দুর্গাচিত্র রূপান্তরিত হল মূর্তিতে। পরবর্তী সময়ে বেশ কয়েক জন স্বনামধন্য চিত্রশিল্পী তাঁদের কল্পনায় দুর্গা গড়েছেন। শিল্পী রামানন্দ বন্দ্যোপাধ্যায় তাঁর নিজস্ব অননুকরণীয় রীতিতে দুর্গা এঁকেছেন, এবং তাঁর মতো করে দুর্গা গড়েছেন পুজোয়।

আর এক প্রথিতযশা শিল্পী ঈশা মহম্মদের নামও এ ক্ষেত্রে উল্লেখের দাবি রাখে। তিনি ছিলেন রিয়্যালিজম বা বাস্তববাদী ঘরানার শিল্পী। ১৯৯২ সালে তিনি যখন সেই আঙ্গিক বা ঘরানার সঙ্গে তাঁর নিজস্ব কল্পনা মিশিয়ে দুর্গা গড়েন, তা শুধু দুর্গাপ্রতিমায় আবদ্ধ না থেকে উত্তীর্ণ হয়েছিল এক অনন্য শিল্পকর্মে। এখানে দেবী অসুর, সিংহ, অতিনাটকীয়তা বর্জিত। দেবীর মুখে ঘরের মেয়ে উমার মুখের আদল। পিছনে চালচিত্রের বদলে ক্যানভাসে শিল্পী নিজস্ব ধারায় এঁকেছিলেন লক্ষ্মী, সরস্বতী, কার্তিক, গণেশ। আর মহাদেব প্রতিস্থাপিত ক্যানভাসের ডান দিকে, একটু উপরে। সম্পূর্ণ বাহুল্যবর্জিত এক শিল্পকর্ম, যাকে দুর্গামূর্তি না বলে অনায়াসে দুর্গাচিত্রও বলা যায়।

বাঙালির দুর্গাপুজোয় স্বমহিমায় উপস্থিত শিল্পী মকবুল ফিদা হুসেনও। এঁকেছেন বিভিন্ন ধরনের দুর্গারূপ। ক্যানভাসে বলিষ্ঠ গতিশীল রেখার ব্যবহার, তুলির টানে পুরু রঙের প্রয়োগ এবং সর্বোপরি ছবির বিন্যাস-বৈচিত্র হুসেনের দুর্গাচিত্রকে এক অন্য মাত্রায় পৌঁছে দিয়েছে। কলাভবনে থাকাকালীন কে জি সুব্রহ্মণ্যন সবার প্রিয় "মানিদা" সব শিক্ষক সহকর্মীকে বিজয়ার শুভেচ্ছা জানাতেন হাতে আঁকা কার্ড দিয়ে। এই কার্ডে বেশির ভাগ সময়ে তিনি দেবীপ্রতিমার ছবি এঁকে দিতেন। এই ছবির দুর্গা কোথাও দশভুজা, কখনও চতুর্ভুজা বা অষ্টভুজা। কখনও দেবীর হাতে অস্ত্রের বদলে থাকত ফুলের সমাহার। সেই সব চিত্রিত কার্ডও বাঙালির দুর্গাচিত্রের ইতিহাসের আশ্চর্য দলিল।


শানু লাহিড়ী, গণেশ পাইন, প্রকাশ কর্মকার, শক্তি বর্মন, যোগেন চৌধুরীর কল্পনায় দেবী দুর্গার নানা রূপচিত্র আমরা দেখেছি। প্রতিটি চিত্রই এক-একটি বিশেষ ধারা বহন করে। শানু লাহিড়ীর দুর্গাচিত্রে আমরা খুঁজে পাই সারল্য, গণেশ পাইনের দুর্গা রসবেত্তাকে নিয়ে যায় এক নৈঃশব্দ্যের জগতে, প্রকাশ কর্মকারের দুর্গায় দেখি এক আদিম কৌতুক। শক্তি বর্মন দুর্গা আঁকেন তাঁর একান্ত নিজস্ব এক পৌরাণিক অভিব্যক্তিকে সঙ্গে নিয়ে, আবার যোগেন চৌধুরীর সংবেদনশীল রেখায় দুর্গা ধরা পড়ে যুগপতসংহারক অথচ হৃদয়স্পর্শী রূপে। দুর্গাচিত্রের কথা বলতে গেলে অনিবার্য ভাবেই চলে আসেন বিকাশ ভট্টাচার্য। যিনি একটি গোটা সিরিজ বা চিত্রমালা এঁকেছিলেন দুর্গা নিয়ে। তেলরঙে আঁকা সে সব ছবি দেখেননি এমন শিল্পরসিক খুঁজে পাওয়া যাবে না। তেমনই এক ছবিতে আমরা দেখি দুর্গাপ্রতিমার সামনে দর্শনার্থীদের ভিড়, তার মাঝে এক নারীর ফিরে-দেখা মুখ। সে চাহনির মধ্যে আছে একাকিত্ব, আছে উতবের আনন্দ নিয়ে আকুল জিজ্ঞাসা, আর সব ছাপিয়ে অদম্য এক আকর্ষণ। বেশ কিছু বছর আগে চোখে পড়েছিল শারদীয় দেশ পত্রিকার একটি প্রচ্ছদ, শিল্পী ছিলেন চিত্রভানু মজুমদার। সম্ভবত তখন কলেজে পড়ি, এত বছর পরেও সেই দুর্গাচিত্রের রেশ স্মৃতিতে উজ্জ্বল অক্ষয় হয়ে আছে। ক্যানভাসের উপরে সে ছিল যেন এক বিস্ফোরণ। সদ্য কৈশোর থেকে যৌবনে প্রবেশের পথে, সেই সময়ে সেই ছবি আমাদের সকলের কাছে হয়ে উঠেছিল শিক্ষণীয়। বাঙালির চিরাচরিত দুর্গাপুজো আজ সর্বজনীন দুর্গোৎসবের দিগন্ত ছাড়িয়ে বিশ্বের নজর টেনে নিয়েছে তার উতবময়তা আর শিল্পসৌষ্ঠবে। খোলনলচে বদলে-যাওয়া এই দুর্গোতেবের হৃদয় খুঁড়ে পুরনো অথচ চিরকালীন চিত্রশিল্পের "ঐতিহ্য"কেও ফিরে দেখা দরকার, নতুনের যাত্রাপথকেই তা সমৃদ্ধ করবে আরও।

# ফোন আছে, নিরাপত্তা নেই

নিওন আলোয় পণ্য হলো যা-কিছু আজ ব্যক্তিগত। চল্লিশ বছর আগে প্রকাশিত কাব্যগ্রন্থের পঙ্কিতে অমোঘ যাথার্থ্যে লিখেছিলেন শঙ্খ ঘোষ। আজ বিজ্ঞাপনের নিয়ন আলো বসেছে পিছনের বেঞ্চে, আর ব্যক্তিগত প্রায় সব কিছুই বাজারি হয়ে গিয়েছে আন্তর্জালে সমাজমাধ্যমে আমাদের "আমার মতন সুখী কে আছে" প্রমাণ করার নিরন্তর প্রবল তাগিদে।

তাই আমাদের মোবাইল, ট্যাবলেট বা ল্যাপটপের ইন্টারনেট ব্রাউজারটি আজ আমাদের চেনে একান্ত আপনজনের চেয়েও অনেক বেশি। আন্তর্জালে আপনি কী খুঁজছেন, কত বার একটি বিশেষ ওয়েবসাইটে ক্লিক করছেন, এ সব তথ্য সে শুধু একেবারে নিয়মিত সংগ্রহই করে তা নয়, অনর্গল সরবরাহ করে বৈদ্যুতিন ব্যবসাদুনিয়ার ই-রিটেলরদের। যে সংস্থা সেই তথ্য কিনতে চায়, তাকেই। আর, আমরা নিজেদের অজানতেই নিঃশব্দে বিদেশি বহুজাতিকের সেলস-টার্গেট পূরণের মাধ্যম হিসাবে কাজ করি। এদের অন্তঃসলিলা বিজ্ঞাপনের স্রোত আন্তর্জালের বিভিন্ন প্ল্যাটফর্মে অজানতেই আমাদের অনেক বেশি প্রভাবিত করে। যিনি যেটা খুঁজছেন বা ভালবাসেন, তাঁর ইন্টারনেট ঘাঁটার ইতিহাস বিশ্লেষণ করে, কৃত্রিম মেধাসঞ্জাত গণনপ্রক্রিয়া প্রয়োগ করে তাঁর নাকের ডগায় সেগুলো ঝুলিয়ে দিতে হবে এটাই মোদ্দা কথা। এর জন্য ভোক্তাদের আজকাল কষ্ট করে গুগল ক্রোম-এ গিয়ে ব্রাউজ করার কিংবা ফেসবুকের দ্বারা প্রস্তাবিত অসংখ্য পাতায় ঘুরে বেড়ানোরও দরকার পড়ে না বাড়ির একাধিক ফোনে সিরি, গুগল অ্যাসিস্ট্যান্ট কিংবা বাড়িতে অ্যামাজন-এর অ্যালেক্সা-র মতো কণ্ঠস্বরভিত্তিক যন্ত্র-সঙ্গী সক্রিয় থাকলেই যথেষ্ট। আজ যদি রাতে খেতে বসে গিন্নিকে বলেন, "এ বার কিছু নতুন টি-শার্ট কিনতে হবে, পুরনোগুলোর রং চটে গিয়েছে," কয়েক বার টি-শার্ট শব্দটি যদি দু'জনেই উচ্চারণ করেন, কালকেই আপনার মেল-বক্সের কিনারা ঘেঁষে, ইউটিউব ভিডিয়ো শুরুর আগে, এবং ফেসবুক স্ক্রল করতে করতে আপনি হরেক কোম্পানির টি-শার্টের বিজ্ঞাপনে ভেসে যাবেন। বাড়িতে থাকা ধ্বনি-নির্ভর যন্ত্র-সঙ্গী আপনাদের কথোপকথনের মধ্যে থেকেই টি-শার্ট নামক কিওয়ার্ডটি তুলে নিয়ে, সেই প্রয়োজনের কথা ইতিমধ্যেই জানিয়ে দিয়েছে চুক্তিবদ্ধ একাধিক বাণিজ্যিক সংস্থাকে।

এ অবশ্য ব্যবসার একেবারে গোড়ার কথা: জিনিসপত্র কেনা হয় না, গছানো হয়। অর্থাত যে চাহিদা নেই, তাকে তৈরি করে নিতে হয়। তার জন্য অবশ্যই মানুষের লোভকে ইন্ধন জোগানো, এবং ব্যক্ত/অব্যক্ত সব রকম ইচ্ছা অনুযায়ী বিজ্ঞাপন দেখানোর বিরাট তাগিদ রয়েছে। এগুলোর বাস্তবায়ন ঘটছে ইন্টারনেটের এক অদৃশ্য, সমান্তরাল দুনিয়ায়, যেখানে আমরা সবাই বিমূর্ত ভাবে উপস্থিত আছি আমাদের অনেক সহজলভ্য অথচ বিপজ্জনক তথ্য নিয়ে। কিন্তু, বিজ্ঞাপন কি শুধু পণ্য বেচে? রাজনীতির কারবারিরাও এখন এই ডিজিটাল বিপণনের পথের পথিক "নেটিজেন"-দের অবিরত গিলিয়ে চলা হচ্ছে সত্য, অর্ধ সত্য এবং ডাহা মিথ্যা "তথ্য"-র মিশ্রণ, যাতে তাঁরা প্রভাবিত হন সেই রাজনীতির দ্বারা। এই খেলারই আরও মারাত্মক দিক হল নজরদারি যিনি বা যাঁরা মেরুদণ্ড সোজা রেখে প্রশ্ন করতে পারেন, তাঁদের চিহ্নিত করার জন্য আজকাল আর আনাচেকানাচে ব্ল্যাক শার্ট বাহিনী মোতায়েন রাখার দরকার পড়ে না, একটা মোটামুটি অর্ধশিক্ষিত আইটি সেল থাকাই যথেষ্ট। ইন্টারনেট ক্রিয়াকলাপের প্যাটার্ন ধরে ফেলা যায়, কে বা কারা বেসুরো গাইছেন বা গাইতে পারেন। ব্যবসা অক্ষুণ্ণ রাখতে সোশ্যাল মিডিয়া সংস্থাগুলি সরকারপক্ষকে নির্দ্বিধায় ব্যবহার করতে দেয় আমাদের ব্যক্তিগত তথ্য, নিয়ন্ত্রণ করে বিরুদ্ধ স্বর। স্বঘোষিত "বিশ্বগুরু"র প্রতি সামান্য সমালোচনামূলক কোনও



ফেসবুক পোস্টেরও রীতিমতো অ্যালগরিদম মেনে রিচ কমিয়ে দেওয়াটা কোনও সম্ভাবনা নয় আর, বরং ঘোর বাস্তব।

২০১৬ সালে অক্সফোর্ড ডিকশনারি কর্তৃপক্ষ "পোস্ট-ট্রুথ" বা উত্তর-সত্য শব্দটিকে বছরের সেরা শব্দের স্বীকৃতি দিয়েছিলেন। ব্রিটিশ সাংবাদিক ম্যাথিউ ড্যানকোনার ব্যাখ্যা অনুযায়ী, এই উত্তর-সত্য আসলে যাঁকে পরিবেশন করা হচ্ছে, তাঁর ধর্মীয়, জাতিগত, বা অন্য কোনও আবেগের সঙ্গে সামঞ্জস্য রেখে কিছু বাছাই করা সত্য, প্রেক্ষিতহীন অর্ধসত্য, এবং অনেকটা মিথ্যের জটিল সংমিশ্রণে এক ধরনের নিয়মত্রান্ত্রিক ধারণা নির্মাণ। আজকের দিনে যখন সৃষ্টিশীল কৃত্রিম মেধার কল্যাণে বানিয়ে ফেলা যায় অবিকল বাস্তবানুগ নকল লেখা, ছবি, কণ্ঠস্বর, বা ভিডিয়ো, তখন এই উত্তর-সত্যের নির্মাণ অনলাইন ও সমাজমাধ্যমকে কত সহজে এবং কতটা দূষিত করবে, সেটা বুঝতে সমস্যা হয় না। ২০১৬-তে আমেরিকার প্রেসিডেন্ট হিসাবে ডোনাল্ড ট্রাম্পের নির্বাচনকে কেন্দ্র করে কেমব্রিজ অ্যানালিটিকা-র পাদপ্রদীপের আলোয় উঠে আসার সঙ্গে সঙ্গেই লক্ষ করা গেল সমাজমাধ্যমে ছড়িয়ে থাকা ব্যবহারকারীদের তথ্য চুরি এবং সেখান থেকে তাঁদের মানসিক ছাঁচ চিহ্নিত করে ভোটের স্বার্থে তার ব্যবহার। গড়ে উঠল রাজনৈতিক মতামত নির্মাণের অনেক কারখানা। বিপুল লগ্নির উপরে দাঁড়িয়ে থাকা এই উত্তর-সত্যের কারখানার এন্ড-প্রোডাক্ট হিসাবে ক্ষমতার চূড়াতে থাকা মুষ্টিমেয় মানুষের মর্জিমাফিক উতাদিত ধ্যানধারণা ছড়িয়ে পড়ল আমাদের সভ্যতায়। গত সাত বছরে যন্ত্রমেধা ও মোবাইল প্রযুক্তির হাত ধরে এই বিষ পৌঁছে গিয়েছে সমাজের প্রত্যন্ততম প্রান্তে, গভীরতম বিন্দুতে।

২০২৩-এ ভারতে মোটামুটি ৭১ শতাংশ মানুষ স্মার্টফোন ব্যবহার করছেন। এঁদের একটা বিরাট অংশ ইন্টারনেটের অন্ধকার জগতসম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ থেকেও হোয়াটসঅ্যাপ বা ফেসবুকের মতো সমাজমাধ্যম ব্যবহার করছেন প্রতি দিন। ২০২০-র ফেব্রুয়ারিতে বিজেপির তদানীন্তন নেতা কপিল মিশ্রের এনআরসি - সিএএ''ব প্রতিবাদকারীদের জমায়েত জোর করে ভেঙে দেওয়া সংক্রান্ত বক্তব্যের একটি ভিডিয়ো ফেসবুকে ছড়িয়ে পড়ার পর কী ভাবে কয়েক ঘন্টার মধ্যে রক্তাক্ত হয়েছিল রাজধানী, তা ভোলা অসম্ভব। একই ভাবে ২০১৯-এর লোকসভা নির্বাচনের প্রাকর্বে মুজফরপুর বা বেঙ্গালুরুর মতো জায়গায় সমাজমাধ্যমে ঘুরে বেড়ানো উস্কানিমূলক ভ্রান্ত তথ্যের দরুন সাম্প্রদায়িক উত্তেজনা ছড়ানো বা গত চার বছরে সমাজমাধ্যমে ঘৃণাসূচক মন্তব্য ও মাল্টি-মোডাল তথ্যের অপব্যবহারের দরুন গণপ্রহারে হত্যার ত্রিশটিরও বেশি নথিবদ্ধ ঘটনাও অনেকের মনে থাকবে। এক আন্তর্জাতিক সংবাদসংস্থার সমীক্ষায় উঠে এসেছে, ভারতে ভুয়ো তথ্যের মূল চালিকাশক্তি হল ধর্মীয় ঘৃণা আর উগ্র জাতীয়তাবাদ, যার কেন্দ্রে রয়েছে "লাভ জেহাদ" বা "ঘর ওয়াপসি"-র মতো সব কিওয়ার্ড। প্রথম বিশ্বের ইংল্যান্ড বা আমেরিকার মতো শুধু মানুষকে বিভ্রান্ত করতে নয়, সমাজমাধ্যমকে রমরমিয়ে ব্যবহার করা হচ্ছে এই উগ্র জাতীয়তাবাদকে সামনে রেখে সমাজেরই প্রান্তিক জনগোষ্ঠীগুলোর বিরুদ্ধে হিংস্র জনমত গঠনের কাজেও। ২০১৯ সালের এক সমীক্ষায় দেখা গিয়েছিল, ভারতে যত শতাংশ মানুষ "ফেক নিউজ"-এর দ্বারা প্রভাবিত হন, সেই অনুপাতটি বৈশ্বিক গড়ের চেয়ে খানিকটা হলেও বেশি।

আরও একটি লোকসভা নির্বাচনের দোরগোড়ায় দাঁড়িয়েও আমরা কি কিছু শিখলাম? এখনও "মিডিয়া লিটারেসি" শব্দটি কি জায়গা করে নিতে পারল আমাদের স্কুল-কলেজের পাঠ্যক্রমের কোথাও? অথচ আমেরিকার বেশ কিছু স্টেটে, এবং ইউরোপেও স্কুলের ছাত্রছাত্রীদের আজ শেখানো হয় সমাজমাধ্যমে ভেসে বেড়ানো আসল ও নকল খবরের মধ্যে পার্থক্য করতে, ঘৃণা এবং উস্কানিমূলক মন্তব্য চিহ্নিত করে রিপোর্ট করতে। তাদের ওয়াকিবহাল করা হয় ইন্টারনেট ব্যবহারের বিপদ ও প্রয়োজনীয় সতর্কতার ব্যাপারে; জানানো হয় ওয়েবসাইটে ঢোকার তাড়নায় কখনও প্রযোজ্য শর্তাবলি না পড়ে সব মেনে নেওয়ার বাটনটিতে ক্লিক করতে নেই; শেখানো হয় কতটা ব্যক্তিগত তথ্য জনপরিসরে রাখা উচিত ইত্যাদি। আমাদের তরুণ প্রজন্ম ছোটবেলা থেকেই স্মার্টফোন, ইন্টারনেট এবং সমাজমাধ্যমে অভ্যস্ত। নিছক সমালোচনা বা যথেষ্ট ফাঁক-যুক্ত কিছু আইনের দোহাই না দিয়ে, আমরা কবে উদ্যোগী হয়ে উঠব ইন্টারনেটের জঙ্গলে ঘুরে বেড়ানো বাঘ-কুমিরের হাত থেকে এদের বাঁচাতে?

# ইডি-র হাত এড়াতে দুই আসামী হাসপাতালে, প্রশ্ন শুভেন্দুর

কলকাতা, ৩১ অক্টোবর, (হি.স.): কৌস্তভ রায় এবং ""'কালীঘাটার কাকু"" এই দুই 'আসামি'
ইডি-র হাত এড়াতে কি এসএসকেএম হাসপাতালে দামী শয্যা আটকে আছেন? মঙ্গলবার এ ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে চারদফা নির্দিষ্ট প্রশ্ন তুললেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

শুভেন্দুবাবু এক্স হ্যাণ্ডেলে লিখেছেন, "রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী পশ্চিমবঙ্গের জনগণকে নিম্নলিখিত বিষয়ে অবহিত করবেন? ১) কবে থেকে কৌস্তভ রায় এবং ""'কালীঘাটার কাকু""'এই দুই আসামিকে ইডি-র গ্রেফতারের পর এসএসকেএম হাসপাতালে দামী শয্যা/কেবিন দেওয়া হয়েছে?
২) তাঁদের অসুস্থতা কীরকম? তাঁদের চিকিৎসা শেষ হতে কত সময় লাগবে?
৩) এসএসকেএম-এ এখনও পর্যন্ত তাঁদের চিকিৎসার জন্য জনসাধারণের কত টাকা খরচ হয়েছে? ৪) এই গ্রেফতারকৃত ব্যক্তিদের জন্য শয্যা বরাদ্দ করা এবং তাঁদের আইন প্রয়োগকারী সংস্থার হাত থেকে রক্ষা করার জন্য পশ্চিমবঙ্গের কতজন লোককে এসএসকেএম-এ চিকিৎসা থেকে বঞ্চিত করা হয়েছে?"

প্রসঙ্গত, কৌস্তভ রায় একটি টিভি চ্যানেলের কর্তা ও তৃণমূল কংগ্রেসের ঘনিষ্ঠ ব্যবসায়ী। তাঁর কাছে বেশ কিছু নথি দেখতে চেয়েছিল ইডি। যা তিনি দেখাতে পারেননি। আর যেসব নথি তিনি পেশ করেছিলেন সেগুলিতে অসঙ্গতি মিলেছে। তাই গত ১৮ জুলাই তাঁকে গ্রেফতার করা হয়। আর, তারও আগে নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেফতার করা হয় বেহালার বাসিন্দা সুজয়কৃষ্ণ ভদ্রকে। কিন্তু 'অসুস্থতার' দোহাই দিয়ে দুজনেই পড়ে আছেন সরকারি হাসপাতালের দামী শয্যায়। তাঁদের জেরা করা যাচ্ছে না। ব্যহত হচ্ছে ইডি-র তদন্ত।

## কর্মরত সাংবাদিকের ওপর হামলার প্রতিবাদ শুভেন্দুর

কলকাতা, ৩১ অক্টোবর (হি.স.): কর্মরত সাংবাদিকের ওপর আইনভঙ্গকারীদের আক্রমণের প্রতিবাদ করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

মঙ্গলবার শুভেন্দুবাবু এক্স চ্যানেলে লেখেন, "সাংবাদিক অভিষেক সাহার উপর কাপুরুষোচিত ও নৃশংস হামলার নিন্দা করছি। যখন মালদা জেলার চাঁচলের খিদিরপুর গ্রামে মহানন্দা নদীতে অননুমোদিত নৌকা দিয়ে যাত্রীদের অবৈধ ফেরি করার বিষয়টি সংবাদ চ্যানেলের প্রতিবেদক লাইভ টিভিতে প্রচার করছিলেন, তখন আক্রান্ত হন।

অতীতে ওই এলাকায় নৌকাডুবির ঘটনা ঘটেছে। কর্তৃপক্ষের সতর্কতার অভাবে মৃত্যু হয়েছে। সরকারী নজরদারির অভাবে কিভাবে অবৈধ পরিবহণ ব্যবস্থা চলছে, সেই সাংবাদিক কভার করছিলেন। অবৈধ অভিযান চালাচ্ছেন এমন লোকদের দ্বারা সাংবাদিক আক্রান্ত হন।

আমি আশা করব যে স্থানীয় পুলিশ ও প্রশাসন পদক্ষেপ নেবে এবং সাংবাদিকের উপর হামলার জন্য এই অবৈধ অপারেটরদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে অননুমোদিত ফেরি পরিষেবা বন্ধ করবে। এই পরিষেবা মানুষের জীবনকে ঝুঁকির মধ্যে ফেলে।

## আচার্য নরেন্দ্র দেব সারাজীবন দারিদ্র্য ও অশিক্ষার বিরুদ্ধে লড়াই করেছেন: অখিলেশ যাদব

লখনউ, ৩১ অক্টোবর (হি.স.) : আচার্য্য নরেন্দ্র দেব সারাজীবন দারিদ্র্য ও অশিক্ষার বিরুদ্ধে লড়াই করেছেন বলে মন্তব্য করেন অখিলেশ যাদব। মঙ্গলবার সমাজবাদী নেতা এবং চিন্তাবিদ আচার্য্য নরেন্দ্র দেবকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়ে অখিলেশ যাদব একথা বলেন।

সমাজবাদী পার্টি (এসপি)-র সভাপতি অখিলেশ যাদব মঙ্গলবার সমাজবাদী নেতা এবং চিন্তাবিদ আচার্য্য নরেন্দ্র দেবকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। তিনি আচার্য্য নরেন্দ্র দেবের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান।

অখিলেশ এদিন বলেন, আচার্য্য সারাজীবন দারিদ্র্য ও অশিক্ষার বিরুদ্ধে সংগ্রাম করেছেন। তাঁর দেখানো পথেই দেশ সমৃদ্ধির পথে এগিয়ে যেতে পারবে। আচার্য্য নরেন্দ্র দেব ভারতের স্বাধীনতা আন্দোলন এবং শিক্ষাগত সংস্কারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। তিনি কৃষক, শ্রমিক ও যুবকদের সমাজতান্ত্রিক আন্দোলনের সঙ্গে যুক্ত করেছিলেন। তিনি সারা জীবন দারিদ্র্য ও অশিক্ষার বিরুদ্ধে লড়াই করেন বলেও অখিলেশ যাদব জানান।

এদিনের শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজবাদী পার্টির প্রধান মুখপাত্র রাজেন্দ্র চৌধুরী সহ দলের অন্যান্য নেতা-কর্মীরা।

## পায়ের সমস্যা সামলে ৫০ দিন পর নবান্নে গেলেন মুখ্যমন্ত্রী

কলকাতা, ৩১ অক্টোবর (হি.স.): ৫০ দিন ছিলেন বিশ্রামে। কিছুটা সুস্থ হওয়ার পর বাড়ি থেকে বেরিয়ে নবান্নে গিয়ে কাজে যোগ দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

মঙ্গলবার বেলা সাড়ে ১১টা নাগাদ রাজ্যের মুখ্য প্রশাসনিক ভবনে পৌঁছে যান মুখ্যমন্ত্রী। এতদিন পর তিনি নবান্নে যাওয়ায় স্বভাবতই নিরাপত্তার কড়াকড়ি ছিল। তার উপর মুখ্যমন্ত্রীর পায়ে সমস্যা থাকায় তাঁর যাতে কোনওরকম অসুবিধা না হয়, সেই ব্যবস্থাও করা হয়েছিল।

সদ্যই গ্রেফতার হয়েছেন রাজ্যের মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক। তাঁর দায়িত্বে থাকা দফতর বন্টনের বিষয় রয়েছে। এছাড়া আগামী মাসে রাজ্য মন্ত্রিসভার বৈঠক। সূত্রের খবর, এসব নিয়ে আলোচনা ও প্রস্তুতির জন্য মঙ্গলবার থেকেই নবান্নে যাওয়া শুরু করেছেন মুখ্যমন্ত্রী।

## প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রাণ রয়েছে আদানি নামক তোতা পাখির মধ্যে : রাহুল গান্ধী

নয়াদিল্লি, ৩১ অক্টোবর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে তীব্র কটাক্ষ করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। তাঁর মতে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রাণ রয়েছে আদানি নামক তোতা পাখির মধ্যে। কংগ্রেস-সহ বিভিন্ন বিরোধী নেতাদের ফোন হ্যাকিং প্রসঙ্গে রাহুল বলেছেন, আদানিরা সঙ্কটে বলেই নজর ঘোরাতে এ সব করা হচ্ছে। আইফোন হ্যাকিংয়ের চেষ্টার অভিযোগ প্রসঙ্গে এক রাজার কাহিনী শেনান রাহুল গান্ধী। তবে সেই রাজকাহিনী বদলে যায় তোতাকাহিনীতে। রাহুল বলেন, রাজার প্রাণ ভোমরা লুকিয়ে ছিল তোতাপাখির মধ্যে। এখানেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রাণ ভোমরা রয়েছে আদানি নামের তোতা পাখির মধ্যে। মঙ্গলবার দুপুরে এক সাংবাদিক সম্মেলনে রাহুল গান্ধী বলেছেন, 'আগে ভাবতাম ১ নম্বর প্রধানমন্ত্রী মোদী, ২ নম্বর আদানি এবং ৩ নম্বর অমিত শাহ, কিন্তু এটা ভুল, ১ নম্বর আদানি, ২ নম্বর প্রধানমন্ত্রী মোদী এবং ৩ নম্বর অমিত শাহ। আমরা ভারতের রাজনীতি বুঝতে পেরেছি এবং এখন আদানিজি পালাতে পারবেন না। বিভ্রান্তির রাজনীতি চলছে।' ফোন হ্যাকিং প্রসঙ্গে রাহুল আরও বলেছেন, 'আমরা ভয় পাই না। আপনি যত খুশি (ফোন) ট্যাপ করতে পারেন, আমার কিছু যায় আসে না। তুমি যদি আমার ফোন নিতে চাও, আমি তোমাকে দিয়ে দেব।'

## "প্রথম প্রধানমন্ত্রী হওয়া উচিত ছিল প্যাটেলের", জাতীয় ঐক্য দিবসে তথাগত

কলকাতা, ৩১ অক্টোবর (হি.স.): আজ জাতীয় ঐক্য দিবস, সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী। আমাদের প্রথম প্রধানমন্ত্রী তাঁর হওয়া উচিত ছিল। মোহনদাস গান্ধীর গুন্ডামির কৌশলে তিনি তা হতে পারেননি।

এগুলো অবশ্য অনুমান। কিন্তু তিনি যদি প্রধানমন্ত্রী হতেন তাহলে তিনি কখনওই চিনের তিব্বত দখলে রাজি হতেন না; ভারত রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে স্থায়ী আসন পেত; এবং পূর্ব পাকিস্তান থেকে বিতাড়িত হিন্দুদের পুনর্বাসনের জন্য সেখান থেকে এক টুকরো জমি ছিনিয়ে নিতেন!

তার পরও ঈশ্বরকে ধন্যবাদ, স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে তিনি বিভিন্ন রাজ্যের দখল নেন। এর জন্য তাঁকে হায়দরাবাদে 'পুলিশ অ্যাকশন' করতে হয়েছে। এটা যদি নেহরুর হাতে ছেড়ে দেওয়া যেত, তাহলে হায়দরাবাদও জম্মু ও কাশ্মীরের মত হয়ে যেত। সর্দার প্যাটেল অমর রহে।

## পাঁচ বছরের মধ্যে রাজ্যে সর্বোচ্চ ডেঙ্গি সংক্রমণ

কলকাতা, ৩১ অক্টোবর (হি.স.): উৎসবের মরশুমে রাজ্যে আরও ভয়াবহ চেহারায় ডেঙ্গি। পরিসংখ্যান জানাচ্ছে, মহালয়া থেকে দশমী পর্যন্ত ১১ দিনে রাজ্যে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা প্রায় ৯ হাজার। পাঁচ বছরের মধ্যে রাজ্যে সর্বোচ্চ ডেঙ্গি সংক্রমণ এবারই, আরও ধরা পড়েছে এই পরিসংখ্যানে। এ অবস্থায় পুরসভা ও মিউনিসপ্যালিটিগুলিকে নির্দেশ পাঠানো হচ্ছে বলে খবর।মঙ্গলবার স্বাস্থ্য দফতর সূত্রে জানা যায়, গত ২৪ অক্টোবর পর্যন্ত গোটা রাজ্যে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা ছিল ৭৬ হাজার ৪৭৫। গত বছরে রাজ্যে মোট ডেঙ্গি আক্রান্ত হয়েছিলেন ৬৭ হাজার ২৭১ জন। ২০২১-এ রাজ্যে ডেঙ্গি আক্রান্ত হয়েছিলেন ৮ হাজার ২৬৪ জন। ২০২০-তে রাজ্যে ডেঙ্গি আক্রান্ত হয়েছিলেন ৫ হাজার ১৬৬ জন।স্বাস্থ্য ভবনের নথি অনুযায়ী, চলতি বছরে সরকারি হাসপাতালে ডেঙ্গি ধরা পড়েছে ৪৮ হাজার ৩১১ জনের। বেসরকারি হাসপাতাল, ল্যাবে রক্ত পরীক্ষায় ডেঙ্গি ধরা পড়েছে ২৮ হাজার ১৬৪ জনের। সব মিলিয়ে চিন্তা বাড়ছে ডাক্তারদের। স্বাস্থ্য-বিশেষজ্ঞদের একাংশের ধারণা ছিল, উৎসবের মরশুমে হয়তো কিছুটা হলেও ডেঙ্গি-সংক্রমণে রাশ পড়ানো গিয়েছে। কিন্তু সেই আশা যে ভুল, সেটা স্পষ্ট হয়ে গিয়েছে মহালয়া থেকে দশমী পর্যন্ত ডেক্রি আক্রান্তের পরিসংখ্যানে।এহেন পরিস্থিতিতে স্বাস্থ্য দফতরের আধিকারিকরা তাই বিভিন্ন পুরসভাগুলিকে আরও একবার সতর্ক করছেন যে কোনও ভাবেই মশা দমনের কাজে ঢিলেমি দেওয়া যাবে না। এখন আবহাওয়ার যা গতিপ্রকৃতি তাতে বৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই। ফলে নতুন করে হয়তো জলও জমবে না। তবে আগেই জমা-জলে যে সব মশার জন্ম হয়েছে, সেই মশার উৎসস্থলগুলিকে ধ্বংস করতে হবে। এই মর্মে পুরসভা ও মিউনিসপ্যালিটিগুলিকে নির্দেশ পাঠানো হচ্ছে বলে খবর।

## ফোন হ্যাকিংয়ের অভিযোগ আনলেন মহুয়া, একই কথা জানালেন শশী-সহ বিরোধী নেতারা

কলকাতা ও নয়াদিল্লি, ৩১ অক্টোবর (হি.স.): কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্রের আইফোন হ্যাক করতে চায় কেন্দ্র, অ্যাপ্‌ল সংস্থা থেকে তেমনই সতর্কবার্তা এসেছে তাঁর ফোনে। মহুয়া নিজেই এক্স হ্যান্ডেলে এ কথা জানিয়েছেন। প্রমাণ স্বরূপ অ্যাপ্‌লের মেসেজ এবং ইমেলের স্ক্রিনশট পোস্ট করেছেন তিনি। এক্স-এ অ্যাপেলের পাঠানো বার্তা ও ইমেলের স্ক্রিনশট পোস্ট করে জানিয়েছেন মহুয়া।

অ্যাপেলের পাঠানো বার্তায় লেখা রয়েছে, ''রাষ্ট্রপরিচালিত হ্যাকারেরা আপনার আইফোনকে হয়তো টার্গেট করেছে। অ্যাপেল আইডির সঙ্গে আপনার যে আইফোনটি যুক্ত করা আছে, সেটি হ্যাক করার চেষ্টা করা হচ্ছে। আপনি কে, কী করেন সম্ভবত এ সব দেখে হ্যাকারেরা নির্দিষ্ট করে আপনাকেই টার্গেট করেছে। এই রাষ্ট্রপরিচালিত হ্যাকারেরা যদি আপনার আইফোনে এক বার ঢুকতে পারে, তাহলে তারা আপনার ব্যক্তিগত তথ্য, কথোপকথন এমনকী ক্যামেরা এবং মাইক্রোফোনের অ্যাক্সেসও ওদের হাতে চলে যাবে। তাই দয়া করে এই সতর্কবার্তাকে উপেক্ষা করবেন না।''আর অ্যাপেলের পাঠানো এই সতর্কবার্তাকেই হাতিয়ার করে কড়া ভাষায় আক্রমণ শানিয়েছেন কৃষ্ণনগরের সাংসদ। এক্সে তিনি লিখেছেন, ''কেন্দ্রীয় সরকার আমার ফোন ও ইমেল হ্যাক করার চেষ্টা করছে। অ্যাপেল থেকে সেই সতর্কবার্তা পেয়েছি। আপনাদের ভয় দেখে আমার করুনা হচ্ছে।'' তবে তিনি একা নন, মহুয়া জানিয়েছেন, এই ধরনের সতর্কবার্তা শিবসেনা সাংসদ প্রিয়াঙ্কা চতুর্বেদী-সহ আইএনডিআই জোটের আরও তিন জন অ্যাপেল ব্যবহারকারী পেয়েছেন।

টাকা ও উপহারের বদলে আদানি গোষ্ঠীর বিরুদ্ধে লোকসভায় প্রশ্ন কাণ্ডে এমনিতেই বিপাকে পড়েছেন মহুয়া। বিজেপি সাংসদ নিশিকান্ত দুবের অভিযোগের ভিত্তিতে লোকসভার এথিক্স কমিটিতে চলছে সেই বিষয়ের শুনানি। তার মাঝেই কেন্দ্রের বিরুদ্ধে তৃণমূল সাংসদের এই অভিযোগ নিয়ে তোলপাড় রাজ্য রাজনীতি।

এদিকে, মহুয়ার মতো একই অভিযোগ এনেছেন কংগ্রেস নেতা শশী থারুর, পবন খেরা, আম আদমি পার্টির নেতা রাঘব চাড্ডা, অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমীন প্রধান আসাদউদ্দিন ওয়াইসি প্রমুখ।

## নিরীহ করদাতাদের কাছ থেকে আদায় করা হবে ক্ষতিপূরণ, মন্তব্য সুকান্তর

কলকাতা, ৩১ অক্টোবর (হি.স.): সিঙ্গুর মামলায় রাজ্যের আইনি পরাজয়ে দেয় আর্থিক ক্ষতিপূরণের ধাক্কা পড়বে নিরীহ করদাতাদের ওপর।

মঙ্গলবার এই মন্তব্য করলেন বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

সিঙ্গুরে নির্মীয়মান কারখানার তিনটি ছবি ও সংশ্লিষ্ট নথি-সহ তিনি এক্স হ্যাণ্ডেলে লিখেছেন, "টাটা মোটরস (টিএমএল) পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমের (ডব্লুবিআইডিসি) বিরুদ্ধে সিঙ্গুর কারখানার মামলা জিতেছে: টিএমএল বার্ষিক ১১ শতাংশ সুদের সাথে ডব্লুবিআইডিসি থেকে ৭৬৫.৭৮ কোটি টাকা পুনরুদ্ধার করার অধিকারী।

আশা করি জনগণ এই শিক্ষাটি শিখবে যে যারা জনগণের উন্নয়নে বাধা সৃষ্টি করে তাদের শেষ পর্যন্ত মূল্য দিতে হবে। টাটা কোম্পানি মমতা সরকারের বাতিকপূর্ণ পদ্ধতির জন্য, এখন এই অর্থ পশ্চিমবঙ্গের নিরীহ করদাতাদের কাছ থেকে আদায় করা হবে। এটি কেবলমাত্র একটি দৃষ্টান্ত যেভাবে তৃণমূল সরকার বাংলার মানুষের জীবনের ক্ষতি করছে।"

## ঝাড়খণ্ডের হাজারিবাগে ট্রেনের ধাক্কায় মৃত ২, আহত ৭

হাজারিবাগ, ৩১ অক্টোবর (হি.স.) : ঝাড়খণ্ডের হাজারিবাগ জেলায় ট্রেনের ধাক্কায় দুজনের মৃত্যু হয়েছে, সাতজন আহত হয়েছেন। মঙ্গলবার সকালে হাজারিবাগ জেলার চরহি থানার অন্তর্গত ২৩ নম্বর রেলওয়ের দলদলিয়া গ্রামের কাছে ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই এক মহিলা ও এক পুরুষের মৃত্যু হয়। দুর্ঘটনায় সাতজন আহত হয়। জানা গিয়েছে, মঙ্গলবার সকাল ৭টা নাগাদ হাজারিবাগ জেলার চরহি পঞ্চায়েতের সরবাহা গ্রামের সাতজন মহিলা ও দুইজন পুরুষ মাটি আনতে ট্রাক্টরে করে রেললাইন পেরোচ্ছিলেন। এই সময় আচমকাই ট্রেন এসে পড়লে দুর্ঘটনাটি ঘটে।

## ২ নভেম্বর গ্রেফতার করা হতে পারে কেজরিওয়ালকে, আশঙ্কার কথা জানালেন অতিশী

নয়াদিল্লি, ৩১ অক্টোবর (হি.স.): আগামী ২ নভেম্বর গ্রেফতার হতে পারেন দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টি (এএপি)-র প্রধান অরবিন্দ কেজরিওয়াল। এমনই আশঙ্কা করছে কেজরিওয়ালের দল। মঙ্গলবার দিল্লির মন্ত্রী তথা এএপি নেত্রী অতিশী বলেছেন, 'আমরা তথ্য পাচ্ছি, অরবিন্দ কেজরিওয়াল যখন ২ নভেম্বর ইডি-র সামনে হাজির হবেন, তখন ইডি তাঁকে গ্রেফতার করবে এবং জেলে রাখবে। বিজেপি এবং প্রধানমন্ত্রী এএপি-কে শেষ করতে চান। অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করা হবে, কারণ প্রধানমন্ত্রী তাঁকে ভয় পান, তাঁর বিরুদ্ধে কোনও মামলা নেই।

অতিশী আরও বলেছেন, 'বিজেপি এবং প্রধানমন্ত্রী মোদী জানেন, তাঁরা এএপি-কে নির্বাচনে হারাতে পারবেন না। এখন এএপি-কে শেষ করতে, দলের নেতাদের জেলে ঢোকানো হচ্ছে। আম আদমি পার্টির সমস্ত বড় নেতাদের কারাগারে ঢোকানোর মানে একটাই যে তাঁরা (বিজেপি) এএপি-কে শেষ করে দেবে।' অতিশীর কথায়, 'যারা বিজেপির বিরুদ্ধে কথা বলে, তাঁদেরই টার্গেট করা হচ্ছে। ইডি এবং সিবিআই-এর অপব্যবহার শুধুমাত্র অরবিন্দ কেজরিওয়ালের উপর শেষ হবে না, বিরোধী এবং আইএনডিআই জোটের সমস্ত নেতাদেরও জেলে পাঠানো হবে। অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারের পর, পরবর্তী নম্বর হবে হেমন্ত সোরেন, তারপরে তেজস্বী যাদব, তারপর পিনারাই বিজয়ন এবং তারপরে স্ট্যালিন (এম কে স্ট্যালিন)।'

## ২৬-তম রাজ্যপাল পেল ওড়িশা, শপথ নিলেন ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী রঘুবর দাস

ভুবনেশ্বর, ৩১ অক্টোবর (হি.স.): নতুন তথা ২৬-তম রাজ্যপাল পেল ওড়িশা। মঙ্গলবার ওড়িশার ২৬-তম রাজ্যপাল হিসেবে শপথবাক্য পাঠ করেছেন ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী রঘুবর দাস। রাজভবনে আয়োজিত শপথগ্রহণ অনুষ্ঠানে রঘুবর দাসকে ওড়িশার রাজ্যপাল পদে শপথবাক্য পাঠ করান ওড়িশা হাইকোর্টের প্রধান বিচারপতি।

শপথগ্রহণ অনুষ্ঠানে রঘুবর দাসের পরিবারের সদস্য-সহ ৮০ জন অতিথি উপস্থিত ছিলেন। রাজ্যপাল হিসেবে শপথ নেওয়ার প্রাক্কালে ভুবনেশ্বরে ভগবান লিঙ্গরাজের আশীর্বাদ পেতে সকালেই লিঙ্গরাজ মন্দিরে যান রঘুবর দাস। ওড়িশা ও ভারতকে উন্নয়ন ও সাফল্যের শিখরে পৌঁছানোর জন্য ভগবানের কাছে প্রার্থনা করেন তিনি।

উল্লেখ্য, গত ১৮ অক্টোবর ওড়িশার রাজ্যপাল হিসেবে রঘুবর দাসকে নিযুক্ত করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। তিনি অধ্যাপক গণেশি লালের স্থলাভিষিক্ত হলেন।

## ফের ইডি-র জেরার মুখে জ্যোতিষ্মান ও পাঁচু

কলকাতা, ৩১ অক্টোবর (হি.স.): রেশন বণ্টন দুর্নীতির পাশাপাশি পুর নিয়োগ দুর্নীতি তদন্তেও তৎপর ইডি। সোমবারের পর মঙ্গলবারও সিজিও কমপ্লেক্সে হাজিরা দিলেন আইএএস জ্যোতিষ্মান চট্টোপাধ্যায়। সোমবার তাঁকে দু""'দফায় প্রায় সোয়া ন""'ঘণ্টা ধরে জিজ্ঞাসাবাদ করে ইডি। এদিন সিজিও কমপ্লেক্সে হাজিরা দেন দক্ষিণ দমদম পুরসভার প্রাক্তন চেয়ারম্যান পাচু রায়ও। ২০১৭ থেকে ২০১৯ পর্যন্ত পুর ও নগরোন্নয়ন দফতরের ডিএলবি-তে ছিলেন জ্যোতিষ্মান। পুর নিয়োগ দুর্নীতি মামলায় গত ৫ অক্টোবর সল্টলেকের শ্রাবণী আবাসনে ওই অফিসারের বাড়িতে দীর্ঘক্ষণ তল্লাশি চলে। ১৭ ঘণ্টা ম্যারাথন তল্লাশি চালায় ইডি। জিজ্ঞাসাবাদও করা হয় তাঁকে। ওই দিনই দক্ষিণ দমদম পুরসভায় সেখানকার ভাইস চেয়ারম্যান নিতাই দত্ত, এবং প্রাক্তন চেয়ারম্যান পাঁচু রায়ের বাড়িতে হানা দেয় ইডি। পাশাপাশি খাদ্যমন্ত্রী ও মধ্যমগ্রাম পুরসভার প্রাক্তন চেয়ারম্যান রথীন ঘোষের বাড়ি, সাতজন প্রাক্তন ও বর্তমান চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও এক পুরকর্মীর বাড়ি এবং মধ্যমগ্রাম পুরসভা, দক্ষিণ দমদম, কামারহাটি ও কাঁচরাপাড়া পুরসভাতে ম্যারাথন তল্লাশি চালায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। এরপর কলকাতার মেয়র ফিরহাদ হাকিমের বাড়িতেও তল্লাশি চালায় ইডি।

## স্বস্তি পেলেন চন্দ্রবাবু, দক্ষতা উন্নয়ন দুর্নীতি মামলায় অন্তর্বর্তী জামিন পেলেন টিডিপি প্রধান

বিজওয়াড়া, ৩১ অক্টোবর (হি.স.): অন্ধ্রপ্রদেশ হাইকোর্টে স্বস্তি পেলেন অন্ধ্রপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও টিডিপি (তেলুগু দেশম পার্টি) প্রধান এন চন্দ্রবাবু নাইডু। মঙ্গলবার চন্দ্রবাবু নাইডুকে ৪ সপ্তাহের জন্য অন্তর্বর্তীকালীন জামিন প্রদান করেছে অন্ধ্রপ্রদেশ হাইকোর্ট। দক্ষতা উন্নয়ন দুর্নীতি মামলায় চন্দ্রবাবু নাইডু এদিন অন্তর্বর্তীকালীন জামিন পেয়েছেন। হাইকোর্টের আইনজীবী সুনকরা কৃষ্ণমূর্তি জানিয়েছেন, মেডিকেল গ্রাউন্ডে জামিন পেয়েছেন চন্দ্রবাবু নাইডু। তবে, এন চন্দ্রবাবু নাইডুকে আগামী ২৪ নভেম্বর পর্যন্ত শর্তসাপেক্ষে জামিন দিয়েছে অন্ধ্রপ্রদেশ হাইকোর্ট এবং তাঁকে ২৪ নভেম্বর আত্মসমর্পণের নির্দেশ দিয়েছে। ১০ নভেম্বর মূল জামিন আবেদনের ওপর যুক্তিতর্ক শুনানি হবে আদালতে। তাঁকে হাসপাতালে যাওয়া ছাড়া অন্য কোনও কর্মসূচিতে অংশ না নেওয়ার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। চন্দ্রবাবু নাইডুকে সংবাদ মাধ্যম ও রাজনৈতিক কর্মসূচিতে অংশ না নেওয়ার নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

দক্ষতা উন্নয়ন দুর্নীতি মামলায় গত ৯ সেপ্টেম্বর গ্রেফতার হন অন্ধ্রপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা তেলুগু দেশম পার্টি (টিডিপি)-র প্রধান এন চন্দ্রবাবু নাইডু। এই কয়েকদিনে ওজন কমেছে চন্দ্রবাবুর, এমনটাই দাবি করেছে তাঁর পরিবার। শারীরিক কারণেই জামিনের আবেদন জানানো হয়েছিল অন্ধ্রপ্রদেশ হাইকোর্টে, মঙ্গলবার সেই আবেদন মঞ্জুর করে চন্দ্রবাবু নাইডুকে ৪ সপ্তাহের জন্য অন্তর্বর্তীকালীন জামিন প্রদান করেছে অন্ধ্রপ্রদেশ হাইকোর্ট।

## পথ শিশুদের পাশে দাঁড়ানোয় স্বীকৃতি পেলেন ব্রাজিলের তারকা ফুটবলার ভিনিসিয়ুস

প্যারিস, ৩১ অক্টোবর (হি.স.): দীর্ঘদিন ধরে ব্রাজিলের সুবিধাবঞ্চিত শিশুদের জীবনোন্নয়নে কাজ করে চলেছেন ভিনিসিয়ুস জুনিয়র ফাউন্ডেশন। এ জন্য রিয়াল মাদ্রিদ ও ব্রাজিলের তারকা এই ফরোয়ার্ড পেলেন সক্রেতিস অ্যাওয়ার্ড। প্যারিসে সোমবার রাতে জমকালো ব্যালন ডি''অর অনুষ্ঠানে ভিনির হাতে এই পুরস্কার তুলে দেওয়ায় হয়েছে। মূলত সুবিধা বঞ্চিত শিশুদের পাশে দাঁড়ানোয় ভিনির এই সংগঠনকে পুরস্কৃত করেছে 'ফ্রান্স ফুটবল' ম্যাগাজিন। ভবিষ্যতে আরও অনেকেই পথ শিশুদের নিয়ে কাজ করতে উৎসাহিত হবে, এমনটাই প্রত্যাশা তাদের।

## উত্তর প্রদেশের বাহরাইচ জেলায় সড়ক দুর্ঘটনায় মৃত দম্পতি, আহত ৬

বাহরাইচ, ৩১ অক্টোবর (হি.স.) : উত্তর প্রদেশের বাহরাইচ জেলায় বাইকের সঙ্গে পিকআপ ভ্যানের সংঘর্ষে মৃত্যু হয়েছে এক দম্পতির। আহত হয়েছে ৬ শিশু। সোমবার গভীর রাতে বাহরাইচ জেলায় এক দম্পতি তাদের শিশুদের নিয়ে বাইকে করে যাচ্ছিল। আচমকাই একটি পিকআপ ভ্যানের সঙ্গে তাদের বাইকের ধাক্কা লাগলে দুর্ঘটনায় দম্পতির মৃত্যু হয়। ছয় শিশুও গুরুতর আহত হয়। আহত শিশুদের চিকিৎসার জন্য বাহরাইচ থেকে লখনউতে রেফার করা হয়েছে।

বাইক আরোহী দুর্গেশ তাঁর স্ত্রী ও ছয় সন্তানকে নিয়ে বাইকে করে যাচ্ছিলেন। কোতোয়ালি দেহাত এলাকায় একটি দ্রুতগামী পিকআপ তাঁর বাইককে জোরে ধাক্কা দিলে ঘটনাস্থলেই স্বামী-স্ত্রীর মৃত্যু হয়। শিশুদের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। যেখান থেকে তাদের লখনউতে রেফার করা হয়েছে। বাহরাইচের এসপি পবিত্র মোহন ত্রিপাঠী জানান, খবর পেয়ে পুলিশ এসে মৃতদেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## ২০০ কোটির পর ৪০০ কোটি, তৃতীয়বার প্রাণনাশের হুমকি পেলেন মুকেশ আম্বানি

মুম্বই, ৩১ অক্টোবর (হি.স.) : উপর্যুপরি হুমকি পাচ্ছেন বিশিষ্ট শিল্পপতি মুকেশ আম্বানি। ২০০ কোটির পর ৪০০ কোটি টাকা চেয়ে ইমেলের মাধ্যমে তৃতীয়বার প্রাণনাশের হুমকি পেলেন মুকেশ আম্বানি।

মঙ্গলবার পুলিশ জানিয়েছে, আম্বানি ফের হুমকি ইমেল পেয়েছেন, এবার ৪০০ কোটি টাকা চাওয়া হয়েছে। এই নিয়ে রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেডের চেয়ারম্যান, বিলিয়নিয়ার শিল্পপতি মুকেশ আম্বানি তৃতীয়বারের মতো প্রাণনাশের হুমকি পেলেন। এবার হুমকিদাতা ৪০০ কোটি টাকা চেয়ে ইমেল পাঠিয়েছে।

বারবার হুমকির প্রেক্ষিতে মুকেশ আম্বানির বাসভবন অ্যান্টিলিয়ার-এ মুম্বই পুলিশ কড়া নিরাপত্তার ব্যবস্থা করেছে। তৃতীয় ইমেলে লেখা রয়েছে, ''আপনার নিরাপত্তা যতই ভালো হোক না কেন, আমরা আপনাকে মেরে ফেলতে পারি।"

প্রথমবার মুকেশ আম্বানিকে ২০ কোটি টাকা এবং দ্বিতীয়বার ২০০ কোটি টাকা চেয়ে ইমেল পাঠানো হয়েছিল।


গত বছরও মুকেশ আম্বানি ও তাঁর পরিবারের সদস্যদের প্রাণ নেওয়ার হুমকি দেওয়া হয়েছিল। সেবার মুম্বই পুলিশ হুমকি পাওয়ার পর বিহারের দারভাঙ্গা থেকে এক ব্যক্তিকে গ্রেফতারও করেছিল।

## হাইলাকান্দিতে রাষ্ট্রীয় একতা সপ্তাহের শেষ দিনে একতা দৌড়, শপথ

হাইলাকান্দি (অসম) ৩১ অক্টোবর (হি.স.) : রাষ্ট্রীয় একতা সপ্তাহ পালনের শেষ দিনে মঙ্গলবার হাইলাকান্দি জেলার বিভিন্ন স্থানে রান ফর ইউনিটি অর্থাৎ একতা দৌড় বের করা হয়। জেলা আয়ুক্তের কার্য্যালয় থেকে সরকারি আধিকারিক ও কর্মচারীদের একতা দৌড়টির পতাকা নেড়ে যাত্রা শুরু করেন জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে। জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে মঙ্গলবার এই একতা দৌড় অনুষ্ঠিত হয়। এছাড়া সপ্তাহ পালনের শেষ দিনে সরকারি কার্য্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় সংহতি সুদৃঢ় করার সমবেত শপথ অগ্রহণ করা হয়। এতে কার্য্যালয়গুলির আধিকারিক ও কর্মচারীরা সমবেত শপথের মাধ্যমে জাতীয় ঐক্য মজবুত করার অঙ্গীকার নেন। জেলা আয়ুক্তের কার্য্যালয়ের সভাকক্ষে কেন্দ্রীয়ভাবে আধিকারিক ও কার্য্যালয় আধিকারিক ও কর্মচারীদের সমবেত শপথ পাঠ করান জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে। সমবেত শপথ অনুষ্ঠানের আগে লৌহ মানব সরদার বল্লভ ভাই প্যাটেলের প্রতিকৃতিতে মাল্যদান করা হয়।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## দীর্ঘ ক্ষণ ল্যাপটপে কাজ করার পর ঘাড় ঘোরাতে পারছেন না



ঘাড় ঘুরিয়ে পাশে বসা সহকর্মীর দিকে তাকাতে পারছেন না। তাঁর দিকে তাকাতে গেলে গোটা শরীরটাকেই এক পাশে ঘুরিয়ে ফেলতে হচ্ছে। একটু বেকায়দা হলেই ঘাড়ে ব্যথা করছে। শুয়েও শান্তি নেই। এই ধরনের ব্যথা সাধারণত শোয়ার বা বসার ভঙ্গির দোষে হতে পারে। শরীরচর্চা করার সময়েও ভুল ভঙ্গির কারণে ঘাড় বা কাঁধের পেশিতে চোট লেগে যেতে পারে।

চিকিৎসকেরা বলছেন, এই ধরনের ব্যথা যে সারা ক্ষণ হতে থাকে, তা নয়। তবে ভিতর ভিতর এমন একরকম কষ্ট হয়, যাতে সাধারণ কাজকর্মে ব্যাঘাত ঘটে। ঘাড়ের নমনীয়তা কমে আসতে পারে। ফলে অদ্ভুত ভাবে ঘাড় শক্ত হয়ে যেতে পারে। ঘাড় বা কাঁধের এই ধরনের সমস্যা নিরাময়ে ব্যথা কমানোর ওষুধ খান অনেকেই। তবে ঘরোয়া কিছু পদ্ধতিতে এই সমস্যার সমাধান সম্ভব।

১) ঠান্ডা এবং গরম সেঁক
সাধারণত শরীরের কোনও স্থানে রক্ত চলাচল ব্যাহত হলে ব্যথা হয়। ঘাড় বা কাঁধের পেশিতে যে ব্যথা হয়, তা নিরাময়ে গরম সেঁক দেওয়া যেতে পারে। রক্ত সঞ্চালন স্বাভাবিক করতে দারুণ কাজ করে গরম সেঁক। কারও কারও ক্ষেত্রে আবার ঠান্ডা বরফের সেঁকও একই রকম কাজ করে।

২) সাধারণ স্ট্রেচিং
হালকা কিছু স্ট্রেচ এই ধরনের ব্যথায় আরাম দিতে পারে। তবে তা অবশ্যই প্রশিক্ষকের তত্ত্বাবধানে করতে হবে। স্ট্রেচ করার সময়ে শ্বাস-প্রশ্বাস স্বাভাবিক রাখার চেষ্টা করতে হবে।

৩) নিজেই করুন মাসাজ
ঈষদুষ্ণ তেল নিয়ে হালকা হাতে নিজেই ঘাড়ে মাসাজ করতে পারেন। হাত ঘুরিয়ে কাঁধে বা ঘাড়ে মাসাজ করতে অসুবিধা হলে মাসাজ করার যন্ত্র কিনে নিতে পারেন।

৪) ফিজিয়োথেরাপি
ব্যথার তীব্রতা যদি খুব বেশি হয়, সে ক্ষেত্রে পেশাদার, দক্ষ ফিজিয়োথেরাপিস্টের সাহায্য নিতেই হবে। পেশির ব্যথা নিরাময়ে নির্দিষ্ট কিছু ভঙ্গি রয়েছে, যা ফিজিয়োথেরাপিস্টের সাহায্য ছাড়া করা যায় না।

৫) শরীরচর্চা কম
শরীরে কোনও জায়গায় ব্যথা হলে খুব চাপ দিয়ে শরীরচর্চা বা ব্যায়াম করা উচিত নয়। এমন অভ্যাসে কিন্তু হিতে বিপরীত হতে পারে। প্রথমে ব্যথা কমিয়ে, তার পর ধীরে ধীরে আবার ব্যায়াম শুরু করা যেতে পারে।

## চোখ-ঠোঁটের চারপাশের বলিরেখা বাড়ছে?



বয়স বাড়তে থাকলে ত্বকের পেশি শিথিল হয়ে পড়ে। ফলে বলিরেখার পরিমাণ বাড়তে থাকে। সেটাই স্বাভাবিক। তবে কম বয়সিদের মুখেও অনেক সময়ে সূক্ষ্ম ভাঁজ বা বলিরেখা দেখা যায়। ঘরোয়া নানা রকম টোটকাতেও এই বলিরেখা আটকানো যায় না। চিকিৎসকেরা বলছেন, অল্প বয়সে মুখে বলিরেখা পড়ার অন্যতম একটি কারণ হল শোয়ার ভঙ্গি।

দীর্ঘ ক্ষণ এক পাশ ফিরে শোয়ার জন্যই মুখে নানা রকম ভাঁজ পড়ে। সময়ের সঙ্গে সঙ্গে সেই ভাঁজ আরও গভীর হতে থাকে এবং তা স্থায়ী হয়ে যায়। শোয়ার ভঙ্গি কী ভাবে মুখের আদল বদলে দিতে পারে? অ্যাস্থেটিক সার্জারি জার্নাল রিসার্চ বলছে, ঘুমের সময়ে মানসিক চাপ, ক্রমাগত মুখের পেশির সঙ্কোচন-প্রসারণ বা অঙ্গভঙ্গির ফলে মুখের আকার বা ত্বকে নানা রকম ভাঁজ পড়ে। যে কোনও এক পাশ ফিরে শোয়ার অভ্যাসে এই ধরনের সমস্যা আরও বেড়ে যায়। বেশির ভাগ ক্ষেত্রেই দেখা যায়, নাকের পাশ থেকে তা ঠোঁটের কোণ পর্যন্ত বিস্তৃত। এক পাশ ফিরে শুলে দেহের অন্যান্য অংশেও একই ভাবে চাপ পড়ে।

শোয়ার ভঙ্গি কী ভাবে মুখে বলিরেখা ফেলতে পারে? বলিরেখার জন্য বয়স, জীবনধারা এবং জিন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু কম বয়সে মুখ, ঘাড় কিংবা গলায় সূক্ষ্ম ভাঁজ পড়ার পিছনে শোয়ার ভঙ্গি দোষ অস্বীকার করা যায় না। এই সমস্যা সমাধান করতে সোজা হয়ে পিঠের উপর শুতে বলেন চিকিতকেরা। এক পাশ ফিরে শুলে দেহের পুরো ভার এক দিকে গিয়ে পড়ে। ফলে বলিরেখা পড়ার আশঙ্কা বৃদ্ধি পায়।


## নিজের রান্না করা খাবার দেখে আঁতকে উঠলেন তরুণী, কিন্তু কেন?



নিজের রেস্তরাঁর রান্নার জন্য বাজার থেকে শাকসব্জি, মাছ-মাংস কিনে আনার পর নিজে হাতেই সে সব পরিষ্কার করে নেন বছর তিরিশের সিমোনা বেকার। এ দিনও তাই করেছিলেন। কিন্তু তার পরেও যা ঘটল, নিজের চোখকেই বিশ্বাস করতে পারছিলেন না সিমোনা। সিডনি শহরে তাঁর নিজের একটি রেস্তরাঁ আছে। সিমোনা রান্নাও করেন নিজের হাতে। তাঁর হাতের পালং পাস্তা খেতে প্রচুর মানুষ ভিড় করেন। এ দিন নিজের হাতেই পাস্তা রেঁধেছিলেন রেস্তরাঁর হেঁশেলে। কিন্তু সেই পাস্তা পরিবেশন করার আগেই আঁতকে ওঠেন তিনি। পালং শাক, পাস্তা, মশলা, মেয়োনিজ ছাড়াও আরও একটি জিনিস তাঁর চোখে পড়ে। পালং পাস্তার সঙ্গেই রান্না হয়েছে একটি জ্যান্ত ব্যাঙ। সেটা দেখেই মাথা ঘুরতে শুরু করে সিমোনার।

রান্নার পর অবশ্য ব্যাঙটি একেবারে নেতিয়ে পড়েছে। কিন্তু কী ভাবে রান্নায় ব্যাঙটি এল, সেটাই বুঝতে পারছিলেন না সিমোনা। পরে অবশ্য তাঁর মনে হয়, পালং শাকের মধ্যেই লুকিয়ে ছিল ছোট ব্যাঙটি। পালং শাক ঠিক করে না ধোয়ার কারণেই এই কাণ্ডটি ঘটে। তবে একটা স্বস্তির বিষয় এই যে, খাবারটি কারও পাতে পড়ার আগেই তাঁর চোখে পড়েছে। এই ঘটনার পর একটি ইনস্টাগ্রাম ভিডিয়োয় তিনি পরামর্শ দিয়েছেন, রান্না করার আগে সব সময় কাঁচা শাকসব্জি ভাল করে বহু বার ধুয়ে নেওয়া জরুরি।

## ঢোক গিলতে গেলেই গলায় ব্যথা



পুজোর পর থেকেই আবহাওয়া বদলের ইঙ্গিত টের পাওয়া যাচ্ছে। রাতে একটু গরম হলেও ভোরের দিকে কাঁথামুড়ি দিতে হচ্ছে অনেককেই। এই সময়ে সর্দি-কাশি, গলাব্যথার মতো সমস্যা দেখা যাচ্ছে প্রায় সব ঘরেই। ঘুম থেকে উঠে ঢোক গিলতে গেলেই কাঁটার মতো কী যেন গলায় বিঁধছে। বেলা বাড়লেও জল খেতে সমস্যা হচ্ছে।

নুন-গরম জল গিয়ে গার্গল করছেন, তবে সঙ্গে যদি কয়েকটি টোটকা করতে পারেন, কাজ হবে আরও তাড়াতাড়ি।

কোন কোন ঘরোয়া উপাদানে সারবে গলাব্যথা?

১) মধু- গলাব্যথা থেকে মুক্তি পেতে ঘরোয়া ওষুধ হিসেবে দারুণ কার্যকরী মধু। মধুতে রয়েছে অ্যান্টি-ইনফ্লেমেটরি এবং অ্যান্টি-ব্যাক্টেরিয়াল উপাদান, যা গলা এবং শ্বাসনালিতে সমস্যা সৃষ্টিকারী ব্যাক্টেরিয়া ও ভাইরাসকে ধ্বংস করে ফেলতে সক্ষম। সকালে ঈষদুষ্ণ জলে বা ভেষজ চায়ে ২ চা চামচ মধু মিশিয়ে খাওয়া যেতে পারে।

২) রসুন- আবহাওয়া পরিবর্তনের সময়ে গলাব্যথা, সর্দি-কাশি লেগেই থাকে। এই সব সমস্যা থেকে রেহাই পেতে অনেকেই রসুন খেয়ে থাকেন। রসুনের মধ্যে রয়েছে অ্যালিসিন নামক একটি উপাদান। যা সংক্রমণজনিত জ্বর, ফ্লু সারাতেও দারুণ কাজ করে।

৩) দারচিনি- দারচিনিতে রয়েছে আশ্চর্য ভেষজ গুণ। সুগন্ধি এই মশলাটির একাধিক উপকারিতা রয়েছে। সর্দি-কাশি থেকে রেহাই পেতে দারচিনির জুড়ি মেলা ভার। তা ছাড়া গলাব্যথাতেও দুর্দান্ত কাজ দেয় এই মশলা। বিভিন্ন ভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে সহায়তা করে দারচিনি। রোজকার চায়ে সামান্য দারচিনি মিশিয়ে খেলে অল্প দিনেই উপকার পাবেন।

৪) হলুদ- হলুদের জীবাণুরোধক ক্ষমতা অপরিসীম। টিস্যুর প্রদাহ থেকে রক্ষা করে হলুদ। তাই গলার ব্যথা কমাতে অনেকেই ঘরোয়া উপায়ে হলুদ ব্যবহার করে থাকেন। কী ভাবে খাবেন হলুদ? এক কাপ দুধে সামান্য হলুদ মেশান। তার পর সেই দুধ ফুটিয়ে রাতে ঘুমোতে যাওয়ার আগে গরম গরম খান। এই হলুদ মেশানো দুধ যে কোনও সংক্রমণ বা গলাব্যথা কমানোর ক্ষেত্রে খুব কার্যকর।

৫) লবঙ্গ- গলাব্যথা বা কাশি থেকে মুক্তি পেতে লবঙ্গ দারুণ উপকারী। একটি লবঙ্গ নিয়ে তাতে ভাল করে সৈন্ধব লবণ লাগিয়ে মুখে রাখুন। গলাব্যথা, গলা খুসখুস, কাশির সমস্যার ভাল দাওয়াই লবঙ্গ।

## কষা মাংস কিংবা রুই কালিয়া কী ভাবে রসুন দিলে স্বাদ বাড়বে



মাছ হোক কিংবা মাংস, রান্নায় স্বাদ আনতে রসুনের ভূমিকা অনবদ্য। বাঙালি বাড়িতে নিরামিষ রান্নার দিন বাদ দিয়ে রসুন ছাড়া খাবার বানানোর কথা ভাবাই যায় না। বিশেষ করে উতব-অনুষ্ঠানে মরসুমে বাড়িময় ম ম করে রসুনের গন্ধ। রান্নার স্বাদ আনা ছাড়াও রসুনের স্বাস্থ্যগুণও কম নয়। রান্নায় রসুন ব্যবহার করলে সুফল পাওয়া যায় তো বটেই, তবে পুষ্টিবিদ এবং চিকিৎসক উভয়েরই মতে, কাঁচা রসুনও কম স্বাস্থ্যকর নয়।

প্রদাহজনিত সমস্যা দূর করা থেকে শুরু করে পেশির নমনীয়তা রক্ষা, প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতেও রসুনের সত্যিই কোনও বিকল্প নেই। তবে রসুনের স্বাস্থ্যগুণ পুরোপুরি পাওয়া যাবে তখনই, যখন রান্নায় এর ব্যবহার সঠিক পদ্ধতিতে হবে।

রসুন কুচি, রসুন বাটা, আস্ত রসুন বিভিন্ন ভাবে রান্নায় রসুন ব্যবহারের চল আছে। কিন্তু কোন পদ্ধতিটি ভুল সম্প্রতি তা নিজের ইনস্টাগ্রাম ভিডিয়োতে জানিয়েছেন বলিউডের তারকা পুষ্টিবিদ রিধিমা বাত্রা। তিনি জানাচ্ছেন, আস্ত রসুনের কোয়া কখনও সরাসরি রান্নায় দেওয়া ঠিক নয়। সবচেয়ে ভাল হয় যদি রসুন কুচি করে অথবা বেটে দিতে পারেন। তা হলে আসল উপকার মিলবে। তবে রসুন বেটেই সঙ্গে সঙ্গে রান্নায় দেওয়া ঠিক হবে না। রান্না শুরুর অন্তত ১০ মিনিট আগে বেটে রাখুন। এতে রসুনে থাকা স্বাস্থ্যকর উপাদান অ্যালিসিন সক্রিয় হয়ে ওঠার সুযোগ পাবে। অ্যালিসিন ক্যানসার প্রতিরোধে সাহায্য করে। কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণেও যথেষ্ট সাহায্য করে এই উপাদান। উচ্চ রক্তচাপের মাত্রা কমাতেও রসুনে থাকা অ্যালিসিন কার্যকরী। রসুন কোয়া রান্নায় দিলে অ্যালিসিনের কার্যক্ষমতা নষ্ট হয়ে যায়। তার চেয়ে রসুন বেটে দিলে রান্না সুস্বাদুও হয়, আবার এর স্বাস্থ্যগুণও পাওয়া যায়।

## কড়া ডায়েট না করেও ঝরাবেন কী ভাবে পেটে মেদ



শরীরচর্চা করে ওজন কমানো সম্ভব হলেও পেটের মেদ ঝরানো কিন্তু বেশ কঠিন। বিশেষ করে বয়স ৪০-এর কোঠা পেরোলে পেটের বাড়তি মেদ কমাতে যথেষ্ট বেগ পেতে হয়। অত্যধিক পরিমাণে বাইরের খাবার খাওয়া, শরীরচর্চা না করা এমন বিবিধ কারণে পেটের মেদ জমতে পারে। কিন্তু চল্লিশ পেরিয়ে পেটে মেদ জমতে শুরু করলে, তার নেপথ্যে অন্য কারণ থাকতে পারে।


হরমোনের পরিবর্তন, ইস্ট্রোজেনের মাত্রা কমে যাওয়া, মানসিক অবসাদ পেটের স্থূলতার একটা বড় কারণ। এ ছাড়াও এই বয়সে শরীরের অন্দরেও নানা পরিবর্তন ঘটতে থাকে। সব মিলিয়ে বাড়তি মেদ জমা হতে থাকে উদরে। অনেকেই পেটের মেদ ঝরাতে শরীরচর্চা করেন, জিমে যান। কিন্তু সে সব করেও কোনও লাভ হয় না। পুষ্টিবিদেরা জানাচ্ছেন, কম বয়সে শরীরচর্চা করার ব্যাপারে যে পরিমাণ উতাহ থাকে, বয়স বাড়ার সঙ্গে সঙ্গে তা কমতে থাকে। ফলে শরীরচর্চা করলেও বিশেষ কোনও লাভ হয় না। তবে ৪০-এর পর যে পেটের মেদ কমানোর কোনও উপায়ই নেই, তেমনও নয়। কয়েকটি নিয়ম মেনে চললে মেদ ঝরানো সহজ হবে।

সুষম ডায়েট- বয়স ৪০ হয়ে গেলে খাওয়াদাওয়ার দিকে বিশেষ নজর দিতে হয়। কী খাচ্ছেন, তার উপরে নির্ভর করছে মেদহীন থাকা সম্ভব কি না। তাই মেদহীন থাকতে ফল, সবুজ শাকসব্জি, প্রোটিন বেশি করে খাওয়া জরুরি। তা হলে মেদ জমার ঝুঁকি কম থাকবে।

উদ্বেগমুক্ত থাকুন- অতিরিক্ত দুশ্চিন্তা, উদ্বেগে পেটে মেদ জমতে পারে। তাই মেদ ঝরাতে যতটা সম্ভব উদ্বেগমুক্ত থাকুন। তাতে মন এবং শরীর, দুই-ই ভাল থাকবে।

পর্যাপ্ত ঘুম- ঘুমের ঘাটতিও পেটে মেদ জমার একটা কারণ। তাই প্রতি দিন পর্যাপ্ত ঘুম জরুরি। ঘুম যত ভাল হবে, পেটে মেদ জমার আশঙ্কাও কমবে।

## অল্প বয়সেই পিঠের যন্ত্রণায় কাবু?



অফিসে একটানা দাঁড়িয়ে কিংবা বসে বসে কাজ করে কোমরে ব্যথায় এখন অল্পবয়সিরাও ভুগছেন। সকালবেলা ঘুম থেকে ওঠার পর তীব্র যন্ত্রণা অনুভব করেন কেউ কেউ। চিকিতকেরা বলছেন, বয়সজনিত কারণ ছাড়াও এমন নানা কারণে কোমরে ব্যথা হতে পারে। সারা ক্ষণ মোবাইলে মুখ গুঁজে বসে থাকা, ল্যাপটপের সামনে বসে কাজ, মেরুদণ্ডের সমস্যা ইত্যাদি নানা কারণে ৩০-এর আগেই কোমর, পিঠের ব্যথা নিয়ে ঘুরছেন মানুষজন।

তবে ব্যথার ওষুধ বা ইঞ্জেকশন ছাড়াও জীবনধারায় কিছু পরিবর্তন আনলে এই ধরনের ব্যথা নিয়ন্ত্রণে রাখা যেতে পারে। জেনে নিন কী ভাবে যন্ত্রণা থেকে রেহাই মিলবে।


শরীরচর্চা: কোমরের যন্ত্রণা শুরু হলে সেই সময়ে নড়াচড়া করাই মুশকিল হয়। কিন্তু চিকিতকেরা বলছেন, একটু কষ্ট করে যদি সাধারণ কয়েকটি যোগাসন এবং স্ট্রেচ করা যায়, তবে আরাম মিলবে। ব্যথা কমলে সাঁতার বা অ্যারোবিক্সও করা যেতে পারে। তবে এক দিনেই ফল মিলবে, এমনটা আশা করা যায় না। নিয়মিত করলে তবেই উপকার পাওয়া যাবে। ধূমপান: মেরুদণ্ডে কোনও রকম সমস্যা হলে তা থেকে রেহাই পেতে ধূমপায়ীদের অনেকটা সময় লেগে যায়। যাঁরা ধূমপান করেন না, তাঁরা মেরুদণ্ডের বিভিন্ন সমস্যা থেকে তাড়াতাড়ি সেরে ওঠেন। পর্যাপ্ত ঘুম: ঘুমের সঙ্গে শারীরবৃত্তীয় বিভিন্ন কার্যকলাপ জড়িয়ে থাকে। বিশেষজ্ঞরা বলছেন, ঘুম কম হলে কোমরের ব্যথা কিন্তু বেড়ে যেতে পারে। শরীরের বিভিন্ন পেশি, স্নায়ু সারা দিন কাজ করার পর এই সময়েই শিথিল হয়ে পড়ে। পরের দিনের জন্য রসদ সংগ্রহ করে ঘুমের মধ্যেই। তাই সুস্থ থাকতে গেলে ৭ থেকে ৮ ঘণ্টা ঘুমোনো জরুরি। দেহের ভঙ্গি বদল: সারা দিন হাড়ভাঙা খাটনির পর বিছানায় পিঠ দেওয়া মাত্রই কী ভাবে শুয়ে আছেন, সে খেয়াল থাকে না অনেকের। বিশেষজ্ঞরা বলছেন, শোয়ার ভুলেও অনেক সময়ে কোমরের উপর চাপ পড়ে। তাই সঠিক ভাবে শোয়ার অভ্যাস করতে হবে। একই ভাবে টেবিল-চেয়ারে বসার সময়েও মেরুদণ্ড সোজা করে বসার চেষ্টা করতে হবে। ওজন কমানো: চেহারা ভারী হলে কোমরে-পিঠের যন্ত্রণা আরও বেড়ে যায়। এই সমস্যা এড়িয়ে চলতে তাই ওজন বাগে রাখা ভীষণ জরুরি। তাই খাওয়াদাওয়ায় রাশ টানা এবং একসঙ্গেই নিয়ম করে শরীরচর্চা করতে হবে।

## ধূমপান করে দাঁতে হলদে ছোপ পড়েছে?

ভাজাভুজি কুড়মুড়ে করতেই হোক কিংবা নরম তুলতুলে কেক-মাফিন তৈরি করতে রান্নার কাজে বেকিং সোডার ব্যবহার বহুল। রুপোর জিনিস চকচকে করা থেকে কার্পেট পরিষ্কার, গৃহস্থলির হরেক রকম কাজে বেকিং সোডা ব্যবহার করা হয়। এ ছাড়া, হজমের সমস্যা দূর করতে, গলা ব্যথা থেকে রেহাই পেতেও অনেকে বেকিং সোডার উপর ভরসা রাখেন। তবে ত্বক পরিচর্যা ও রূপচর্চাতেও বেকিং সোডা দারুণ কাজে আসে সেই খবর রাখেন কি? ১) শরীরে ঘন ঘন ঘাম বেরোয়? স্নানের জলে বেকিং সোডা মিশিয়ে নিলেই এই সমস্যা হাত থেকে রেহাই পেতে পারেন। সানবার্নের সমস্যা শুরু হলেও বেকিং সোডা দিয়ে স্নান করলে রেহাই পাবেন। ২) সারা দিন শ্রমের পর ঈষদুষ্ণ জলে বেকিং সোডা মিশিয়ে পা ডুবিয়ে থাকুন। বাড়ি ফিরে মিনিট পাঁচেক এমনটা করতে পারলেই পায়ের স্ক্রাবিংয়ের কাজ হয়ে যাবে। ৩) ধূমপান করে দাঁতে বারোটা বেজেছে? পেস্টের সঙ্গে বেকিং সোডা মিশিয়ে দাঁত মাজতে পারেন। দাঁত চকচকে হবে। ৪) পায়ের দুর্গন্ধ এড়াতেও গরম জলে বেকিং সোডা মিশিয়ে পা ডুবিয়ে রাখতে পারেন। সমস্যা দূর হবে। ৫) অনেক সময়ে নখের জেল্লা হারিয়ে যায়, খসখসে দেখায়। জলে সামান্য বেকিং সোডা মিশিয়ে সেই মিশ্রণটি তুলোয় ভিজিয়ে নখে লাগালে নখের জেল্লা ফিরে আসে।

## পাকা চুল তুললে না কি সেখানে আবার পাকা চুলই গজায়?

ছোট থেকে শুনে এসেছেন পাকা চুল তুললে তা আরও বেড়ে যায়। কিন্তু এমন ধারণার পিছনে আদৌ বিজ্ঞানসম্মত কোনও যুক্তি আছে কি? চিকিতকেরা বলছেন, এই ধারণার বাস্তবসম্মত কোনও যুক্তি নেই। তাই বলে মনের আনন্দে পাকা চুল তুলে যাবেন, এমন অভ্যাস মোটেও ভাল নয়। পাকা চুল তুললেই যে পাকা চুলের সংখ্যা বেড়ে যাবে, এমন নয়। তবে চুলের গোড়া যে ক্ষতিগ্রস্ত হয়, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। চুলের রং কেমন হবে, তা নির্ভর করে মেলানিনের উপর। এই মেলানিন হল চুলের ফলিকলের গোড়ায় থাকা বিশেষ এক ধরনের কোষ, যা রং ধরে রাখতে সাহায্য করে। পাকা চুল তুলে নিলে সেখানে আবার যে নতুন চুলটি গজায়, তার রং সাদা হওয়ার সম্ভাবনাই বেশি। কারণ, চুলটি ওই পুরনো ফলিকল থেকেই জন্মায়। তাই পাকার জায়গায় কালো চুল গজানোর সম্ভাবনা কম। শুধু তা-ই নয়, পাকা চুল তুলে নেওয়ার পর ওই জায়গায় আবার চুল যে গজাবেই, তার কোনও মানে নেই। ফলে টাক পড়ে যাওয়ার আশঙ্কাও থেকে যেতে পারে। চুলের বৃদ্ধির ধাতও বদলে যেতে পারে।



# আগামী ২৫ বছরের মধ্যে ভারতকে উন্নত দেশে পরিণত করতেই হবে : প্রধানমন্ত্রী মোদী

কেভাডিয়া, ৩১ অক্টোবর (হি.স.): 'আগামী ২৫ বছর আমাদের দেশের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। এই ২৫ বছরের মধ্যে ভারতকে উন্নত দেশে পরিণত করতেই হবে। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী মোদী। গুজরাটের কেভাডিয়ার একতা নগরে রাষ্ট্রীয় ঐক্য দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'এই পবিত্র অনুষ্ঠানে আমি সর্দার বল্লভভাই প্যাটেলের চরণে প্রণাম করছি। রাষ্ট্রীয় ঐক্য দিবসে দেশবাসীকে অভিনন্দন জানাই। আগামী ২৫ বছর ভারতের জন্য এই দশকের সবচেয়ে গুরুত্বপূর্ণ ২৫ বছর।" মোদী বলেছেন, 'যারা একতা নগরে আসছেন তাঁরা শুধুমাত্র এই বিশাল মূর্তিই (স্ট্যাচু অফ ইউনিটি) দেখতে পাবেন না, বরং সর্দার প্যাটেলের জীবন, ত্যাগ এবং এক ভারত গড়তে তাঁর অবদানের আভাস পাবেন।'

গুজরাটের কেভাডিয়ার একতা নগরের স্ট্যাচু অফ ইউনিটিতে মঙ্গলবার সকালে জাতীয় একতা দিবসের মূল অনুষ্ঠানটি উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত থেকে কুচকাওয়াজ প্রত্যক্ষ করেন প্রধানমন্ত্রী। ভারতীয় বিভিন্ন বাহিনীর শৌর্য্য ও শক্তিও চাক্ষুস করেন তিনি। পরে জাতীয় একতা দিবসের অনুষ্ঠানে বক্তব্য রেখে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'এখানকার সমস্ত যুবক এবং সাহসী মানুষের উচ্ছ্বাস এই জাতীয় ঐক্য দিবসের একটি বড় শক্তি।' তিনি বলেছেন, 'ভারত ও কাশ্মীরের মধ্যে ৩৭০ ধারার "প্রাচীর" অপসারণ করা হয়েছে; কাশ্মীরের মানুষ সন্ত্রাসের ছায়া থেকে বেরিয়ে এসেছেন।'

দেশবাসীর উদ্দেশে প্রধানমন্ত্রী বলেছেন, 'আগামী ২৫ বছর ভারতের জন্য এই দশকের সবচেয়ে গুরুত্বপূর্ণ ২৫ বছর। এই ২৫ বছরে আমাদের ভারতকে সমৃদ্ধ করতে হবে, আমাদের ভারতকে উন্নত করতে হবে। স্বাধীনতার ২৫ বছর আগে একটি সময় ছিল, যেখানে প্রতিটি দেশবাসী স্বাধীন ভারতের জন্য আত্মত্যাগ করেছিল। এখন, আগামী ২৫ বছর আমাদের জন্য একটি সুযোগ এবং প্রতিটি লক্ষ্য অর্জনের জন্য আমাদের সর্দার প্যাটেলের কাছ থেকে অনুপ্রেরণা নিতে হবে।' প্রধানমন্ত্রী আরও বলেছেন, 'ভারতকে সাধুবাদ জানাচ্ছে বিশ্ব। বিশ্বের বৃহত্তম গণতন্ত্রকে নতুন উচ্চতায় নিয়ে যেতে পেরে আমরা গর্বিত! আমরা গর্বিত যে বিশ্ব যুদ্ধ এবং অন্যান্য সংকটের মুখোমুখি হলেও, আমাদের সীমান্ত নিরাপদ। আমরা গর্বিত যে আমরা শীঘ্রই বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক শক্তিতে পরিণত হব।' প্রধানমন্ত্রীর কথায়, 'এই অমৃত কালের মধ্যে ভারত ঔপনিবেশিক অতীতকে ঝেড়ে ফেলছে। আমরা আমাদের ঐতিহ্য রক্ষা করে এগিয়ে যাচ্ছি। ভারতীয় নৌবাহিনীর পতাকা আর ব্রিটিশ শাসকদের প্রতীক বহন করে না। ইন্ডিয়া গেটে ব্রিটিশ রাজার পরিবর্তে, এখন আমাদের অনুপ্রাণিত করার জন্য নেতাজি সুভাষের মূর্তি রয়েছে।'

## সোনারপুরে স্ত্রীকে ছুরি দিয়ে কুপিয়ে খুন, পলাতক অভিযুক্ত স্বামী

সোনারপুর, ৩১ অক্টোবর (হি.স.): সাংসারিক বিবাদের জেরে স্ত্রীকে ধারালো ছুরি দিয়ে কুপিয়ে খুনের অভিযোগ উঠল স্বামীর বিরুদ্ধে। সোমবার রাতে ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর থানার অন্তর্গত শীতলা এলাকায়। নিহতের নাম মালা বোস (২৭)। ঘটনায় অভিযুক্তের নাম সমীর মণ্ডল। ঘটনার পর থেকেই পলাতক সমীর। খবর পেয়ে রাতেই সোনারপুর থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। পাশাপাশি ঘটনার তদন্ত শুরু করেছে এবং অভিযুক্তের খোঁজে তল্লাশি শুরু করেছে।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, বিগত দু"আড়াই বছর ধরে স্বামী-স্ত্রীর মধ্যে অশান্তি চলছিল। গত কয়েক বছর ধরে মানসিক ও শারীরিক অত্যাচার সহ্য করেও স্বামীর ঘর ছাড়তে চায়নি মালা। যদিও, গত তিন মাস ধরে বাপের বাড়িতেই থাকছিলেন মালা। এর আগেও অ্যাসিড নিয়ে স্ত্রীর উপর হামলা চালাতে এসেছিল অভিযুক্ত। দু"দিন আগে ফোন করে স্ত্রীকে খুনের হুমকিও দিয়েছিল অভিযুক্ত। এরপরই সোমবার রাতে অফিস থেকে ফিরলে আচমকাই মালার উপর চড়াও হয় সমীর। ধারালো অস্ত্র দিয়ে তাঁর গলা কেটে দেয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় মালার। খবর পেয়ে পুলিশ এসে তদন্ত শুরু করেছে। তবে ঘটনার পর থেকেই পলাতক অভিযুক্ত।

## হলান্ডকে পেছনে ফেলে মেসির অষ্টম ব্যালন ডি'র

প্যারিস, ৩১ অক্টোবর (হি.স.): এবারের ব্যালন ডিওর লড়াইয়ে এগিয়ে ছিলেন দু"জন, শেষ পর্যন্ত আর্লিং হলান্ডকে পেছনে ফেলে ব্যালন ডি"র জিতে নিলেন আর্জেন্টাইন তারকা লিওনেল মেসি। কাতার বিশ্বকাপে আর্জেন্টিনাকে বিশ্বকাপ জেতানো লিওনেল মেসিরই এই পুরস্কার পাওয়ার সম্ভাবনা ছিল। সেটাই হলো। বর্ষসেরার পুরস্কারটি তিনিই আরও একবার জিতে নিলেন।

প্যারিসে সোমবার রাতে জমকালো অনুষ্ঠানে মেসির হাতে তুলে দেওয়া হল ফরাসি সাময়িকী 'ফ্রান্স ফুটবল'- এর পুরস্কার, ব্যালন ডি'র ২০২৩। এই নিয়ে অষ্টমবারের মতো পুরস্কারটি জিতলেন মেসি। দ্বিতীয় সর্বোচ্চ পাঁচবার জিতেছেন ফুটবলের আরেক মহাতারকা ক্রিস্তিয়ানো রোনাল্ডো। মেয়েদের ব্যালন দ'র জিতেছেন স্পেন ও বার্সেলোনার মিডফিল্ডার আইতানো বনমাতি।

## ভারতের একতা ও অখণ্ডতা অক্ষুণ্ণ রাখতে যুব সমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ : রাজনাথ সিং

লখনউ, ৩১ অক্টোবর (হি.স.): লৌহপুরুষ সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মজয়ন্তী উপলক্ষে উত্তর প্রদেশের লখনউতে "একতার জন্য দৌড়"-এর সূচনা করলেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। মঙ্গলবার সকালে "একতার জন্য দৌড়"-এর সূচনা করার পর প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারতের একতা ও অখণ্ডতা অক্ষুণ্ণ রাখতে যুব সমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজনাথ বলেছেন, 'আজকের দিনে আমাদের সেই সমস্ত স্বাধীনতা সংগ্রামী এবং নেতাদের স্মরণ করা উচিত, যারা ভারতকে স্বাধীন করতে এবং স্বাধীন ভারত গড়তে প্রধান ভূমিকা পালন করেছিলেন। সর্দার প্যাটেলের দূরদর্শিতা এবং তাঁর কূটনৈতিক ও কৌশলগত দক্ষতার ফলেই ভারতের একতা ও অখণ্ডতা নিশ্চিত করা সম্ভব হয়েছিল। জুনাগড় প্রিন্সিলি স্টেট এবং নিজামশাহী সংক্রান্ত ঘটনার কথা আপনারা সবাই শুনে থাকবেন। সর্দার প্যাটেল এই দুই রাজ্যকে ভারতে একীভূত করেন।'

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আরও বলেছেন, 'জম্মু ও কাশ্মীরের একীকরণের দায়িত্ব সর্দার প্যাটেলের হাতে ন্যস্ত থাকলে সংবিধানের ৩৭০ অনুচ্ছেদের সমস্যা তৈরি হতো না। সরকার প্যাটেল যদি সেই সময়ে প্রজ্ঞা ও দৃঢ়তা না দেখাতেন, তাহলে এখন ভারতীয়দের জুনাগড় ও হায়দরাবাদ যেতে ভিসা, পাসপোর্টের প্রয়োজন হতো।' রাজনাথ বলেছেন, 'প্রধানমন্ত্রী মোদীজি চান দেশের যুবকরা এগিয়ে আসুক এবং নতুন ভারত গড়তে দৃঢ় সংকল্প নিয়ে কাজ করুক। এখন প্রধানমন্ত্রী যুবকদের একই প্ল্যাটফর্মে আনতে 'মেরা যুবা ভারত' অভিযানও চালু করতে চলেছেন।'

## ভারতকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্রে সর্দার প্যাটেলের অবিস্মরণীয় অবদান ছিল : অমিত শাহ

নয়াদিল্লি, ৩১ অক্টোবর (হি.স.): জন্মজয়ন্তীতে সর্দার বল্লভভাই প্যাটেলকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। অমিত শাহ বলেছেন, ভারতের মতো এত বিশাল দেশকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্রে সর্দার প্যাটেলের অবিস্মরণীয় অবদান ছিল। 'রাষ্ট্রীয় একতা দিবস" উপলক্ষে মঙ্গলবার সকালে দিল্লিতে "রান ফর ইউনিটি"-তে নেতৃত্ব দেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি পতাকা নেড়ে ম্যারাথনের সূচনা করেন। পাশাপাশি জাতীয় সংহতি সুদৃঢ় করার লক্ষ্যে "একতার শপথবাক্য" পাঠ করান। 'রাষ্ট্রীয় একতা দিবস"" উপলক্ষে দিল্লিতে "একতা রান" কর্মসূচিতে ভাষণ দেওয়ার সময় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, 'সর্দার প্যাটেলের জয়ন্তী উপলক্ষে আমি ঐক্য দিবসের শুভেচ্ছা জানাই। ২০১৪ সাল থেকে সমগ্র দেশ এই দিনটিকে একতা দিবস হিসেবে উদযাপন করে আসছে। আমরা সবাই জানি স্বাধীনতার পর, ব্রিটিশরা এই দেশকে বিচ্ছিন্ন করার জন্য ছেড়ে দিয়েছিল। সেই সময়ে আমাদের লৌহমানব সর্দার বল্লভভাই প্যাটেল দেশকে ঐক্যবদ্ধ করার জন্য ভারতের মানচিত্র তৈরির কাজ করেছিলেন।'

## হালকা ঠান্ডা অনুভূত হলেও শীত এখনও দূরেই, আপাতত শুষ্কই থাকবে দক্ষিণ ও উত্তরবঙ্গ

কলকাতা, ৩১ অক্টোবর (হি.স.): হালকা ঠান্ডা অনুভূত হতে শুরু করেছে দক্ষিণ ও উত্তরবঙ্গের বিভিন্ন জেলায়। গ্রাম বাংলায় ভোরে ও রাতের দিকে হালকা ঠান্ডাও অনুভূত হচ্ছে, হালকা ঠান্ডা অনুভূত হলেও শীত এখনও দূরেই। আপাতত শুষ্কই থাকবে দক্ষিণ ও উত্তরবঙ্গের আবহাওয়া। আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে এমনটাই জানানো হয়েছে। কলকাতার আবহাওয়াও আপাতত থাকবে শুষ্ক। মঙ্গলবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি।

দক্ষিণবঙ্গের কোনও জেলাতেই আপাতত বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই। দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, দুই বর্ধমান, হাওড়া, হুগলি, মুর্শিদাবাদ, নদিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম ও পুরুলিয়া-সহ একাধিক জেলাতে আবহাওয়া শুষ্ক থাকবে। পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে রাতে হালকা শীত অনুভূত হবে। এদিকে উত্তরবঙ্গের জেলাগুলির আবহাওয়াতে উল্লেখযোগ্য কোনও বদল নেই। দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার, মালদহ ও দুই দিনাজপুরে মোটের ওপর শুষ্ক আবহাওয়া থাকবে। উপরের দিকে জেলাগুলির তাপমাত্রার পারদ রাতের দিকে কয়েক ডিগ্রি নামতে পারে।

## কৃতজ্ঞচিত্তে সর্দার প্যাটেলকে স্মরণ গোটা দেশের, শ্রদ্ধাঞ্জলি অর্পণ রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ৩১ অক্টোবর (হি.স.): কৃতজ্ঞচিত্তে সর্দার বল্লভভাই প্যাটেলকে স্মরণ করল গোটা দেশ। লৌহপুরুষ সর্দার বল্লভভাই প্যাটেলের ১৪৮-তম জন্ম দিবস উপলক্ষে সমগ্র দেশজুড়ে মঙ্গলবার পালিত হয়েছে জাতীয় ঐক্য দিবস। লৌহপুরুষকে তাঁর জন্মজয়ন্তীতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং প্রমুখ।

নতুন দিল্লির প্যাটেল চৌকে সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকীতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রমুখ। প্রধানমন্ত্রী মোদীর লৌহপুরুষকে তাঁর জন্মজয়ন্তীতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন। এদিন সকালে এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী মোদী লিখেছেন, 'সর্দার প্যাটেলের জয়ন্তীতে আমরা তাঁর অদম্য চেতনা, দূরদর্শী রাষ্ট্রনায়কত্ব এবং অসাধারণ উৎসর্গের কথা স্মরণ করছি। জাতীয় সংহতির প্রতি তাঁর প্রতিশ্রুতি আমাদের পথ দেখায়। তাঁর সেবায় আমরা চির ঋণী।' গুজরাটের কেভাডিয়ার একতা নগরের স্ট্যাচু অফ ইউনিটিতে এদিন সকালে জাতীয় একতা দিবসের মূল অনুষ্ঠানটি উদযাপন করা হয়।

## বুধবার থেকে হাইলাকান্দিতে খেল মহারণ

হাইলাকান্দি (অসম), ৩১ অক্টোবর (হি.স.) : হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে রাজ্য সরকারের খেল মহারণ শীর্ষক ক্রীড়ানুষ্ঠানের গ্রাম পঞ্চায়েত পর্যায়ের প্রতিযোগিতা আগামীকাল বুধবার, ১ নভেম্বর থেকে জেলার ৬৪টি স্থানে শুরু হচ্ছে।

জেলার ৬২টি গ্রাম পঞ্চায়েতের একটি করে মাঠে এবং হাইলাকান্দি পুরসভার প্রতিযোগিতা হাইলাকান্দির বোয়ালিপারে অবস্থিত শশীভূষণ বিএড কলেজের খেলার ময়দানে, এবং লালা পুরসভার প্রতিযোগিতা লালা মাল্টিপারপাস হায়ার সেকেন্ডারি স্কুলের খেলার মাঠে অনুষ্ঠিত হবে।

হাইলাকান্দি জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে, ১ নভেম্বর থেকে ৩ নভেম্বর পর্যন্ত অ্যাটলেটিক্স-এর বিভিন্ন ইভেন্ট অনুষ্ঠিত হবে। এর পর ৪ নভেম্বর থেকে ৭ নভেম্বর পর্যন্ত কাবাডি এবং ভলিবল প্রতিযোগিতা চলবে। ৮ নভেম্বর থেকে ৯ নভেম্বর পর্যন্ত খো-খো খেলা এবং ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ১০ নভেম্বর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত। হাইলাকান্দির জেলা ক্রীড়া আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, এই প্রতিযোগিতায় ইতিমধ্যে অংশগ্রহণের জন্য যাঁরা নাম লিখিয়েছেন তাঁদেরকে সুচি অনুযায়ী নিকটবর্তী খেলার মাঠে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন।

## জার্ড মুলার ট্রফি জিতলেন হলান্ড

প্যারিস, ৩১ অক্টোবর (হি.স.): গত মরসুমে ক্লাব ও জাতীয় দল মিলিয়ে সবচেয়ে বেশি গোল করা নরওয়ের হল্যান্ড স্ট্রাইকারের হাতেই উঠেছে জার্ড মুলার ট্রফি। প্যারিসে সোমবার রাতে জমকালো অনুষ্ঠানে ২০২২-২৩ মৌসুমের জার্ড মুলার ট্রফির বিজয়ী হিসেবে ঘোষণা করা হয় হলান্ডের নাম। গত মরসুমে ম্যানচেস্টার সিটির ট্রেবল জয়ের পথে অবদান রেখেছিলেন হলান্ড। সিটির হয়ে প্রিমিয়ার লিগে ৩৫ ম্যাচে তিনি করেন ৩৬ গোল, অ্যাসিস্ট ৮টি। সব প্রতিযোগিতা মিলিয়ে ৫৩ ম্যাচে হলান্ডের গোল ছিল ৫২টি; অ্যাসিস্ট ৯টি।

ক্লাব ও জাতীয় দল মিলিয়ে মোট ৫৬ গোল করেছিলেন নরওয়ের হলান্ড। সিটির হয়ে গত মৌসুমে চ্যাম্পিয়ন্স লিগ, এফএ কাপ ও প্রিমিয়ার লিগ জিতেন তিনি হলান্ডের থেকে এক গোল কম করার জন্য পুরস্কারটি জিততে পারেননি পিএসজির ফরাসি ফরোয়ার্ড কিলিয়ান এমবাপে।

## সর্দার বল্লভভাই প্যাটেলকে শ্রদ্ধা নিবেদন মুখ্যমন্ত্রী ধামির

দেহরাদূন, ৩১ অক্টোবর (হি.স.) : জাতীয় ঐক্য দিবসে সর্দার বল্লভভাই প্যাটেলের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। মুখ্যমন্ত্রীর বাসভবনে মঙ্গলবার তিনি সর্দার বল্লভভাই প্যাটেলের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন।

শ্রদ্ধা নিবেদন করে মুখ্যমন্ত্রী ধামি জানান, ভারতের প্রথম উপ-প্রধানমন্ত্রী এবং প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেল ভারতের বহু রাজ্যকে একত্রিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। ভারতের স্বাধীনতায় প্যাটেলের অবদান ও গুরুত্ব চির স্মরণীয় হয়ে থাকবে বলেও এদিন পুষ্কর সিং ধামি মন্তব্য করেন।

## "শিল্পকে তাড়িয়ে দেওয়ার অভিশাপ পেতে হচ্ছে", সিঙ্গুরকাণ্ডে তোপ লকেটের

কলকাতা, ৩১ অক্টোবর, (হি.স.): সিঙ্গুরকাণ্ডে তৃণমূলকে আক্রমণ করলেন হুগলির বিজেপি সাংসদ লকেট চট্টোপাধ্যায়। তিনি বলেন, """শিল্পকে তাড়িয়ে দেওয়ার অভিশাপ বাংলার মানুষকে পেতে হচ্ছে।"""

মঙ্গলবার লকেট সাংবাদিকদের বলেন, """ট্রাইব্যুনালের এই রায়ে প্রায় ১৭০০ কোটি টাকা রাজ্যকে দিতে হবে। এদিকে না হয়েছে শিল্প না কৃষকরা জমি ফেরত পেল। সরকার এই টাকা কিভাবে দেবে? দিতে হলে জনগণের কাছ থেকে টাকা নিয়ে দিতে হবে। রাজ্যের ক্ষমতায় থাকা প্রত্যেকটা দল যেমন সিপিএম নিজের মতো রাজনীতি করে গিয়েছে। এরপর তৃণমূল নিজের মতো রাজনীতি করছে। কিন্তু, আখেরে কোন লাভ হয়নি রাজ্যের।"""

এখানেই শেষ নয়, লকেট বলেন. """জমি ফেরত দেওয়ার নাম করে এরা শিল্পটাকে বন্ধ করেছে। বেকারের চাকরি হত, তা বন্ধ হয়েছে। সেই সময় বেকার যুবকরা প্রশিক্ষণ নিয়ে, সার্টিফিকেট নিয়ে গুজরাট উত্তরপ্রদেশ চলে গিয়েছে। এত বছর পরেও এত কিছু হওয়ার পরও টাটা-দের ক্ষতিপূরণ দিতে হবে। বর্তমানে রাজ্যের কোন শিল্প নেই। বেকারদের চাকরি নেই। আমরা চাই শিল্প হোক পশ্চিমবাংলায়। শিল্পকে তাড়িয়ে দেওয়ার অভিশাপ বাংলার মানুষকে পেতে হচ্ছে। আমরা আবারও চাই সিঙ্গুরের টাটা গোষ্ঠী আসুক। আবার কারখানা তৈরি হোক।"""

লকেট বলেন, """সিঙ্গুরের চাষিরা জমি ফেরত চায় না। কারণ জমির অবস্থা ঠিক নেই। আমরা জানি তৃণমূল সরকার আবার এর জন্য কোর্টে যাবে। যে ভুল তারা করেছে সেই ভুলের মাশুল তাদের দিতে হবেই। ভারতীয় জনতা পার্টি সবসময়ই শিল্পের পক্ষে রয়েছে।"""

## উত্তরপ্রদেশের বারাণসীতে জাতীয় ঐক্য দিবস হিসেবে সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী পালন

বারাণসী, ৩১ অক্টোবর (হি.স.) : উত্তরপ্রদেশের বারাণসীতে মঙ্গলবার দেশের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী লৌহ মানব সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী জাতীয় ঐক্য দিবস হিসেবে পালিত হচ্ছে। বারাণসীর ডিস্ট্রিক্ট রাইফেল ক্লাব মিলনায়তনে মঙ্গলবার এসংক্রান্ত একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এই অনুষ্ঠানে উপস্থিত সমস্ত আধিকারিকদের শপথবাক্য পাঠ করান জেলা ম্যাজিস্ট্রেট এস রাজালিঙ্গম। উপস্থিত সকলে এদিন দেশের ঐক্য, অখণ্ডতা, নিরাপত্তা নিশ্চিত করতে, দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা যে কোনও মূল্যে অক্ষুণ্ণ রাখার শপথ নেন। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এডিএম প্রটোকল, এডিএম সিটি, এডিএম সিভিল সাপ্লাইস, এসিএম ২, কালেক্টরেটের কর্মচারীরা।

## দেশের ঐক্যের পথে, উন্নয়ন যাত্রায় সবচেয়ে বড় বাধা তোষণের রাজনীতি : মোদী

কেভাডিয়া, ৩১ অক্টোবর (হি.স.): 'দেশের ঐক্যের পথে, আমাদের উন্নয়ন যাত্রায় সবচেয়ে বড় বাধা তোষণের রাজনীতি'। রাষ্ট্রীয় একতা দিবসের ভাষণে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'ভারত বিগত কয়েক দশক এই সত্যের সাক্ষী যে, তুষ্টকারীরা কখনই সন্ত্রাসবাদ, সন্ত্রাসের ভয়াবহতা এবং বীভৎসতা দেখে না। মানবতার শত্রুদের পাশে দাঁড়াতে পিছপা হচ্ছেন না তোষণকারীরা। তারা সন্ত্রাসী কর্মকাণ্ডের তদন্তে অবহেলা করে এবং দেশবিরোধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া থেকে বিরত থাকে। তুষ্টির এই ধারণা এতটাই বিপজ্জনক যে তা সন্ত্রাসীদের বাঁচাতে আদালত পর্যন্ত পৌঁছয়। এ ধরনের চিন্তা কোনও সমাজ বা দেশের উপকার করতে পারে না।' প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'এখন সমগ্র বিশ্ব জানে ভারতের সংকল্পের শক্তি, ভারতীয়দের সাহসিকতা এবং প্রখরতা, শ্রদ্ধা এবং বিশ্বাসের সঙ্গে ভারতকে দেখছে বিশ্ব।' প্রধানমন্ত্রীর কথায়, ঐক্যকে বিপন্ন করে এমন চিন্তা থেকে প্রতিটি দেশবাসীকে প্রতি মুহূর্তে সতর্ক থাকতে হবে। উন্নত ভারতের লক্ষ্য অর্জনের জন্য, আমাদের দেশের ঐক্য বজায় রাখার জন্য আমাদের প্রচেষ্টাকে এক মুহুর্তের জন্যও ছেড়ে দেওয়া উচিত নয়। এক কদমও পিছিয়ে থাকবেন না। আমরা যে ক্ষেত্রেই থাকি না কেন, আমাদের শতভাগ দিতে হবে।'

## দিল্লি ও পঞ্জাবে দুর্নীতি করেছে এএপি : অনুরাগ; পাল্টা বিজেপিকে কটাক্ষ কেজরিওয়ালের দলের

নয়াদিল্লি, ৩১ অক্টোবর (হি.স.): দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়ালের বিরুদ্ধে আক্রমণ শানালেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর। অনুরাগ দাবি করেছেন, দিল্লি ও পঞ্জাবে দুর্নীতি করেছে এএপি। পরিস্থিতি এখন এমনই যে, তাঁদের মন্ত্রীর সংখ্যা কারাগারে বেশি নাকি বাইরে তা জানা নেই। এদিকে, পাল্টা বিজেপিকে কটাক্ষ করেছেন কেজরিওয়ালের দলের নেতা আদিল আহমেদ খান। তাঁর মতে, 'বিজেপির একটাই উদ্দেশ্য-অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করা এবং আম আদমি পার্টিকে শেষ করা।'

মঙ্গলবার সকালে দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর, অরবিন্দ কেজরিওয়ালকে ইডি-র সমন পাঠানো সম্পর্কে তাঁকে প্রশ্ন করা হয়। উত্তরে অনুরাগ বলেছেন, 'যিনি সততার সার্টিফিকেট দিতেন, তাঁর মন্ত্রীরা একের পর এক জেলে গিয়েছেন এবং জামিনও পাননি। গত বছর ধরে মনীশ সিসোদিয়া, সত্যেন্দ্র জৈন এবং সঞ্জয় সিংকে সততার জন্য সার্টিফিকেট দিয়ে আসছেন অরবিন্দ কেজরিওয়াল। সত্য হলো তিনি ক্ষমতায় আসার পর থেকেই তাঁদের নেতারা দুর্নীতিতে লিপ্ত।'

এদিকে, এএপি নেতা আদিল আহমেদ খান বলেছেন, 'বিজেপির একটাই উদ্দেশ্য-অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করা এবং আম আদমি পার্টিকে শেষ করা। আমি তাঁদের বলতে চাই, আমরা ভীমরাও আম্বেদকরের সংবিধানে বিশ্বাসী এবং আমরা ভগত সিং-এর অনুসারী। আমরা ইডি, সিবিআই এবং জেলকে ভয় পাই না '

## মধ্যপ্রদেশের দামোহতে বেআইনি পটকা কারখানায় বিস্ফোরণ, মৃত ৩ তিনজন, আহত ১০

দামোহ, ৩১ অক্টোবর (হি.স.) : মধ্যপ্রদেশের দামোহতে বেআইনী পটকা কারখানায় আগুন লেগে তিনজনের মৃত্যু হয়েছে। ১০ জন আহত হয়েছে। মঙ্গলবার দুপুর ১টা নাগাদ দামোহর বড় পুল এলাকায় একটি অবৈধ আতশবাজির কারখানায় বিস্ফোরণে কারখানার মালিকসহ তিনজন নিহত হয়েছেন। যার মধ্যে দুই মহিলা ছিলেন। দুর্ঘটনায় ১০ জন শ্রমিক পুড়ে গেছেন বলে জানা গিয়েছে। বাজির বারুদের ফলে কারখানার মালিকের শরীর পুড়ো যায়। পুলিশ ও দমকল বিভাগের কর্মীরা ঘটনাস্থলে এসে ত্রাণ ও উদ্ধারকাজ চালাচ্ছে। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পরে এলাকার পরিবেশ থমথমে হয়ে গিয়েছে।

ধ্বংসস্তূপের নিচে চাপা পড়া মানুষজনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। খবর পেয়ে দামোহের পুলিশ সুপার সুনীল কুমার তিওয়ারি এবং কালেক্টর মায়াঙ্ক আগরওয়ালও ঘটনাস্থলে আসেন। এছাড়া ঘটনাস্থলে পুলিশ, প্রশাসন ও পৌরসভার কর্মীরা উপস্থিত রয়েছে। কালেক্টর মায়াঙ্ক আগরওয়াল জানিয়েছেন, ধ্বংসস্তূপ থেকে প্রায় ১৩ জনকে উদ্ধার করা হয়েছে, যাদের মধ্যে তিনজনের ঘটনাস্থলেই মৃত্যু হয়। অবৈধভাবে কারখানা চলছিল। দুর্ঘটনাটি তদন্ত শুরু হয়েছে। একই সঙ্গে বিষয়টি নিয়ে ম্যাজিস্ট্রেট তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। প্রশাসনিক নিয়ম অনুযায়ী নিহত ও আহতদের ক্ষতিপূরণের পরিমাণ প্রদান করা হবে বলেও জানা গিয়েছে।

## সিঙ্গুরকাণ্ডে দায়ী তৃণমূল এবং সিপিএম দু'পক্ষই, দাবি দিলীপের

পূর্ব মেদিনীপুর, ৩১ অক্টোবর (হি.স.): সিঙ্গুরে কারখানা না হওয়ায় সুদসহ ক্ষতিপূরণ দিতে হবে ডব্লুবিআইডিসি-কে, এমনই নির্দেশ দিয়েছে ৩ সদস্যের আরবিট্রাল ট্রাইব্যুনাল। সোমবার, বিবৃতিতে এমনটাই জানিয়েছে টাটা মোটরস। হিসেব বলছে, ৭ বছরে ১১ শতাংশ হারে সুদ ধরলে ক্ষতিপূরণের অঙ্ক প্রায় ১৩০০ কোটি। এই বিরাট অঙ্কের টাকার বোঝা চাপতে পারে রাজ্যের উপর। এর জন্য যে বিপুল ক্ষতি হল তার জন্য দায়ী তৃণমূল এবং সিপিএম দু'পক্ষই। মঙ্গলবার সকালে দাঁতনে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এই অভিযোগ করেন বিজেপি সাংসদ তথা দলের প্রাক্তন সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ।

তিনি বলেন, """এরা রাজনৈতিক স্বার্থে যে সিদ্ধান্ত নিয়েছে তাতে সামাজিক বা দেশের কোনও লাভ হয়নি। এত বড় শিল্পপতিকে ওখান থেকে সরানো ঠিক হয়নি। তিন ফসলি জমি দেওয়াটাও ঠিক হয়নি আবার সেই জমির কারখানা তৈরির কাজ বন্ধ করে দিয়ে বেকার করে দেওয়ার কোনও মানে হয় না।"

দিলীপবাবুর দাবি, "সিপিএমও করেছে নিজের রাজনৈতিক স্বার্থে টিএমসিও করেছে তাই। তার ফল ভুগতে হয়েছে সাধারণ মানুষকে। চাকরিও গেল, ব্যবসা গেল, জমিও গেল। এখন টাকাও যাবে... এর দায়টা কে নেবে?"""। এর জন্য মানুষের কাছে ক্ষমা চাইতে হবে।" প্রসঙ্গত, আরবিট্রাল ট্রাইব্যুনালের নির্দেশ, ৭৬৫ কোটি ৭৮ লক্ষ টাকা ক্ষতিপূরণ ও ১১ শতাংশ হারে সুদ দিতে হবে। মামলার খরচের জন্য ডব্লুবিআইডিসি-কে দিতে হবে আরও ১ কোটি টাকা, বিবৃতিতে জানিয়েছে টাটা গোষ্ঠী। এই নিয়ে ছেড়ে কথা বলছে না বিরোধী শিবির। এই প্রসঙ্গে তৃণমূল ও সিপিএমকে একযোগে আক্রমণ করলেন বিজেপি সাংসদ দিলীপ ঘোষ।

## 'আগেই বলেছিলাম বড় কিছু হয়নি", জ্যোতিপ্রিয়কে নিয়ে মন্তব্য দিলীপেব

পূর্ব মেদিনীপুর, ৩১ অক্টোবর (হি.স.): বেসরকারি হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন জ্যোতিপ্রিয় মল্লিক। হাসপাতাল থেকে তাঁকে সোজা সিজিও কমপ্লেক্সে নিয়ে গিয়েছে ইডি। এবার ১০ দিন হেফাজতে রেখে তাঁকে জেরা শুরু করবে কেন্দ্রীয় এজেন্সি। এ নিয়ে মন্তব্য করলেন বিজেপি সাংসদ দিলীপ ঘোষ।

জ্যোতিপ্রিয়র অসুস্থতা নিয়ে আগেও কটাক্ষ করেছিলেন দিলীপবাবু। মঙ্গলবার সকালে দাঁতনে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে আবারও বললেন, "আমি আগেও বলেছিলাম কোনও বড় রোগে তিনি অসুস্থ নন। ভয়ঙ্কর তো নয়ই। সাময়িক একটা ঝটকা খেয়েছেন। চাপে তো শরীর খারাপ হতেই পারে! এতক্ষণ ধরে জেরা করেছে, বিপি সুগার বাড়তেই পারে। এখন তো সুস্থ আছেন। এখন যে উদ্দেশ্যে তাঁকে গ্রেফতার করা হয়েছে সেই প্রক্রিয়া শুরু করা উচিত""।

# সিপাহীজলায় একতার জন্য দৌড় অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৩১ অক্টোবর।।** মঙ্গলবার সকালে সিপাহীজলা অভয়ারণ্যের মূল ফটকের সামনে রাষ্ট্রীয় একতা দিবসে সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত হয় রান ফর ইউনিটি। লৌহ পুরুষ সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিনকে রাষ্ট্রীয় মর্যাদায় একতা দিবস হিসেবে পালন করা হয়। রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন উপলক্ষে সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে একতার জন্য দৌড় অনুষ্ঠিত হয়। জেলার বিভিন্ন মহকুমা থেকে আগত খেলোয়ার, ত্রিপুরা পুলিশ, টি এস আর, বিএসএফের জওয়ানরা একতার জন্য দৌড়ে অংশ নেন। বিশালগড় মহকুমা শাসকের অফিস পর্যন্ত দৌড়ে প্রায় দেড়শো জন অংশগ্রহণ করেন। এই দৌড়ের শুভ সূচনা করেন সিপাহীজলা জেলার জেলা পুলিশ সুপার বি জে রেড্ডি। উপস্থিত ছিলেন ক্রীড়া দপ্তরের অধিকর্তা ডঃ ভারতী নিগম। তিনি খেলোয়ারদের শপথ বাক্য পাঠ করান। দৌড় শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

# শব্দবাজি ও বাজির দূষণে লাগাম দিতে এবার স্কুলেও চলবে পুলিশি প্রচার

কলকাতা, ৩১ অক্টোবর (হি.স.): বছরের পর বছর নানাভাবে আর্জি জানিয়েও আমজনতাকে পর্যাপ্ত সচেতন করা যাচ্ছে না। দূষণ রোখার চেষ্টায় এবার কলকাতা এবং বিধাননগর জুড়ে স্কুল পরিদর্শন করার পরিকল্পনা করেছে পুলিশ। সবুজ পটকার সমর্থনে এবং বেআইনি বাজি ফাটানোর কুফল ও সেসবের সাথে জড়িত প্রভাবগুলি শেখানোর জন্য। সুপ্রিম কোর্ট নির্দিষ্ট করে দিয়েছে যে শুধুমাত্র সবুজ পটকা - যেগুলি ক্ষতিকারক দূষণকারীগুলির পরিবর্তে পটাসিয়াম নাইট্রেট এবং অ্যালুমিনিয়ামের মতো বিকল্প রাসায়নিকগুলি ব্যবহার করে, সেগুলো ব্যবহার করা যাবে। সবুজ বাজি বলতে এখানে ম্যাগনেসিয়াম, বেরিয়াম, কার্বন এবং আর্সেনিকের মত কম শব্দ ও দূষণের বাজির কথা বলা হয়েছে। সময়সীমাও বেঁধে দেওয়া হয়েছে কালীপুজোর রাত আটটা থেকে দশটা। কিন্তু কে শোনে কার কথা? কালীপুজোর অসুস্থ এবং বয়স্ক অনেকে বাড়ি থেকে শব্দবাজি নিয়ে অভিযোগ জানায় স্থানীয় থানায়। মুরুব্বির জোর না থাকলে পাশ কাটিয়ে যায় পুলিশ। পুলিশকে কাউন্সিল অফ সায়েন্টেফিক রিসার্চ এবং ন্যাশনাল এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট নির্দিষ্ট করা পটকা ছাড়া অন্য সমস্ত পটকা বিক্রি বন্ধ ও বাজেয়াপ্ত করার নির্দেশ দিয়েছে। বিক্রেতা এবং গ্রাহক উভয়কেই গ্রেফতার করার নির্দেশও দেওয়া হয়েছে। তাতেও ঠেকানো যাচ্ছেনা বেআইনি বাজির রমরমা।বিধাননগর পুলিশের কমিশনার গৌরব শর্মা মঙ্গলবার জানান, "আমরা স্কুলের বাচ্চাদের টার্গেট করছি। বেআইনি বাজি সম্পর্কে তাদের আইনি প্রভাব শেখাবো, পাশাপাশি অবৈধ পটকা স্বাস্থ্য ও পরিবেশের জন্য যে ক্ষতি করে সে সম্পর্কে তাদের বোঝাবো। এইভাবে, শিক্ষার্থীরা তাদের বাবা-মা এবং পরিবারের অন্যান্য সদস্যদের কাছে তথ্য এবং শিক্ষা দিতে পারে। আমরা ১ নভেম্বর থেকে স্কুল পরিদর্শন শুরু করব।" কলকাতা পুলিশের একজন অতিরিক্ত কমিশনার বলেন, 'আমরা যতই সজাগ থাকি না কেন, শহরে উচ্চ-ডেসিবেলের আতশবাজি পাচার হবে। তাই, আমরা দীপাবলিকে আলোর উদযাপন হিসাবে হাইলাইট করে একটি শব্দ বিরোধী অভিযানও শুরু করছি। পথ নাটক, পদযাত্রা, স্লোগান প্রতিযোগিতা, লিফলেট ও পোস্টার বিতরণ হবে। তবে সবচেয়ে কার্যকরী অংশটি হবে তরুণ শিক্ষার্থীদের সংবেদনশীল করা।"তিনি বলেন, অত্যাধিক শব্দে পক্ষীকূল ও পোষা প্রাণীরা কীভাবে ভোগে তাও তুলে ধরবে। কলকাতা এবং নিউ টাউনের বেশ কয়েকটি স্কুলের কর্তৃপক্ষ বলেছে যে তারা পুলিশ এবং ছাত্রদের মধ্যে এ ব্যাপারে আলোচনার ব্যবস্থা করে দেবে।


**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**


## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# বিশালগড়ে বিধায়কের আহ্বানে প্রতিমাসে রক্তদান

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৩১ অক্টোবর।।** মঙ্গলবার ষষ্ঠ মাসের রক্তদান শিবিরে ব্যপক উৎসাহ,উদ্দীপনা পরিলক্ষিত হয়।বিশালগড়ের বিধায়ক সুশান্ত দেবের উদ্যোগে প্রতিমাসের শেষ মঙ্গলবার স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়।তিনি বিধায়ক নির্বাচিত হওয়ার পর রক্তের ঘাটতি পূরণের জন্য এই অভিনব উদ্যোগ নিয়েছেন। বিশালগড় মহকুমা হাসপাতালের ব্লাড ব্যাংকে এই রক্তদান শিবিরে বিধায়কের আহ্বানে সাড়া দিয়ে সকল অংশের নাগরিক রক্তদানে অংশ নিচ্ছেন। মঙ্গলবার রক্তদান শিবিরে রক্তদাতাদের উৎসাহ প্রদানের জন্য উপস্থিত ছিলেন বিধায়ক সুশান্ত দেব, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাক্তার জে এম দাস।উক্ত রক্ত দান শিবিরে বিধায়ক সুশান্ত দেব বলেন নিয়মিত রক্তদান শিবির আয়োজন করায় রক্তের ঘাটতি খানিকটা হলেও পূরণ হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর ডাক্তার মানিক সাহার আহবানে সারা রাজ্যে রক্তদান শিবির হচ্ছে। তবে দুর্গোৎসবের মরশুমে রক্তদান শিবির প্রায় বন্ধ ছিল বলা চলে। তাই এই সময়ে রক্তের চাহিদা পূরণের জন্য সকল অংশের নাগরিকদের কাছে রক্তদানে এগিয়ে আসার জন্য আবেদন জানান তিনি।

## প্রধানমন্ত্রীর

● প্রথম পাতার পর

ভারতের সংকল্প অর্জনে আরও কঠোর পরিশ্রম করতে অনুপ্রাণিত করবে। প্রধানমন্ত্রী বলেন, অনেক মহান সভ্যতার অবসান ঘটেছে কিন্তু ভারতের মাটিতে এমন একটি চেতনা রয়েছে যা এই জাতিকে প্রাচীন কাল থেকে আজ পর্যন্ত বাঁচিয়ে রেখেছে।

প্রধানমন্ত্রী বলেন, অমৃত মহোৎসব ভবিষ্যতের প্রজন্মের জন্য ইতিহাসের হারিয়ে যাওয়া পাতাগুলিকে একভাবে যুক্ত করেছে। দেশের কোটি কোটি পরিবার প্রথমবারের মতো বুঝতে পেরেছে যে স্বাধীনতায় তাদের পরিবার ও গ্রামেরও সক্রিয় অবদান ছিল। ইতিহাসের বইয়ে এর উল্লেখ না থাকলেও এখন প্রতিটি গ্রামে তৈরি স্মৃতিস্তম্ভ ও শিলালিপিতে এটি চিরকালের জন্য অঙ্কিত।

## চিনির সংকট

● প্রথম পাতার পর

নাগালের বাইরে। খাদ্য দপ্তরে নীরব ভূমিকা প্রশাসনিকের তৎপরতা না থাকায় এর বাজারগুলিতে জিনিসপত্রের দর হু হু করে বাড়ছে। প্রশাসন নিরব রয়েছে, সাধারণ জনগণ অসহায়, তারপরেও প্রশাসনের দৃষ্টি গোচরে গোটা বিষয়টি জানাতে চায় সংবাদ মাধ্যমের মাধ্যমে। এক শ্রেণীর অসাদু প্রশাসনের কিছু দুষ্টচক্র বাজার নিয়ন্ত্রণ করে না বরং বাজার থেকে লাখ লাখ টাকার ব্যবসা করে,অল্প সময়ে অধিক মুনাফার উবে সাধারণ মানুষের মাথায় বাড়ি দিয়ে টাকা রোজগার করছে। সাধারণ মানুষ এই অবস্থা হলে কোথায় যাবে। কিভাবে সংসার প্রতিপালন করবে তার জন্য দুশ্চিন্তা দিন দিন বাড়ছে। গোটা বিষয়টি যাতে খাদ্যমন্ত্রী বরাবরে যায় এবং তার প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলার জন্য আহ্বান রাখেন সাধারণ জনগণ এবং মিষ্টি দোকানের ব্যবসায়ীরা।

## দুর্ঘটনা

● প্রথম পাতার পর

ধাক্কা দেয় তার নম্বর ডিএমসি ই-১০৯৪। স্কুটির চালকের নাম সূর্য সরকার(১৬), বাড়ি ধর্মনগর পুর পরিষদের ১৭ নং ওয়ার্ডে। তার সাথে একটি মেয়ে ও ছিল। তার নাম শিবানী ভট্টাচার্য একই ওয়ার্ডের বাসিন্দা। জানা যায় তারা জাতীয় সড়ক দিয়ে সেলফি তুলতে তুলতে যাচ্ছিল আচমকা গিয়ে ই-রিক্সার পেছনে ধাক্কা দিয়ে দুর্ঘটনা শিকার হয়েছে। ঘটনাস্থল থেকে অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা সূর্য সরকারকে উদ্ধার করে ধর্মনগরের উত্তর জেলা হাসপাতালে নিয়ে আসে। তার দাঁত ভেঙে গেছে এবং বা পা ভেঙ্গে গেছে। তাকে কর্তব্যরত চিকিৎসকরা সাথে সাথে আগরতলা জিবিপি হাসপাতালের উদ্দেশ্যে রেফার করে দিয়েছেন।

# অভিযানেই সাফল্য ! হামাসের ডেরা থেকে উদ্ধার ইজরায়েলের মহিলা সেনাকর্মী

তেল আভিভ, ৩১ অক্টোবর (হি.স.) : হামাসের ডেরা থেকে এক মহিলা সেনাকর্মীকে উদ্ধার করল ইজরায়েলের সেনা। হামাসের ডেরা থেকে দেশের এক মহিলা সেনাকর্মীকে উদ্ধারের বিষয়টি এক্স মাধ্যমে জানিয়েছে সেদেশের প্রতিরক্ষা মন্ত্রকে। মুলত শনিবার রাত থেকে গাজার ভূখণ্ডে অভিযান চালাচ্ছে ইজরায়েলের সেনা।সেনার অভিযানেই উদ্ধার করা সম্ভব হয় গত ৭ অক্টোবর থেকে হামাসের হাতে পণবন্দি হওয়া ওই মহিলা সেনাকর্মীকে। তাঁকে উদ্ধার করে পরিবারের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। প্রসঙ্গত, অন্তত ২৪০ জনকে পণবন্দি করে রেখেছে হামাস জঙ্গিরা, এমনটাই জানা গিয়েছে।সোমবার এক্স প্ল্যাটফর্মে ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রকের তরফে জানানো হয়, "হামাসের হাতে আটকে ছিলেন ইজরায়েলি সেনাকর্মী অরি মেগিদিশ। গত ৭ অক্টোবর তাঁকে তুলে নিয়ে যায় হামাস। আজ ইজরায়েলি সেনার অভিযান চলাকালীন তাঁকে মুক্ত করা হয়। এখন বাড়িতে নিজের পরিবারের কাছে ফিরে গিয়েছেন অরি।"এদিনই ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু জানান, সেনার অভিযান চলাকালীনই হামাসের হাত থেকে পণবন্দিদের উদ্ধার করে আনা যেতে পারে। পণবন্দিদের ছাড়ানোই ইজরায়েলের একমাত্র লক্ষ্য বলেও জানিয়েছেন তিনি। চাপ না দিলে হামাস পণবন্দিদের ছাড়বে না, আর ইজরায়েলের অভিযানে হামাসের উপর চাপ বাড়বে। ফলে পণবন্দিদের উদ্ধার করার সুযোগ আরও বেশি থাকবে ইজরায়েলের সেনার কাছে।

# হাতির হামলায় ভেঙে গেল ৬টি শ্রমিক আবাস

নাগরাকাটা, ৩১ অক্টোবর (হি.স.) : সোমবার গভীর রাতে জলপাইগুড়ির মেটেলি ব্লকের আইভিল চা বাগানে হামলা চালাল একপাল হাতি। হাতির হানায় লন্ডভন্ড হয়ে গেল আইভিল চা বাগানের ৬টি শ্রমিক আবাস। তাণ্ডবের বহর থেকে বাদ যায়নি ম্যানেজারের বাংলোর একাংশও। কোনওরকমে পালিয়ে প্রাণে বাঁচে ক্ষতিগ্রস্ত পরিবারগুলি। ঘটনায় আতঙ্ক তৈরি হয়েছে বাগানটিতে।আইভিল বাগান সূত্রে জানা গিয়েছে, বুনোদের দলটি ছড়িয়ে ছিটিয়ে বাগানগুলির একাধিক শ্রমিক মহল্লায় ঢুকে পড়ে। বয়লা লাইনের ২টি, ফ্যাক্টরি লাইনের ২টি, কবর লাইনের ১টি ও দোকান লাইনের ১টি করে বাড়ি গুঁড়িয়ে দেয় হাতিগুলি। ম্যানেজারের বাংলোর ভেতরেও হাতি ঢুকে পড়ে। সাবাড় করে বেশ কিছু কলাগাছ। ওই বাংলো চত্বরে বাংলোর মালি থাকেন। তাঁর বাড়িটিও হাতি ধূলিসাৎ করে দেয়।স্থানীয় শ্রমিকরা জানাচ্ছেন, গোটা রাত বুনোগুলি সেখানে দাপিয়ে বেড়ায়। যে বাড়িগুলি ভাঙে সেখানে শোওয়ার বা রান্নাঘরে মজুত ধান, চাল, আটা সহ অন্যান্য আনাজপাতি খেয়ে ফেলে নিমেষের মধ্যে।সেখানকার শ্রমিক কল্যাণ আধিকারিক অনির্বাণ দাস জানান, বন দফতরকে সমস্ত কিছু জানানো হয়েছে। বন দফতরের বন্যপ্রাণ শাখার খুনিয়ার রেঞ্জার সজল দে জানান, হাতির গতিবিধির প্রতি সতর্ক নজর রেখে চলেছেন বনকর্মীরা।

# রায়গঞ্জে নাবালিকাকে অপহরণের অভিযোগে গ্রেফতার যুবক

রায়গঞ্জ, ৩১ অক্টোবর (হি.স.) : নাবালিকা অপহরণের অভিযোগে এক যুবককে গ্রেফতার করল রায়গঞ্জ থানার পুলিশ। নাবালিকাকে উদ্ধার করে হোমে রাখার ব্যবস্থা করা হয়েছে। ধৃতের নাম সুবোল বর্মন।পুলিশ সূত্রে জানা গিয়েছে, চলতি মাসের ২৯ তারিখ মহারাজা হাট এলাকার রাজ্য সড়কের ওপর থেকে ওই নাবালিকাকে অপহরণ করে টুঙ্গিদিঘি নিয়ে যাওয়া হয়। সেই ঘটনায় রায়গঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। অভিযুক্তের মোবাইল ট্র্যাক করে তাকে গ্রেফতার করে পুলিশ। নাবালিকাকে উদ্ধার করে হোমে রাখার ব্যবস্থা করা হয়েছে।

# নিজ রাবার বাগানে কাজ করতে গিয়ে আক্রান্ত এক ব্যক্তি, ছিনিয়ে নিল মোবাইল সোনার চেইন

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ৩১ অক্টোবর।।** দক্ষিণ চম্পামুড়া এলাকায় নিজ রাবার বাগানে কাজ করতে গিয়ে দুষ্কৃতিকারীদের হাতে হয়েছেন আক্রান্ত এক ব্যক্তি। দুষ্কৃতীরা ছিনিয়ে নিয়ে যায় তার মোবাইল ও স্বর্ণের চেইন। এমনই অভিযোগ মিলেছে। ঘটনার বিবরনে প্রকাশ, বিশালগড়ের অফিসটিলা শীতলটিলা এলাকার নিতাই সরকারের রাবার বাগান রয়েছে দক্ষিণ চম্পামুড়া এলাকায়। মঙ্গলবার নিতাই সরকার নিজের রাবার বাগানে কাজ করতে গেলে এলাকার কিছু দুষ্কৃতি নিতাই সরকারকে বেধড়কভাবে মারধর করে তার কাছ থেকে মোবাইল ও স্বর্ণের চেইন ছিনিয়ে নিয়ে গিয়েছে। পরবর্তী সময় আক্রান্ত নিতাই সরকার বিশালগড় মহকুমা হাসপাতালে ছুটে যান চিকিৎসার জন্য। আক্রান্ত নিতাই সরকার জানান দুষ্কৃতিদের মধ্যে কয়েকজনকে তিনি চেনেন। তাদের বিরুদ্ধে মামলা করবেন বলেও জানিয়েছেন। পূর্ব শত্রুতার জেরেই এই ঘটনা বলে ধারনা স্থানীয়দের।

# অবৈধভাবে পাচারকালে উদ্ধার কচ্ছপ

**নিজস্ব আগরতলা, ৩১ অক্টোবর।।** রাজ্য সরকারে নিষেধাজ্ঞা সত্বেও অবৈধভাবে পাচার হচ্ছে কচ্ছপ। রাজ্যের বিভিন্ন বাজারগুলিতে বিক্রি হচ্ছে কচ্ছপের মাংস। জানা গেছে, রাজধানী টাউন প্রতাপগড় ঝুলন্ত ব্রিজ সংলগ্ন এলাকায় জনৈক ব্যক্তি ব্যাগ ভর্তি করে কচ্ছপ নিয়ে যাচ্ছিলেন। তখন একটি কচ্ছপ ওই ব্যক্তির ব্যাগ থেকে রাস্তায় ছিটকে পড়ে যায়। তখন এলাকার স্থানীয়রা প্রত্যক্ষ করে বিষয়টি। তৎক্ষণাৎ কচ্ছপটিকে উদ্ধার করে তাঁরা। কচ্ছপ বোঝাইকারী ব্যক্তিকে আটক করার চেষ্টা করে কিন্তু ওই ব্যক্তি পালিয়ে যায়। এরপর স্থানীয়রা কচ্ছপটিকে লক্ষীনারায়ণ বাড়ির পুকুরে ছেড়ে দিয়েছে। তাঁদের ধারণা কচ্ছপগুলোকে অবৈধভাবে পাচার করা হচ্ছিল। তাঁরা ধরতে গেলে ওই ব্যক্তি পালিয়ে যেতে সক্ষম হয়েছেন।

# টিসিএ-তে স্পেশাল ইনভেস্টিগেশন টিমের (সীট) অভিযান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।।** ত্রিপুরা হাইকোর্টের পর্যবেক্ষণেই শেষ পর্যন্ত টিসিএ-র কেলেঙ্কারি মামলার তদন্ত শুরু করেছে স্পেশাল ইনভেস্টিগেশন টিম(সীট)। সোমবার রাতে টিসিএ অফিসে অভিযান চালিয়েছেন সীট-র আধিকারিকরা। অভিযানে টিসিএ-র বেশ কিছু নথিপত্র বাজেয়াপ্ত করেছেন তাঁরা।

সোমবার পুলিশ অফিসার সুজিত পালের নেতৃত্বে একটি টিম টানা দশ ঘন্টা অভিযান চালিয়েছে টিসিএ অফিসে। টিসিএ-র সভাপতির সামনে এক ট্যাঙ্ক কাগজপত্র বাজেয়াপ্ত করা হয়েছে। গতকাল দুপুর একটা থেকে শুরু হয়ে রাত এগারোটা পর্যন্ত চলেছে ওই অভিযান। মূলত এমবিবি স্টেডিয়ামের ফ্লাড লাইট নির্মাণের কেলেঙ্কারি নিয়ে নথিপত্র বাজেয়াপ্ত করেছে সীট। এ বিষয়ে টিসিএ সভাপতি তপন লোধ জানিয়েছেন, সীট তাদের কাছ করছে। আমরা প্রতিশ্রুতি মতো সীট-র তদন্তে সহযোগিতা করছি। আদালতের কাছে যা বলার বলবো। সীট যেগুলো নথিপত্র চেয়েছে সব দেওয়া হয়েছে।

# বিধ্বংসী অগ্নিকাণ্ডের হাত থেকে অল্পেতে রক্ষা পেল বিলোনিয়া

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ৩১ অক্টোবর।।** বিধ্বংসী অগ্নিকাণ্ডের হাত থেকে অল্পেতে রেহাই পেল বিলোনিয়ার শালটিলা এলাকা। ওই এলাকাটি ঘনবসতিপূর্ণ এলাকা। গতকাল রাতে আচমকাই মোবাইল টাওয়ারে আগুন লাগার ঘটনা প্রত্যক্ষ করেন সানীয় মানুষ। সাথে সাথে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে দমকল বাহিনী। বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে প্রাথমিক ধারণা দমকলকর্মীর।ঘটনার বিবরণে জানা যায়, গতকাল রাত নয়টা নাগাদ হঠাৎ পার্শবর্তী বাড়ির এক জন লোক দেখতে পেয়েছেন মোবাইল টাওয়ারে আগুন জ্বলছে। সাথে সাথে খবর দেওয়া হয়েছে বিলোনিয়া দমকলবাহিনীকে। খবর পেয়ে দ্রুত ছুটে গিয়েছেন দমকল কর্মীরা। মুহূর্তের মধ্যে আগুন নিয়ন্ত্রণে আনতে পেরেছে দমকলকর্মীরা।

জনৈক দমকলকর্মী জানিয়েছেন, বৈদ্যুতিক শর্ট সার্কিটের ফলে টাওয়ারে এই আগুন লাগার ঘটনা ঘটেছে। এই এলাকাটি ঘনবসতি পূর্ণ এলাকা। আগুন ছড়াতে না পারায় এলাকাবাসীর মনের স্বস্তি ফিরেছে। তবে এই ধরনের টাওয়ারগুলিকে সুরক্ষিত করার জন্য দাবি উঠছে এলাকাবাসীর পক্ষ থেকে।

# বিশালগড়ে আনন্দমার্গের বিজয়া সম্মিলনীতে সাংবাদিক সংবর্ধনা




**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৩১ অক্টোবর।।** সোমবার সন্ধ্যায় বিজয়া সম্মিলনী অনুষ্ঠানের আয়োজন করেন বিশালগড় আনন্দমার্গ স্কুল। সূর্য্য কিরণ মিলনায়তনে মঙ্গলদীপ প্রজ্বলন এবং উলুধ্বনিতে আয়োজিত সম্মিলনীর উদ্বোধন করা হয়। ব্যতিক্রমী এই বিজয়া সম্মিলনীর সাক্ষী রইল গোটা বিশালগড়বাসী। স্থানীয় আনন্দমার্গ স্কুলের উদ্যোগে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আনন্দ মার্গ স্কুলের চেয়ারম্যান ।ননীগোপাল দেবনাথ। তিনি বলেন সমাজকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে কৃষক, শ্রমিক, শিক্ষক, ডাক্তার, পুলিশ অফিসার সকলের অবদান রয়েছে। ঠিক তেমনি সমাজকে সঠিক দিশায় পরিচালিত করার ক্ষেত্রে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম। মেধা মননে শ্রেষ্ঠ জাতি বাঙালি। কুসংস্কার মুক্ত নেশা মুক্ত সমৃদ্ধ সমাজ গঠনে বাঙালিদের ঐক্যবদ্ধ হতে হবে। সম্পূর্ণ অনুষ্ঠান ছিল বাঙালিয়ানার ছাপ। কেউ ধুতি, পাঞ্জাবী আবার কেউ পায়জামা পাঞ্জাবি পরিধান করে অংশ নিয়েছেন অনুষ্ঠানে। বাংলা কবিতা আবৃত্তি, বাংলা গান, বাংলা গানের তালে নৃত্য সবমিলিয়ে এক অপূর্ব নান্দনিকতার ছোঁয়া ছিল গোটা অনুষ্ঠানে। নবগঠিত শ্রীভূমি মিউজিক্যাল গ্রুপ মাতিয়ে তুলে উক্ত অনুষ্ঠান। বাংলা গানের তালে কোমর দোলায় আনন্দ মার্গ স্কুলের চেয়ারম্যান শিক্ষক শিক্ষিকা সহ সাংবাদিকরা। কুয়াশা ভেজা অনন্য সন্ধ্যায় নিজস্ব সংস্কৃতিতে ভর করে আনন্দে মেতে ওঠে সবাই। বিশালগড় প্রেস ক্লাবের সভাপতি ভবতোষ ঘোষ বলেন প্রাচীন কাল থেকে আজ পর্যন্ত সমাজকে সঠিক দিশা দেখানোর গুরুদায়িত্ব পালন করেছে বাঙালিরা। স্বাধীনতা আন্দোলনে বাঙালির গৌরবোজ্জ্বল ইতিহাস রয়েছে। শিক্ষা সংস্কৃতি সর্বদিক দিয়ে সমৃদ্ধ বাঙালিরা। বাঙালিরা আজ রাষ্ট্র রাজ্যের সীমানা প্রাচীরে বিভাজিত থাকলেও সুস্থ সংস্কৃতির বিকাশে সবাইকে এক দিশায় কাজ করতে হবে। অনুষ্ঠানে এছাড়া উপস্থিত ছিলেন সাংবাদিক সাধন দেবনাথ, সমীর ভৌমিক, তাজুল ইসলাম, খোকন ঘোষ, হারাধন দেবনাথ, গৌতম ঘোষ, ব্রাত্য রায়, জীবন সাহা, অজয় পাল সহ প্রায় ত্রিশ জন সাংবাদিক এবং সংবাদ কর্মী। এদিন সাংবাদিকদের সংবর্ধনা জ্ঞাপন করে বিজয়ার শুভেচ্ছা বিনিময় করেন আনন্দ মার্গ স্কুলের চেয়ারম্যান তথা রাজ্যের ইতিহাস গবেষক ননীগোপাল দেবনাথ। শেষে মিলিত ভোজন পর্বে অংশ নেন সবাই।

# মধ্যপ্রদেশের রাজগড় জেলায় নাবালিকাকে ধর্ষণকারী অভিযুক্তকে ২০ বছরের সশ্রম কারাদণ্ড

রাজগড়, ৩১ অক্টোবর (হি.স.) : মধ্যপ্রদেশের রাজগড় জেলায় ধর্ষণকারী অভিযুক্তকে ২০ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। বিওরার প্রথম অতিরিক্ত দায়রা জজ আর কে জৈনের আদালত মঙ্গলবার এই শাস্তির রায় ঘোষণা করেছে। আদালত রায়ে নাবালিকা ধর্ষণে অভিযুক্তকে ২০ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছে। এছাড়াও ১০ হাজার টাকা জরিমানার শাস্তিও দিয়েছে আদালত।অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর দীনেশ সাহু, মামলায় সরকারের পক্ষে উপস্থিত ছিলেন। তিনি বলেছেন, ২০২২ সালের ৩০ ডিসেম্বর ১৬ বছর বয়সী একটি মেয়ে করণভাস থানায় অভিযোগ দায়ের জানিয়েছিলেন যে তিনি কুয়োতে জল ভরতে গিয়েছিলেন। ফেরার পথে দেবলখেদা গ্রামের বাসিন্দা জিতেন্দ্র তাঁকে জোর করে ধরে নিয়ে একটি খালি বাড়িতে নিয়ে যায়। তারপর তার ধর্ষণ করা হয়।পুলিশ অভিযুক্তের বিরুদ্ধে ৩৭৬(৩), ৩/৪ পকসো আইনের অধীনে মামলা নথিভুক্ত করেছে। আদালত মঙ্গলবার সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে অভিযুক্ত জিতেন্দ্র মালভিয়াকে ২০ বছরের সশ্রম কারাদণ্ড ও দশ হাজার টাকা জরিমানা করে।

# বিলোনিয়ায় একতা দিবস

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ৩১ অক্টোবর।।** আজ সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিন, সারাদেশে আজকের দিনটিকে রাষ্ট্রীয় একতা দিবস হিসাবে পালন করার ঘোষণা দেয় কেন্দ্রীয় সরকার,এই উপলক্ষে জেলা প্রশাসনের উদ্যোগে আজ সকাল আটটায় বিলোনীয়া থানা চৌমুহনী থেকে একতা দৌড় অনুষ্ঠিত হয়, দৌড় শুরু করার আগে যোগমায়া কালীবাড়ি নাট মন্দিরে সংক্ষিপ্ত আলোচনার মধ্যে দিয়ে অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, জেলা পুলিশ সুপার অশোক কুমার সিনহা, অতিরিক্ত জেলাশাসক, যুব ও ক্রীড়া দপ্তরের আধিকারিক সহ অন্যান্য অতিথিগণ, আজকের এই দিনটির গুরুত্ব তুলে ধরেন আলোচনা করেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ।

## চাঞ্চল্য

● প্রথম পাতার পর

গ্রহনের পরামর্শ দিয়েছে। উল্লেখ্য প্রশাসনিক নিরীক্ষা ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে পরিচালিত হয়েছিল।

## তালা !

● প্রথম পাতার পর

এলাকাবাসীর আরও অভিযোগ স্বাস্থ্য কেন্দ্রটির বেহাল অবস্থা। নেই পানীয় জলের ব্যবস্থা, হাসপাতালটির চারিদিকে নোংরা জমে এক অস্বাস্থ্যকর পরিবেশের সৃষ্টি হয়েছে। অবিলম্বে এই বিষয়গুলির উপর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন এলাকাবাসীরা।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

যারজন্য ব্যয় ধরা হয়েছে ৪৬০৭ কোটি টাকা। তাছাড়া মুখ্যমন্ত্রী ৪টি নীতিগতভাবে অনুমোদিত জাতীয় সড়ককে অনুমোদনের ঘোষণা দিতে অনুরোধ জানান। এই ৪টি সড়ক হচ্ছে চম্পকনগর থেকে খুমুলুঙ এবং জম্পইজলা হয়ে উদয়পুর পর্যন্ত (৮ নং জাতীয় সড়ক' ৪০ কিমি দীর্ঘ, কমলপুর থেকে আমবাসা (৮ নং) গণ্ডাতুইসা-অমরপুর (২০৮ নং) হয়ে শান্তিরবাজার পর্যন্ত ১৪৮ কিমি দীর্ঘ সড়ক, অমরপুর (২০৮ নং) থেকে উদয়পুর (৮ নং) পর্যন্ত ২৪ কিমি রাস্তা, শান্তিরবাজার থেকে বিলোনীয়া পর্যন্ত ১৭.২৫ কিমি রাস্তা। এই সড়কগুলি রাজ্যের বিভিন্ন জেলা, মহকুমা, ব্লক, বাজার, পর্যটন স্থান ও জনজাতি অধ্যষিত এলাকাকে বিকল্প যোগাযোগের সুবিধা প্রদান করবে। তাই সড়কগুলির গুরুত্ব অপরিসীম। মুখ্যমন্ত্রী এসমস্ত প্রকল্প রূপায়ণে জমি অধিগ্রহণ, বন এলাকা ও অন্যান্য গুরুত্বপূর্ণ পরিকাঠামো সরিয়ে নেওয়া সম্পর্কিত যাবতীয় সহযোগিতা রাজ্য সরকারের পক্ষ থেকে করা হবে বলে আশ্বাস দেন। তিনি প্রকল্পগুলির কাজে গুণমান বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করে বলেন, ত্রিপুরা হচ্ছে পাহাড়ি রাজ্য এবং এখানকার মাটি বেশ নরম। তাই বৃষ্টির জল অপসারণের জন্য রাস্তার পাশে ড্রেইন ও ক্রস ড্রেনেজ দরকার। তাই প্রতিটি প্রকল্পে এসব বিষয় বিবেচনা করে ডিপিআর তৈরির সময় বিশেষ সাবধানতা অবলম্বন করতে হবে।

## রাজ্য পুলিশের

● প্রথম পাতার পর

এই বিবৃতিতে রয়েছে অন্যান্য রাজ্যের পুরস্কারপ্রাপক পুলিশকর্মীদের নামও। এই বিশেষ পুরস্কার পাচ্ছেন বিভিন্ন রাজ্য থেকে ৫১ জন সিআরপিএফ জওয়ান, ৯ জন এনআইএ, ১৪ জন এনসিবি। এছাড়াও ত্রিপুরা, অন্ধ্র প্রদেশ, আসাম, গুজরাট, ঝাড়খণ্ড, মধ্যপ্রদেশ, তামিলনাড়ু, তেলেঙ্গানা, উত্তরাখণ্ড থেকে পুলিশ কর্মীদের এই বিশেষ পুরস্কারে পুরস্কৃত করা হবে।

## কৃষিমন্ত্রী

● আটের পাতার পর

দিবসের শপথ গ্রহণের পর অনুষ্ঠিত হয় ইউনিটি রান। কৃষিমন্ত্রী রতনলাল নাথ স্বামী বিবেকানন্দ ময়দানে সবুজ পতাকা নেড়ে এই ইউনিটি রানের সূচনা করেন। ইউনিটি রানে টি এস আর, সি আর পি এফ, আসাম রাইফেলস, এন এস এস, সিভিল ডিফেন্স, স্কাউট এণ্ড গাইড, ক্রীড়াবিদ, বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্রছাত্রীরা অংশ নেয়। ইউনিটি রান স্বামীবিবেকানন্দ ময়দান থেকেরাজধানীর বিভিন্ন পথ পরিক্রমা করে উমাকান্ত একাডেমী মাঠে এসে সমাপ্ত হয়।

# ব্যর্থতা ভুলে ঘুরে দাঁড়াতে ত্রিপুরা আজ গুজরাটের মুখোমুখি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।। ব্যর্থতা ভুলে ঘুরে দাড়াতে বদ্ধপরিকর আনন্দ ভৌমিক-রা। ওই অবস্থায় আগামীকাল গুজরাটের মুখোমুখি হবে ত্রিপুরা। অনূর্ধ-২৩ একদিবসীয় ক্রিকেটে। হরিয়ানার ঝাজ্জরের শেহবাগ আন্তর্জাতিক স্টেডিয়ামে হবে ম্যাচটি। ত্রিপুরার এটি তৃতীয় ম্যাচ হলেও গুজরাটের এটি দ্বিতীয় ম্যাচ। ত্রিপুরা দুই ম্যাচ খেলে ১ টি ম্যাচে জয় পেলেও গুজরাট প্রথম ম্যাচে গোয়ার কাছে পরাজিত হয়েছিলো। ওড়িশার বিরুদ্ধে শেষ ম্যাচে বোলাররা দুর্দান্ত বল করলেও ব্যাটসম্যানদের ব্যর্থতায় হারতে হয়েছে ত্রিপুরাকে।

মঙ্গলবার বিশ্রাম দেওয়া হয় ত্রিপুরার ক্রিকেটারদের। হরিয়ানা থেকে ত্রিপুরার সহকারি কোচ বিশ্বজিৎ পাল টেলিফোনে বলেন, 'প্রথম সারির ব্যাটসম্যানদের ব্যর্থতায় হারতে হয়েছে আমাদের। অল্প রানকে তাড়া করতে নেমে এভাবে প্রথম সারির ব্যাটসম্যান-রা উইকেট ছুড়ে দিয়ে আসবে ভাবতেও পারিনি। এভাবে চলতে থাকলে জয় পাওয়া কঠিন হয়ে যাবে। তবে ছেলেদের বোঝানো হচ্ছে।

আশাকরি গুজরাটের বিরুদ্ধে ব্যর্থতা ঘুচিয়ে জয়ে ফিরবেই ত্রিপুরা'। প্রসঙ্গত: ওড়িশার ১৪৯ রানের জবাবে ত্রিপুরা ১৩২ রান করতে সক্ষম হয়েছিলো। মঙ্গলবার অনুশীলন না হলেও ব্যাটসম্যানদের নিয়ে আলাদা করে কথা বলেন ত্রিপুরার কোচ। কার কী ভুল তা শুধরে দেওয়ার চেষ্টা করেছেন।

মাঠে ছেলেরা কেমন খেলে তাই এখন দেখার বিষয়।

*অনূর্ধ ২৩ পুরুষদের জাতীয় ক্রিকেট : ই-গ্রুপ*

| দল | ম্যা: | জ: | প: | নো: | গড় | প: |
|---|---|---|---|---|---|---|
| ছত্তিশগড় | ২ | ২ | ০ | ০ | ২.২৩২ | ৮ |
| মুম্বাই | ১ | ১ | ০ | ০ | ৩.৫৪৭ | ৪ |
| ত্রিপুরা | ২ | ১ | ১ | ০ | ০.৬২০ | ৪ |
| গোয়া | ২ | ১ | ১ | ০ | -০.২২৯ | ৪ |
| ওড়িশা | ২ | ১ | ১ | ০ | -০.৯৪৭ | ৪ |
| গুজরাট | ১ | ০ | ১ | ০ | ০.৬৯৮ | ০ |
| মনিপুর | ২ | ০ | ২ | ০ | -১.৯৮৬ | ০ |

**PRESS NOTICE INVITING TENDER No:-10/PNIe-T/EE/WRD-IV/BLN/2023-24**
**Dt. 19-10-2023**

The Executive Engineer , W.R Division No-IV , Belonia invites tender on behalf of the Govornor of Tripura in seprate sealed coversfor separate tender in PWD Format F-7, as applicable, from the appropriate classes of enlisted contractors of Tripura PWD & also from the contractors registered in MES/RLYS/CPWD/TTAADC having experience similar nature of work up to 3.00 p.m on 10-11- 2023 for the following works. The tender can be uploaded in website https://tripuratenders.gov.in up to 3.00 p.m on 10-11-2023.

| Sl No | Name of Work | Estimated Cost | Earnest Money | Time for Completion |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1 | DNIe-T NO:- 43/EE/WRD-IV/BLN/DNIeT/2023-24 | ₹ 6,11,893.00 | ₹ 12,238.00 | 02 (Two) Months |
| 2 | DNIe-T NO:- 44/EE/WRD-IV/BLN/DNIeT/2023-24 | ₹ 4,98,333.00 | ₹ 9,967.00 | 02 (Two) Months |
| 3 | DNIe-T NO:- 45/EE/WRD-IV/BLN/DNIeT/2023-24 | ₹ 6,83,634.00 | ₹ 13,673.00 | 02 (Two) Months |
| 4 | DNIe-T NO:- 46/EE/WRD-IV/BLN/DNIeT/2023-24 | ₹ 6,81,954.00 | ₹ 13,639.00 | 02 (Two) Months |
| 5 | DNIe-T NO:- 47/EE/WRD-IV/BLN/DNIeT/2023-24 | ₹ 6,58,689.00 | ₹ 13,174.00 | 02 (Two) Months |

Details of the related PNIe-T & DNIe-T can be seen office of the undersigned or in the Website https://tripuratenders.gov.in. up to 3.00 p.m on 10-11-2023. Payment will be made on available of Fund

For & on Behalf of the Governor of Tripura

ICA/C-2918/23

(Er. Basudeb Das)
Executive Engineer
Water Resource Division No-IV
Belonia, South Tripura

PNIe-T No:- 14 /EE/DWS/DIVN/SBM/2023-24
e-Tender in single bid system are invited for the following work:-

| Sl. No. | Name of the work | Estimated cost | Earnest money | Deadline for online bidding | Website for online biding | Time & date of opening of online bid |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 1 | DNIeT No:-37/EE/DWS/DIVN/SBM/2023-24 | ₹ 70,44,511.00 | ₹ 1,40,890.00 | Upto 3.00 P.M on 08.11.2023 | https://tripuraten ders.gov.in | At 3.30 P.M On 08.11.2023 if possible |
| 2 | DNIeT No:-38/EE/DWS/DIVN/SBM/2023-24 | ₹ 72,72,471.00 | ₹ 1,45,449.00 | | | |

All details can be seen in the office of the undersigned. NB: The detailed press notice & bid documents for the work can be seen on website www.tripuratenders.gov.in or https://etenders.gov.in/eprocure/app or https://eprocure.gov.in at free of cost. The bid can only be submitted after uploading the mandatory scanned documents as specified in this tender document on the e-Procurement website www.tripuratenders.gov.in
For any query please contact to office of the undersigned during office hours/ eedwssbm@gmail.com

(For and on behalf of Governor of Tripura)

ICA/C-2912/23

(Er. R, arma)
Executive Engineer
DWS Division, Sabroom
South Tripura District
"Conserve Water Save Life"

**No. F.01(1 1)-GDP/UDP/Estt.(Proc)/2023/Books/ Date: 20/10/2023**
**SHORT NOTICE INVITING QUOTATION**

Sealed rate quotations with percentage of discount and offers are hereby invited from bonafied, experienced and resourceful publishers / suppliers / distributors / dealers / retailers for supply of "Text and Reference Books" at Gomati District Polytechnic, Fulkumari, Udaipur, Gomati Tripura. Detail information regarding necessary terms & condition' and requisite documents may be downloaded from the website: www.gdp.nic.in, Interested bidders may send or drop their bids and offers to the "Principal, Gomati District Polytechnic, Fulkumari, Udaipur, Gomati Tripura" in sealed cover superscripts "Quotation for Supply of Text and Reference Books" latest by 10" November, 2023 upto 12:00 P.M. The quotations will be opened on the same day at 12:30 P.M., if possible, in presence of intending bidders. Quotations received after the due date and time will not be taken into consideration.

Sd/- Prinicpal-in-charge
Gomati District, Polytechnic
Fulkumari Udaipur, Gomati Tripura

ICA/C-2907/23

**PNIeTNo. 241/EE/DWS/BLG/2023-24 dated-19/10/2023**

The Executive Engineer, DWS Division, Bishalgarh Sepahijala District, Tripura on behalf of the "Governor of Tripura" invites online percentage rate single bid system from eligible bidders up to 15.00 hrs. 20/11/2023 for "Water supply Project at Bishalgarh city under AMRUT 2.0 (SWAP-2)/SH:- Constn. of 4 Nos. semi permanent pump house in/c internal electrification dristribution network, installation pump & motors along with constn. of 4 Nos. Package type IRP under DWS Sub-Divn. Bishramganj" .For details please visit https:// tripuratenders .gov.in and https://etenders.gov.in / eprocure /app. or contact with at the O/O the Executive Engineer, DWS Division, Bishalgarhfor clarifications. if any.

ICA/C-2900/23

(Er.Subir Das)
Executive Engineer
DWS Division, Bishalgarh

**TENDER NOTICE.**

'THE Thdersigned on behalf of the Governor of Tripura invites tender in sealed covers from the bonafied resourceful and experienced PWD enlisted contractors for the mentioned below constructional works:

| Sl. No. | Name of Work (s) | Location | Estimated Cost. | Earnest money to be deposited along with the tender | NIT value | Time for completion of work |
|---|---|---|---|---|---|---|
| 01. | 02. | 03. | 04. | 05. | 06. | 07. |
| 01. | Mtc. of old Jawan TTS barrack No. 1 (size 30" x 15") at | Baijalbari Out Post | Rs.2,88,432/- | Rs.5,700/- | Rs.1000/- | 02 (two) months |
| 02. | Mtc. of old Jawan TTS barrack No. 2 (size 30" x 15") | | Rs.2,64,360/- | Rs.5, 200/- | Rs.1000/- | 02 (two) months |
| 03. | Construction of 01 (one) 5(five) seated sanitary latrine with septic tank, soak pit etc. | | Rs.3,33,130/- | Rs.6, 600/- | Rs.1000/- | 02 (two) months |

The tenders/quotations will be received in the office of the undersigned on or before 03/11/2023 up to 1300 Hrs. The tenders/quotation(s) will be opened on the same day at 1300 hrs. in the presence of representative of the tenderer willing to be present at that time, if possible. Details estimates of the works and terms & conditions regarding the tender are available in the office the undersigned, which may be collected on any working days during office hours within the stipulated period.
Details tenders/ quotations may also be seen at the following web sites.
www.tripurapolice.nic.in
www.tripura.nic.in

Superintendent of Police
Khowai District Tripura.

ICA/C-2890/23

# রাজ্যভিত্তিক স্কুল ক্রীড়াকে সামনে রেখে আজ থেকে সিলেকশন ট্রায়াল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।। রাজ্যভিত্তিক স্কুল ক্রীড়া প্রতিযোগিতার প্রস্তুতি শুরু হচ্ছে আগামীকাল থেকেই। এক কথায় রাজ্য ভিত্তিক স্কুল ক্রীড়া আসরের ঢাকে কাঠি পড়ছে আগামীকাল থেকে। ৩ নভেম্বর পর্যন্ত চার ইভেন্টের ব্লক এবং এ এম সি লেভেলের নির্বাচনী শিবির অনুষ্ঠিত হবে। ২ নভেম্বর অনূর্ধ ১৪ ছেলেদের ফুটবল এবং অনূর্ধ ১৪, অনূর্ধ ১৭ ও অনূর্ধ ১৯ বয়স গ্রুপে যোগাসন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগামী ৪ নভেম্বর অনূর্ধ ১৭ খো-খো এবং অনূর্ধ ১৭ ফুটবলের সিলেকশন ট্রায়াল অনুষ্ঠিত হবে। মোটকথা এক সপ্তাহও আর হাতে নেই। আগামী ৭ নভেম্বর থেকে শুরু হচ্ছে দুই বিভাগে সাতটি ইভেন্টের রাজ্যভিত্তিক স্কুল ক্রীড়ার আসর। সেই লক্ষ্যে বিভিন্ন জেলাগুলো তাদের খেলাধুলার আয়োজনের প্রস্তুতি শুরু করে দিয়েছে। ৭ থেকে ৯ নভেম্বর পাঁচটি ইভেন্টে রাজ্যভিত্তিক স্কুলের আসর সম্পন্ন হলে ৯ থেকে ১১ নভেম্বর হবে পরবর্তী দুটি ইভেন্টের প্রতিযোগিতা। প্রথম পাঁচটি ইভেন্টের আসরের সূচি অনুযায়ী পশ্চিম জেলাতে অনূর্ধ ১৪, অনূর্ধ ১৭ ও অনূর্ধ ১৯ বয়স গ্রুপের জিমন্যাস্টিক্স ও ব্যাডমিন্টন; সিপাহীজলা জেলাতে অনূর্ধ ১৭ বাস্কেটবল, ঊনকোটি জেলাতে অনূর্ধ ১৭ ছেলেদের হকি এবং গোমতী জেলাতে অনূর্ধ-১৪ ছেলেদের ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এভাবেই পরবর্তী সময়ে হবে পার্ট থ্রি প্রতিযোগিতার আসর।

# মেট্রিক্সের অপর্ণা স্মৃতি আন্তর্জাতিক রেটিং দাবা আজ থেকে আগরতলায়

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।। প্রস্তুতি চূড়ান্ত। দেশের নামিদামি দাবারুরা এখন আগরতলায়। উদ্বোধন আগামীকাল। মেট্রিক্স চেস আকাদেমি আয়োজিত তৃতীয় বর্ষ 'অপর্ণা দত্ত' স্মৃতি আন্তর্জাতিক রেটিং দাবা প্রতিযোগিতার। দুপুর ২ টায় এন এস আর সি সি-র যোগা হলঘরে হবে আসরের উদ্বোধন। ৬ দিন ব্যাপী আসরের উদ্বোধন করবেন মেট্রিক্স চেস আকাদেমির পেট্রণ প্রবোধ রঞ্জন দত্ত। উপস্থিত থাকবনে ভারতীয় যুব দলের কোচ তথা ত্রিপুরার সর্বকালের সেরা দাবাড়ু ফি ডে মাস্টার প্রসেনজিৎ দত্ত এবং এইচ আর ওয়ারিয়র ফিটনেস জিমের কর্ণধার বাপী দে। উদ্বোধনী অনুষ্ঠানের পরই শুরু হয়ে যাবে প্রথম রাউন্ডের খেলা। ১০ রাউন্ডের আসরের মোট প্রাইজমানি ৩.০১ লাখ টাকা। আসরের সেরা দাবাড়ু পাবেন সুদৃশ্য ট্রফি সহ প্রাইজমানি বাবদ ৪০ হাজার টাকা। এবারের আসরে প্রায় দেড়শত জন দাবাড়ু এন্টি নিয়েছেন। এরমধ্যে ভিনরাজ্যের দাবাড়ুদের সংখ্যা বেশী। ইতিমধ্যে ভিনরাজ্যের দাবাড়ুরা রাজ্যে আসতে শুরু করে দিয়েছেন। খেলা পরিচালনা করবেন আন্তর্জাতিক আরবিটর অনুপম ভট্টাচার্য। প্রথম দিন ১ রাউন্ডের খেলা হলেও পরের দিন থেকে হবে দুই রাউন্ড করে খেলা। ত্রিপুরার যে সকল দাবাড়ু আসরে এখনও এন্টি নেয়নি, তাঁদের বুধবার দুপুরের মধ্যে এন্টি নিতে অনুরোধ করেছেন মেট্রিক্স আকাদেমির কর্ণধার প্রসেনজিৎ দত্ত। এদিকে আসর সুষ্ঠভাবে সম্পন্ন করতে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন এইচ আর ওয়ারিয়র ফিটনেস জিমের কর্ণধার বাপী দে।

**WALK- IN- INTERVIEW**

A walk-in-interview will be held in Sri Aurobindo General Degree College(English Medium), Kunjaban, Agartala , Tripura(W) on 06-11-2023 from 11 AM to 3 PM for the engagement of Guest Lecturer in the following subject:
**1.English 2. Bengali 3. Political science 4. History 5. Sociology 6. Economics 7. Philosophy 8. Physical Education 9. Environment Science 10. Company Law 11. Information Technology & Computer Science 12. Tourism Transport and Travel Management 13. NSS.**
**Essential Qualifications:**
For Sl. No. 1 to 8 at least 55% Marks in Master Degree in concerned subjects from a UGC recognised university. Sl.No. 9. EVS- Master degree in EVS/Bio Science with 55% Marks. I.No. 10. Company Law — 55% Marks in M.Com/LLM. Sl.No.11. IT/CS - Master Degree in Computer Science/IT. Sl.No.12 TTTM- 55% Marks in MBA( Tourism and Travel Management/ Master of Tourism Studies / Master of Tourism and Travel Management).13. NSS — 55% Marks in MSW/Studied NSS as a subject at Master Degree Level/National NSS awardees.
Interested candidates are requested to appear before the Interview Board with all necessary testimonials in original and photo copies of the same along with an application in plain paper. Engagement will be make on the basis of merit taking into the account of API score and interview. Selected candidate will be engaged with an honorarium of Rs.500/- per class during the academic year 2023-24. The engagement will be purely temporary basis. No TA/DA is admissible for appearing in interview.
N.B:- Preference will be given to the candidate having NET/SLET/PH.D. A relaxation of 5% Marks may be allowed to SC/ST/PH/PH.D candidates.

ICA/D-1184/23

( DR. DIFANKAR CHAKRABARTI)
Principal
Sri Aurobindo General Degree College.
( English Medium)
Kunjaban, Agartala,Tripura west.

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 15/EE/WR-II/UDP/2023-24 DATE: 19.10.2023**

| SL. NO. | Name of Work | ESTIMATED COST | EARNEST MONEY | BID FEE | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND UPLOADING BIDDING | TIME AND DATE OF OPENING OF BID | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Periodical maintenance of Right Bank Main Canal/SH:- Various types of repair work at different locations of Right Bank main canal under Gumti Barrage Sub-Division, Udaipur during the year 2023-24. DNIeT No. 60/EE/WR-III/UDP//DNIeT/2023-24 | 8,29,410.00 | 16,588.00 | 1,000.00 | 06 (Six) Months | Up to 15.00 Hrs on 16.11.2023 | At 16.00 Hrs on 10.11.2023 (if possible) | Appropriate Class |
| 2 | Periodical maintenance of Left Bank Main Canal/SH:- Various types of repair work at different locations of Left Bank main canal under Gumti Barrage Sub-Division, Udaipur during the year 2023-24. DNIeT No. 61/EE/WR-III/UDP/DNIeT/2023-24 | 8,03,201.00 | 16,064.00 | 1,000.00 | 06 (Six) Months | | | |

N.B : The details notice can be seen in the office of the [i] Superintending Engineer, W.R. Circle No.III, Udaipur [ii] Executive Engineer, W.R. Division No.III, Udaipur [iii] Assistant Engineer, W.R. Sub-Division No.I, Udaipur iv] Assistant Engineer, W.R. Sub-Division No.II, Udaipur and [v] Assistant Engineer, W.R. Sub-Division, Amarpur during office hours.
The Bid Forms and other details including online activities should be done in the e-procurement portal: https://tripuratenders.gov.in

For & on behalf of the Governor of Tripura

ICA/C-2923/23

(Er. M. Mag)
Executive Engineer
Water Resource Division No.III
Udaipur, Gomati, Tripura

# সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে রাষ্ট্রীয় একতা দিবস উদযাপনে রান ফর ইউনিটি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।। মঙ্গলবার সকালে সিপাহী জলা জেলা প্রশাসনের উদ্যোগে সিপাহীজলা ফার্স গেটের সামনে থেকে রান ফর ইউনিটি অনুষ্ঠিত হয়। ২০১৪ সাল থেকে সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিনকে রাষ্টীয় মর্যাদায় পালন করার উদ্দেশ্যকে সামনে রেখে ৩১শে অক্টোবর, দিনটি রাষ্ট্রীয় একতা দিবস হিসাবে পালন করা হচ্ছে। রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন উপলক্ষে সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে রান অফ ইউনিটি অনুষ্ঠিত হয়। আজ, মঙ্গলবার সিপাহীজলা অভয়ারণ্যের মূল ফটকের সামনে থেকে জেলার বিভিন্ন মহকুমা থেকে আগত খেলোয়াররা ত্রিপুরা পুলিশ, টি এস আর, বিএসএফ-এর জওয়ানরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। রান অফ ইউনিটি উপলক্ষে প্রায় দেড় শতাধিক খেলোয়ার সিপাহীজলা মূল ফটকের সামনে থেকে বিশালগড় মহকুমা শাসকের অফিস পর্যন্ত দৌড়ে অংশগ্রহণ করেন। এই দৌড়ের শুভ সূচনা করেন সিপাহীজলা জেলার জেলাশাসক বি জে রেড্ডি। উপস্থিত ছিলেন ক্রীড়া দপ্তরের সহকারি অধিকর্তা ডঃ ভারতী নিগম। তিনি খেলোয়ারদের শপথ বাক্য পাঠ করান। দৌড় শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে আজকের দিনের তাৎপর্য ব্যাখ্যা করেন জেলাশাসক বি জে রেড্ডি। রান ফর ইউনিটি উপলক্ষে অংশগ্রহণকারীদের মধ্যে বেশ উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে। উদ্যোক্তারা সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

# হায়দ্রাবাদ জয় দিয়েই কাল সূচনা চাইছে ত্রিপুরার মেয়েরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।। প্রস্তুতি পর্ব চূড়ান্ত। মহিলাদের অনূর্ধ ১৯ টি-টোয়েন্টি ট্রফি ২০২৩-২৪ এর গ্রুপ লিগে অংশগ্রহণকারী ত্রিপুরা সহ ছটি দলের মেয়েরাই মাঠে নামার আগে আগামীকাল শেষ দিনের টিপস নিয়ে নেবে নিজ নিজ কোচদের থেকে। মাঠে ২ নভেম্বর থেকে সেরাটা উজাড় করে দিতে প্রত্যেকেই যেন প্রস্তুতি সেরে নিচ্ছে। রাঁচিতে অনূর্ধ ১৯ মেয়েদের টি-২০ ট্রফির গ্রুপ লিগের খেলা শুরু হচ্ছে ২ নভেম্বর থেকে। এই গ্রুপে লিগ পর্যায়ে অংশগ্রহণকারী ছয়টি দলেরই তিনটি ম্যাচই ২ নভেম্বর অনুষ্ঠিত হচ্ছে। ত্রিপুরা হায়দ্রাবাদের ম্যাচ হবে রাঁচিতে জামশেদপুর ক্রিকেট একাডেমি ইন্টারন্যাশনাল স্টেডিয়াম কমপ্লেক্সে। একই সময়ে রাঁচিতে জামশেদপুর ক্রিকেট একাডেমি ওভাল গ্রাউন্ডে অরুণাচল প্রদেশ খেলবে তামিলনাড়ুর বিরুদ্ধে। একই গ্রাউন্ডে বেলা দেড়টায় হরিয়ানা খেলবে উত্তরপ্রদেশের বিরুদ্ধে। হায়দ্রাবাদের বিরুদ্ধে মাঠে নামার আগে ত্রিপুরার মেয়েরা আজও প্রয়োজনীয় হালকা প্র্যাক্টিস করে নিয়েছে। ২ নভেম্বর প্রথম ম্যাচে হায়দ্রাবাদের পর, ৩ নভেম্বর তামিলনাড়ু, ৫ নভেম্বর অরুনাচল প্রদেশ, ৭ নভেম্বর উত্তর প্রদেশ এবং ৯ নভেম্বর ত্রিপুরা গ্রুপের শেষ ম্যাচ খেলবে শক্তিশালী হরিয়ানার বিরুদ্ধে। কোচদের পাশাপাশি দলনেতৃ রূপালী দাসও যথেষ্ট আশাবাদী টুর্নামেন্টের শুরুতে সাফল্য পাওয়া নিয়ে। ত্রিপুরা দলের ক্রিকেটাররা হলো: রূপালী দাস (উইকেট রক্ষক ও ক্যাপ্টেন), বিজয়া ঘোষ, গিয়া মন্ডল, অস্মিতা দেবনাথ (সহ অধিনায়ক), অস্মিতা দাস, পায়েল নমঃ, পারমিতা চক্রবর্তী, প্রিয়া সরকার, তানিয়া দেব, মিনতি বিশ্বাস, রিফু দেববর্মা, রেশমি নোয়াতিয়া, অন্তরানি নোয়াতিয়া, পৌলমী পাল, অস্মিতা দাস- তেলিয়ামুড়া, ভূমিকা নায়েক ও তনুশ্রী সরকার। সাপোর্ট পার্সোনেল হিসেবে রয়েছেন মাম্পি দেবনাথ ম্যানেজার, অমল পাল লজিস্টিক ম্যানেজার, শ্রাবণী দেবনাথ চীফ কোচ , সন্দীপ ব্যানার্জি কোচ, শুভ্র পাল কোচ, মিষ্টি দেব ফিজিও, সুখেন্দু দে ট্রেনার।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# ঢাকাসহ বিভিন্ন স্থানে হামলা ভাংচুর ত্রিমুখী সংঘর্ষ ৩ জনের মৃত্যু, পুলিশসহ আহত শতাধিক




**মনির হোসেন,ঢাকা,অক্টোবর ৩১।।** বাংলাদেশে ক্ষমতাশীন শেখ হাসিনা সরকারের পদত্যাগ ও খালেদা জিয়ার মুক্তির দাবিতে বিরোধীদল বিএনপি'র ডাকা তিনদিনের অবরোধ কর্মসুচির ১ম দিনে ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ,নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, হবিগঞ্জ, সিলেট, কুমিল্লা,রংপুরসহ সারাদেশ জুড়ে ব্যাপক সহিংসতা হামলা ভাংচুর গাড়িতে আগুন। বিভিন্নস্থানে পুলিশের সাথে সংঘর্ষে দুই বিএনপি নেতাসহ ৩ জনের মৃত্যুর সংবাদ পাওয়া গেছে। এছাড়াও ত্রিমুখী সংঘর্ষে পুলিশসহ শতাধিক আহত হয়েছে।

বিএনপির টানা তিনদিনের সর্বাত্মক অবরোধের প্রথমদিনে কয়েকটি সংঘর্ষের ঘটনা ঘটেছে, বাংলাদেশের নারায়ণগঞ্জে আওয়ামী লীগ-পুলিশ ও বিএনপির মধ্যে ত্রিমুখী সংঘর্ষ ঘটেছে। এতে তিন পুলিশ সদস্যসহ অন্তত ২০ জন আহত হয়েছেন। বিক্ষোভকারীরা এসময় দুটি বাসে ভাঙচুর চালায়। মঙ্গলবার সকাল পৌনে ৯টার দিকে পাঁচরুখীতে বিএনপি নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল শুরু করে। এসময় তারা লাঠিসোটা নিয়ে মহাসড়ক অবরোধ করে স্লোগান দিতে থাকে। একই সময়ে বিএনপির সন্ত্রাস নৈরাজ্যের প্রতিবাদে স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীরা মিছিল বের করলে দুপক্ষের মধ্যে ধাওয়া-পালটা ধাওয়া ও সংঘর্ষ হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে গেলে বিএনপি নেতাকর্মীরা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ শুরু করলে ত্রিমুখী সংঘর্ষ শুরু হয়। এ সময় একটি বিআরটিসি বাসসহ দুটি বাস ভাঙচুর করে অবরোধকারীরা।বাংলাদেশের কিশোরগঞ্জে পুলিশের গুলিতে বিএনপির দুই নেতা নিহত হয়েছেন বলে দলটির পক্ষ থেকে দাবি করা হয়েছে। একই সময়ে সেখানে ২০ জন নেতাকর্মী আহত হয়েছেন বলেও দাবি করেছে দলটি। এ বিষয়ে পুলিশের দায়িত্বশীল কারও বক্তব্য পাওয়া যায়নি।মঙ্গলবার সকাল সাড়ে ৮টার দিকে উপজেলার ছয়সূতি এলাকায় এ ঘটনা ঘটে। কিশোরগঞ্জ জেলা বিএনপির সভাপতি শরীফুল আলম দাবি করেন, পুলিশের সঙ্গে সংঘর্ষে বিএনপির দুই নেতা নিহত হয়েছেন। তারা হলেন বড় ছয়সূতি ইউনিয়নের ছাত্রদল নেতা শেফায়েত উল্লাহ (২০) ও একই ইউনিয়নের কৃষকদল সভাপতি বিল্লাল মিয়া (৩০)। এ বিষয়ে বাজিতপুর জহিরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের ওয়ার্ড মাস্টার রুখন উদ্দিন ঢাকা পোস্টকে বলেন, কুলিয়ারচরে সংঘর্ষে নিহত শেফায়েত উল্লাহ নামে একজনের মরদেহ হাসপাতালে রয়েছে। তিনি বড় ছয়সূতি গ্রামের কাওসার মিয়ার ছেলে।বিএনপির টানা তিনদিনের সর্বাত্মক অবরোধের প্রথমদিনে কয়েকটি সংঘর্ষের ঘটনা হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে ১২টার দিকে হবিগঞ্জের বাহুবল উপজেলার মিরপুর বাজারে অবরোধের সমর্থনে আসা বিএনপির কর্মীদের সঙ্গে আওয়ামী লীগ নেতাকর্মীদের ধাওয়া পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। খবর পেয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ দেড়শ রাউন্ড টিয়ার শেল ও ফাঁকা গুলি ছুড়ে। সংঘর্ষে ৫ পুলিশ সদস্যসহ আহত উভয়দলের আহত হয়েছে অন্তত ৩০ জন নেতাকর্মী। এর মধ্যে আশঙ্কাজনক অবস্থায় শাহ আলম নামে পুলিশের এক কনস্টেবলকে উন্নত চিকিৎসার জন্য সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপতালে পাঠানো হয়েছে। এদিকে, ঢাকায় বিএনপি-জামায়াত ও সমমনা দলগুলোর ডাকা সারাদেশে সর্বাত্মক অবরোধের প্রথম দিন মঙ্গলবার ঢাকা মহানগর ও জেলা থেকে গ্রেফতার বিএনপি-জামায়াতের ১৮৩ জন নেতাকর্মীকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। তাদের মধ্যে ঢাকা মহানগরের ৫০টি থানা এলাকা থেকে গ্রেফতার হয়ে কারাগারে গেছেন ১৬৯ জন। এছাড়া ঢাকা জেলাধীন ছয়টি থানা এলাকা থেকে গ্রেফতার ১৪ নেতাকর্মীকে কারাগারে পাঠানো হয়েছে। কারাগারে যাওয়া ব্যক্তিদের মধ্যে বিএনপি-জামায়াতের নেতাকর্মী ছাড়াও সন্দেহভাজন আসামিও রয়েছেন বলে আদালত সূত্রে জানা গেছে।

# দুর্বৃত্তদের হাতে আক্রান্ত ফুটবল খেলোয়াড়

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ৩১ অক্টোবর।।** দুর্বৃত্তদের হাতে আক্রান্ত ফুটবল খেলোয়াড়। ঘটনা সোনামুড়া বাজার সংলগ্ন এলাকায়। আক্রান্ত খেলোয়াড়ের নাম গোলাম মোস্তফা। ঘটনার বিবরণ জানা যায়, সোমবার বাড়ি থেকে বের হয়ে বাজারে গিয়েছিলেন গোলাম মোস্তফা। সে সময় কিছু দুর্বৃত্ত তার উপর চড়াও হয়। তার গলায় গামছা বেঁধে রাস্তায় টানা হেঁচড়া করে লাঠি রড দিয়ে বেধড়ক মারধর করা হয়েছে। খবর পেয়ে পরিবারের লোকজনেরা বাজার এলাকায় গিয়ে গোলাম মোস্তফাকে রাস্তায় পড়ে থাকতে দেখে উদ্ধার করে নিয়ে যায় সোনামুড়া মহকুমা হাসপাতালে।তার পায়ে এবং দেহের অন্যান্য অঙ্গে আঘাত গুরুতর হওয়ায় রেফার করা হয়েছে জিবিপি হাসপাতালে। বর্তমানে জিবি হাসপাতালে চিকিৎসাধীন গোলাম মোস্তফা। তার স্ত্রীর ধারনা রাজনৈতিক কারণে তাকে মারধর করেছে স্বদলীয় বিজেপি কর্মীরা। অভিযোগের তীর শহীদ চৌধুরী, সোহেল চৌধুরী, জামশেদ চৌধুরী, রহিত চৌধুরি ও জাফরের বিরুদ্ধে। আরো অভিযোগ ঘটনার পর দমকল কর্মীদের খবর দেওয়া হলে তারা ঘটনাস্থলে যায়নি। এই রহস্যজনক ঘটনার সুষ্ঠু তদন্তের জন্য মুখ্যমন্ত্রী কাছে আর্জি জানিয়েছেন আহতের পরিবারের সদস্যরা। বর্তমানে জিবি হাসপাতালে চিকিৎসাধীন আক্রান্ত ফুটবল খেলোয়াড় গোলাম মোস্তফা। কি কারনে তাকে এভাবে মারধর করা হয়েছে তাকে কেন্দ্র করে রহস্য দানা বাঁধতে শুরু করেছে এলাকায়।

# ভারতের একতা ও সংহতির প্রতীক সর্দার বল্লভভাই প্যাটেল ঃ মুখ্যমন্ত্রী




**আগরতলা, ৩১ অক্টোবর।।** ভারতের একতা ও সংহতির প্রতীক হলেন সর্দার বল্লভভাই প্যাটেল। তাঁর দৃঢ় মানসিকতা ও বলিষ্ঠ পদক্ষেপের জন্যই গঠিত হয়েছে বর্তমান ভারত। আজ বিকেলে অরুন্ধতীনগরস্থিত মনোর'ন দেববর্মা ম'তি পুলিশ মাঠে সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিবস উপলক্ষে আয়োজিত রাষ্ট্রীয় একতা দিবস অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। এই উপলক্ষে মুখ্যমন্ত্রী উপস্থিত সকলকে রাষ্ট্রীয় একতা দিবসের শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, সর্দার বল্লভভাই প্যাটেল ভারতের একতা ও অখণ্ডতা রক্ষায় মুখ্য ভূমিকা গ্রহণ করেছিলেন। আমৃত্যু তিনি ভারত গড়ার কাজে নিয়োজিত ছিলেন। স্বাধীনতা প্রাপ্তির পর ৫৬৫টি রাজন্যশাসিত অ'লকে ভারতের মূল ভূখণ্ডের সাথে যুক্ত করানো তাঁর দৃঢ় মানসিকতার পরিচয় বহন করে। মুখ্যমন্ত্রী বলেন, দেশকে আরও শক্তিশালী ও সমৃদ্ধ করে তোলার ক্ষেত্রে দেশবাসীকে অনুপ্রাণিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০১৪ সাল থেকে সর্দার প্যাটেলের জন্মদিনকে রাষ্ট্রীয় একতা দিবস হিসেবে পালন করার উদ্যোগ গ্রহণ করেছেন। এরফলে দেশের যুব সমাজ ভারতের প্রতি অশুভ শক্তির বিরুদ্ধে লড়াই করার মানসিকতায় উদ্বুদ্ধ হয়েছে। অনুষ্ঠানে বিএসএফ, সিআরপিএফ এবং টিএসআর বাহিনীর পুরুষ ও মহিলা জওয়ানরা কুচকাওয়াজ প্রদর্শন করেন। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজমদার, ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অমিতাভ র'ন সহ রাজ্য আরক্ষা বাহিনীর বিভিন্ন স্তরের আধিকারিকগণ।

# গৃহবধূকে অগ্নিদগ্ধ করার অভিযোগ শাশুড়ির বিরুদ্ধে, পাশে রাজ্য মহিলা কমিশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।।** লক্ষ্মীপূজায় রাতে গৃহবধূকে প্রদীপের অগ্নিদগ্ধ করে পুড়িয়ে মারার চেষ্টার করেছে শাশুড়ি। এমনই গুরুতর অভিযোগে গোটা রাজ্যজুড়ে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। আহত গৃহবধূ দীপা দাস বর্তমানে জিবি হাসপাতালে চিকিৎসাধীন।

অভিযোগমূলে জানা যায়, ওইদিন তার শাশুড়ি প্রদীপ দিয়ে তার শরীরের সুতির শাড়িতে আগুন ধরিয়ে প্রানে মারার চেষ্টা করেছে। কোনক্রমে বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে সে আগুন নিয়ন্ত্রণে আনলেও তার শরীরের বেশ কিছু জায়গা আগুনে পুড়ে গেছে। এমনকি ঘটনার সময় ওই গৃহবধূর স্বামী বাড়িতে না থাকলেও পরবর্তী সময় বাড়িতে এসে আবার ঘরের দরজা বন্ধ করে তাকে বেধড়ক মারধর করেছে। অভিযুক্ত স্বামীর নাম সুশান্ত দাস। অভিযোগ গত মার্চ মাসে তাদের পালিয়ে বিয়ে হওয়ার পর গৃহবধূর মা মেয়ের শশুর বাড়িতে না যাওয়ার কারণে এভাবে নির্যাতন চালাত স্বামী এবং শাশুড়ি যমুনা দাস সহ বাড়ির অন্যান্য লোকজনেরা। প্রতিদিন তাকে শারীরিকভাবে নির্যাতন চালাত তারা।

বাপের বাড়ির লোকজনদের সাথে কথা বলার জন্য মোবাইল ফোন পর্যন্ত দিত না বলে অভিযোগ। সবচেয়ে অবাক করার বিষয় হলো সেদিন আগুনে পুড়ে যাওয়ার পরেও গৃহবধূকে ঘরবন্দী করে ফেলে রাখা হয়েছিল।

দুদিন পর বাপের বাড়ির লোকজনেরা খবর পেয়ে ছুটে গিয়ে উদ্ধার করে গৃহবধূকে। নিয়ে আসা তাকে জিবিপি হাসপাতালে। গৃহবধূ আরও জানিয়েছেন, তার স্বামীর বাড়ি উদয়পুর রাধা কিশোরপুর থানাধীন তোতাবাড়ি এলাকায়।

এদিকে অভিযুক্ত শাশুড়ি যমুনা দাসের বক্তব্য, লক্ষী পূজার দিন তিনি রান্নাঘরে কাজ করার সময় গৃহবধূর চিৎকার শুনে বসত ঘরে গিয়ে দেখেন তার শরীরে আগুন। সাথে সাথে আগুন নিভিয়ে গৃহবধূকে রক্ষা করেছেন তিনি। গৃহবধূর তোলা অভিযোগ খন্ডন করে বলেন তিনি আগুন লাগাননি গৃহবধূর শরীরে। বর্তমানে জিবি হাসপাতাল মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে গৃহবধূ। অভিযুক্ত শ্বশুরবাড়ির লোকজনদের বিরুদ্ধে কঠোর শাস্তি দাবি করেছেন গৃহবধূর। এদিকে ঘটনার খবর পেয়ে মঙ্গলবার জিবিপি হাসপাতালে ওই মহিলাকে দেখতে গেছেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্না দেববর্মা সহ মহিলা কমিশনের অন্যান্য আধিকারিকেরা। গৃহবধূর পাশে থাকার আশ্বাস দিয়েছেন তিনি। তিনি বলেন, রাজ্যে নারী নির্যাতন কোনোভাবেই বরদাস্ত করা হবে না। সে যে দলেরই হোক না কেন, যত প্রভাবশালী হোক তাকে শাস্তি প্রদান করবে প্রশাসন। এই গৃহবধূ যেন ন্যায্য বিচার পায় সেই বিষয়টি রাজ্য মহিলা কমিশন সুনিশ্চিত করবে বলে জানিয়েছে।

# একতা দিবসে রাজ্যপালের অভিনন্দন

**আগরতলা, ৩১ অক্টোবর।।** রাজ্যে রাষ্ট্রীয় একতা দিবস উদযাপনের জন্য রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ত্রিপুরাবাসীকে অভিনন্দন জানিয়েছেন। এক প্রেস নোটে রাজ্যপাল বলেন, আজকে ত্রিপুরা সহ সমস্ত দেশবাসী জাতীয় হিরো সর্দার বল্লভ ভাই প্যাটেলকে শ্রদ্ধা জানিয়েছে। কেননা 'তিনি এক ভারত, শ্রেষ্ঠ ভারত' গঠনের জন্য তার পুরো জীবন উৎসর্গ করেছেন। রাজ্যপাল বলেন, সর্দার প্যাটেল শুধুমাত্র একজন ঐতিহাসিক ব্যক্তিত্বই ছিলেন না, তিনি দেশবাসীর হৃদয়ে স্থান করে নিয়েছিলেন। আজকের দিনে যারা দেশের সর্বত্র একতার বাণী ছড়িয়ে দিচ্ছেন তাঁরা হলেন ভারতের ঐক্যের প্রতীক। এই ভাবনা আমরা দেখতে পাচ্ছি স্ট্যাচু অব ইউনিটি সহ দেশের সর্বত্র আয়োজিত একতা দৌড়ের মাধ্যমে। রাজ্যপাল বলেন, ভারতবর্ষ শুধু এক ভৌগোলিক এলাকাই নয়, ভারত হচ্ছে বিভিন্ন ধারণা, মতবাদ, সংস্ক'তি ও সভ্যতার মিলনক্ষেত্র। যুগ যুগ ধরে ভারতে যে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা গড়ে উঠেছে সে থেকেই 'ওয়ান ইণ্ডিয়া' ভাবনা আরও মজবুত হয়েছে। সর্দার প্যাটেল সর্বদাই চেয়েছিলেন এরকম একটি উন্নত ও গণতান্ত্রিক সমাজ। আমরা যদি ঐক্যবদ্ধ থাকি একমাত্র তবেই আমরা সেই উদ্দেশ্য পূরণ করতে পারবো। তাঁর অনুপ্রেরণায় ভারত এখন বিভিন্ন ক্ষেত্রে সংকট মোকাবিলা করতে সক্ষম। রাজ্যপাল আরও বলেন, আমাদের সর্দার প্যাটেলের কথাগুলি মনে রাখতে হবে। 'সবার মিলিত প্রচেষ্টায় আমরা দেশকে উন্নয়নের নতুন শিখরে নিয়ে যেতে সক্ষম হবো, তেমনি আমাদের মধ্যে ঐক্যের অভাব ঘটলে নতুন বিপর্যয় আসতে পারে'। আগের দিনের তুলনায় আমাদের সম্মিলিত প্রয়াস স্বাধীন ভারতের উন্নয়নকে আরও বেশী ত্বরাণিত করবে বলে তিনি বিশ্বাস করেন। সর্দার প্যাটেলের স্বপ অনুযায়ী 'নতুন আত্মনির্ভর ভারত' গড়তে, উন্নয়নের গতিকে বাড়াতে হলে আমাদের 'সবকা সাথ সবকা বিকাশ' মন্ত্রে কাজ করতে হবে। মহৎ উদ্দেশ্যে করা ছোট কাজও গুরুত্বপূর্ণ। তিনি উন্নয়ন প্রক্রিয়ায় সকলের অংশগ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন এবং আজ যারা এই কর্মসূচিতে অংশ নিয়েছেন তাদের শুভেচ্ছা জানান।

# জলে ডুবে মৃত্যু এক যুবকের

**নিজস্ব প্রতিনিধি, লংতরাইভ্যালী, ৩১ অক্টোবর।।** মনু নদীর জলে তলিয়ে গেল এক যুবক। ঘটনা লংতরাইভ্যালী মহকুমার অন্তর্গত মনু হাসপাতাল সংলগ্ন এলাকায়। মৃত যুবকের নাম বিপুল দেববর্মা(২৬), পিতা সঞ্জীৎ দেববর্মা, বাড়ি জিরানীয়া।

বিস্তারিত খবরে জানা যায়, বিপুল ময়নামাসিত এক ভাইয়ের বাড়িতে বেড়াতে গিয়েছিল। ৩১ অক্টোবর রোজ বুধবার আনুমানিক বিকেল ৪টা নাগাদ এক বন্ধুর সাথে মনু হাসপাতালের পেছনে মনু নদীতে স্নান করতে নামে সে। স্নান করতে নেমে আচমকাই নদীর জলে তলিয়ে গেছে বিপুল। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় মনু থানার পুলিশ ও দমকল বাহিনী। অনেক খোঁজাখুঁজির পর ঘটনাসল থেকে কিছু দূরেই জলের নীচে তার লাশ উদ্ধার করা হয়েছে। প্রাথমিক ধারণা দুই বন্ধু মিলে ড্রাগস নিতেই হাসপাতালের পেছনে এমন জঙ্গলাকীর্ন জায়গায় এসেছিল। পড়ে তারা মনু নদীতে স্নান করতে নামলেই এই দুর্ঘটনা ঘটে। মৃতদেহ উদ্ধার করে মনু হাসপাতালে নিয়ে আসা হয়েছে। সেখানে ময়নাতদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হবে। ময়নাতদন্তের রিপোর্টের মৃত্যুর আসল কারন বেরিয়ে আসবে। যুবকের মৃত্যুতে শোকের ছায়া এলাকা জুড়ে।

# রাজ্যে ইন্দিরা গান্ধীর প্রয়াণ দিবস পালিত



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ অক্টোবর।।** ভারতবর্ষের সংহতি ও ঐক্য রক্ষার্থে ৩৯ বছর পূর্বে আজকেরই দিনে প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী আত্মবলিদান দিয়েছিলেন। তাঁর এই আত্মবলিদান দেশের সমস্ত জাতি গোষ্ঠীকে দেশপ্রেমে অনুপ্রেরণা জুগিয়ে চলেছে। আজ প্রদেশ কংগ্রেস ভবনে প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রয়াণ দিবস উদযাপন অনুষ্ঠানে একথা বলেন প্রদেশ কংগ্রেস সভাপতি তথা প্রাক্তন বিধায়ক আশীষ কুমার সাহা।

সারা দেশের সাথে আজ যথাযোগ্য মর্যাদায় প্রদেশ কংগ্রেস ভবনে পালিত হচ্ছে দেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ৩৯তম প্রয়াণ দিবস। উল্লেখ, ১৯৮৪ সালের ৩১ অক্টোবর ব্যক্তিগত নিরাপত্তারক্ষীর গুলিতে নিহত হয়েছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী। এরই অঙ্গ হিসাবে প্রদেশ কংগ্রেস ভবনে প্রথমে জাতীয় পতাকা উত্তোলন করেন সভাপতি সহ প্রদেশ কংগ্রেস নেতৃত্বেরা। পরবর্তীতে ইন্দিরা গান্ধীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন দলীয় নেতৃত্বরা। তারপর ইন্দিরা গান্ধীর সমাধিস্থলে পুস্পস্তবক দিয়ে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন দলীয় নেতৃত্বরা।

এদিন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা বলেন, ভারতবর্ষের সংহতি ও ঐক্য রক্ষার্থে ৩৯ বছর পূর্বে আজকেরই দিনে প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী আত্মবলিদান দিয়েছিলেন। জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে দেশের প্রতিটি রাজ্যে এই দিনটিকে আত্মবলিদান দিবস হিসেবে পালন করার নির্দেশ দিয়েছে। পাশাপাশি বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিন বিধায়ক গোপাল চন্দ্র রায় বলেন, সারা দেশের সাথে রাজ্যেও আজকের দিনটিকে ইন্দিরা গান্ধীর ৩৯তম প্রয়াণ দিবস হিসেবে উদযাপন করছে। ইন্দিরা গান্ধী উন্নয়নের প্রতীক ছিলেন।

এদিন প্রদেশ মহিলা কংগ্রেস সভানেত্রী সর্বানী ঘোষ বলেন , ইন্দিরা গান্ধীর ৩৯তম প্রয়াণ দিবসে আগরতলা জিবি হাসপাতালের ব্লাড ব্যাংকে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে।

# কাপড় বোঝাই গাড়ি আটক সাব্রুমে

**নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ৩১ অক্টোবর।।** ফের কাস্টমসের হাতে আটক কাপড় বোঝাই গাড়ি। অভিযোগ জিএসটির বৈধ নথিপত্র দেখাতে না পারায় আটক করা হয়েছে গাড়িটিকে। ঘটনার বিবরণে প্রকাশ, মঙ্গলবার সকালে বিএসএফের জি ব্রাঞ্চের গোপন সংবাদের ভিত্তিতে বিএসএফ এবং কাস্টমসের যৌথ অভিযানে সাব্রুমের মনুবাজার থেকে আটক করা হয়েছে কাপড় বোঝাই ট্রান্সপোর্টের লরি। আগরতলা থেকে কাপড়গুলি নিয়ে যাওয়া হয়েছিল বলে জানা গেছে। কাপড়ের মালিক জানান তিনি বৈধ নথি দেখিয়েছেন। কিন্তু কাস্টমস থেকে বলা হয়েছে নোটিস গেলে নথি পেশ করার জন্য। এদিকে ট্রান্সপোর্টের মালিক জানান, সবসময় জিএসটি বিল দেওয়া হয় না। তবে জিএসটি ছাড়া কাপড় প্রায়শই পরিবহণ করেন বলে সাফ জানান তিনি। প্রশ্ন উঠছে সমস্ত নথি ছাড়া কিভাবে কাপড় আনা হয়? ট্রান্সপোর্ট সংস্থা কিভাবে বৈধ নথি ছাড়া কাপড় বহন করেন?দাবি উঠেছে পুরো ঘটনার সঠিক তদন্তের।

## রাজ্যভিত্তিক রাষ্ট্রীয় একতা দিবস

# সর্দার বল্লভভাই প্যাটেলের স্বপ ছিল অখণ্ড ও অবিচ্ছিন্ন ভারত ঃ কৃষি মন্ত্রী




**আগরতলা, ৩১ অক্টোবর।।** ভারতরত্ন সর্দার বল্লভভাই প্যাটেলের স্বপ ছিল এক ভারত, অখণ্ড ভারত ও অবিচ্ছিন্ন ভারত। তিনি ছিলেন অখণ্ড ও অবিচ্ছিন্ন ভারতের মূল কাণ্ডারী। দেশের সার্বভৌমত্ব ও ঐক্যের প্রতীক লৌহ মানব সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকীতে আজ সারাদেশে রাষ্ট্রীয় একতা দিবস পালিত হচ্ছে। তাঁর স্বপ্ন সফল করতে, শ্রেষ্ঠ ভারত গড়তে আমাদের সকলকে একসাথে মিলেমিশে কাজ করতে হবে। কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতন লাল নাথ আজ স্বামী বিবেকানন্দ ময়দানে রাজ্যভিত্তিক রাষ্ট্রীয় একতা দিবসের শপথগ্রহণ অনুষ্ঠানে উদ্বোধকের ভাষণে একথা বলেন। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এই শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করে। উদ্বোধকের ভাষণে ক'ষি ও ক'ষক কল্যাণ মন্ত্রী রতন লাল নাথ বলেন, সর্দার বল্লভভাই প্যাটেল ছিলেন স্বাধীন ভারতের প্রথম উপপ্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী। দেশের স্বাধীনতার পর তিনি ভারতীয় ঐক্য তথা ভারতীয় ফেডারেশন তৈরী করার জন্য দেশের অনেকগুলি ছোট ছোট রাজ্যকে ভারত ইউনিয়নের সাথে একত্রিত হতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। ২০১৮ সালে কেন্দ্রীয় সরকার গুজরাটে সর্দার প্যাটেলের সম্মানে স্ট্যাচু অব ইউনিটি গড়ে তুলে। যা বিশ্বের সবচেয়ে উঁচু মূর্তি। কৃষি মন্ত্রী বলেন, তাঁর আদর্শ, চিন্তাধারা ও দর্শনকে বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরতে কেন্দ্রীয় সরকার ২০১৪ সাল থেকে এই দিনটিকে রাষ্ট্রীয় একতা দিবস পালনের সূচনা করে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সর্দার বল্লভভাই প্যাটেলের পথ অনুসরণ করে এক ভারত শ্রেষ্ঠ ভারত গড়ার প্রচেষ্টা নিয়েছেন। আজ আমাদেরও এই লক্ষ্যে শপথ নিতে হবে। অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায় বলেন, সর্দার বল্লভভাই প্যাটেল ছোট ছোট দেশীয় রাজ্যগুলিকে ভারতের সাথে অন্তর্ভুক্ত করার জন্য অভাবনীয় ভূমিকা পালন করেছিলেন। দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষায় আজ আমাদের শপথ নিতে হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আত্মনির্ভর ভারত গড়ে তোলার স্বপকে বাস্তবায়িত করতে আমাদের সবাইকে একসাথে কাজ করতে হবে। স্বাগত বক্তব্যে তথ্য ও সংস্ক'তি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী রাষ্ট্রীয় একতা দিবস, মেরি মাটি মেরা দেশ ও ৭৫ সীমান্ত গ্রামের প্রেক্ষাপট সবিস্তারে তুলে ধরেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, বিধায়ক মিনারাণী সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্য, পর্যটন দপ্তরের সচিব উত্তর কুমার চাকমা, সচিব ড. দেবাশিস বসু, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, এডিজি অনুরাগ ধ্যানকর, এডিজি সৌরভ ত্রিপাঠি, আই জি এল দার্লং, পশ্চিম ত্রিপুরা জেলার পুলিস সুপার কিরণ কুমার কে, অলিম্পিয়ান দীপা কর্মকার, আগরতলার পুর নিগমের কর্পোরেটরগণ, তথ্য ও সংস্ক'তি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভ-াচার্য, যুববিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ প্রমুখ। অনুষ্ঠানে ক'ষি ও ক'ষক কল্যাণ মন্ত্রী রতন লাল নাথ রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে উপস্থিত সবাইকে শপথ বাক্য পাঠ করান। রাষ্ট্রীয় একতা ☞ ৬ এর পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।